ذالكم خير لكم
যা-লিকুম খাইরুল্ লাকুম
নামাজ
রোজা
হজ্ব
যাকাত
কলেমা
দাওয়াত
তালিম
তাযকিয়া
হুকূক
কেছাছ

# ذلكم خير لكم

## যা-লিকুম খাইরুল্ লাকুম

ইবনে মোস্তাক

# যা-লিকুম খাইরুল্ লাকুম
ইবনে মোস্তাক

প্রকাশকঃ ইবনে ইব্রাহীম।

প্রকাশনায়ঃ



প্রকাশকালঃ অক্টোবর ২০০২ ইং

মূল্যঃ ৫০/- (পঞ্চাশ টাকা মাত্র)

ZALIKUM KHAIRULLAKUM by- Evna Mostak.
Price: 50/- (Taka Fift / Only).

# অভিমত

বিস্‌মিল্লাহির রহমানির রহীম

পরম স্নেহভাজন বন্ধুবর, ইবনে মোস্তাক, আল্লাহর রাহে নিবেদিত প্রাণ, একজন সৎ চরিত্রবান ব্যক্তিত্ব এবং ইসলামী ইমারত কায়েমের নিষ্ঠাবান, তরুণ, মেধাবী, বীর সেনানী।

"যা-লিকুম খাইরুল্ লাকুম" বক্ষ্যমান পুস্তিকাটি তারই চিন্তা, শ্রমের ফসল। তিনি উক্ত পুস্তিকায় সশস্ত্র জিহাদ ও ক্বিতাল ফী-সাবিলিল্লাহর ফরযীয়্যত এবং আরো বিভিন্ন প্রাসঙ্গিক দিক সম্পর্কে কারও মনে উদয় হতে পারে এমন ৫০ টি প্রশ্নের উত্তর আল কোরআনের বিভিন্ন আয়াত থেকে অর্থ উদ্ধৃতি এবং খুবই যুক্তি সম্পন্ন দৃষ্টান্ত সহকারে, অতি সুন্দরভাবে সাবলীল ভাষায় উপস্থাপন করার চেষ্টা করেছেন।

বইখানী কলেবরে ক্ষুদ্র হলেও কিন্তু বিষয়বস্তুর প্রয়োজনীয়তার আলোকে অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ।

উক্ত পুস্তিকাটির পান্ডুলিপি আদ্যোপান্ত পাঠ করার সুযোগ এ অধমের হয়েছে। বিভিন্ন স্থানে সংশোধনপূর্বক প্রয়োজনীয় কিছু সু-পরামর্শও লিখককে দান করার চেষ্টা করেছি।

পুস্তিকাটির প্রতিটি বাক্যে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে বিষয়বস্তুর দিকে স্বচ্ছ ইংগিত, ব্যক্ত হয়েছে লিখকের জেহাদী জযবা, ঈমানী চেতনা। ইসলাম ধর্মের প্রচার-প্রসার ও দা'ওয়াতের মেহনত অত্যন্ত ফযীলতময় এবং অপরিসীম গুরুত্বপূর্ণ একটি উচ্চ ইবাদত ও উম্মতের মহান দায়িত্ব। যার বিশ্ব ব্যাপী অবদান অবশ্যই অনস্বীকার্য। এভাবে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব অর্জন ও রক্ষার্থে এবং জাতীর বিভিন্ন দাবী পূরণ ও পার্থিব কিছু অধিকার আদায়ে আন্দোলনের গুরুত্ব এবং আন্দোলনকারীদের অবদান অনস্বীকার্য। কিন্তু এগুলো একটিও পারিভাষিক সশস্ত্র ফরয জেহাদ ও ক্বিতাল ফী-সাবীলিল্লাহ নয়। অধিকন্তু সমাজতন্ত্র, গণতন্ত্র ইত্যাদী নিঃসন্দেহে কুফরী মতবাদ। আর কোন কুফরী মতবাদ ইসলাম প্রতিষ্ঠার মাধ্যম হতে পারে না। কারণ প্রতিটি কুফরী মতবাদ ও ইসলামের মধ্যে রয়েছে আক্বীদা, আদর্শ, উদ্দেশ্য ও পদ্ধতিগতভাবে আসমান-যমীনসম পার্থক্য/ বিরোধ বিদ্যমান। তাই কোন কুফরী মতবাদকে ইসলামীকরণ করার কোন সুযোগ ইসলামে নেই। আর রয়েছে সশস্ত্র জিহাদ ও প্রচলিত ইসলামী রাজনীতির মধ্যে বিরাট ব্যবধান। তাই এসব মতবাদের প্রতিষ্ঠা ইসলাম প্রতিষ্ঠা নহে।

আল্লাহর যমীনে ইসলামকে প্রতিষ্ঠা করার জন্য এবং বিশ্ব কুফরী ঐক্য শক্তি এবং তাগুত গুরু দাজ্জালকে খতম করার ব্যাপারে সশস্ত্র জিহাদের কথাই বলে গেছেন দয়ার নবী মুহাম্মদ(সঃ) আপন উম্মৎকে।

সশস্ত্র জিহাদ ইসলামের রক্ষা কবচ। যাহা ছেড়ে দিলে এই উম্মতের লাঞ্চনা, অনৈক্য, পরাধীনতা, নির্যাতন-নিপিড়ন, নির্বিচারে মুসলিম গণহত্যা এবং খোদাদ্রোহীদের প্রভূত্ব কায়েম সর্বত্র একচ্ছত্র আধিপত্য বিস্তার অনিবার্য। যার সত্যতার প্রমাণ স্বরূপ রয়েছে অসংখ্য আয়াত ও হাদীস এবং যুগে যুগে ঘটে যাওয়া উম্মতের করুণ ইতিহাস ও বর্তমান হতাশা পূর্ণ বিশ্বময় নাযুক পরিস্থিতি।

উক্ত পুস্তিকাটির মাধ্যমে আশা করি, যারা জেহাদ শব্দের অপব্যাখ্যা করে/জেহাদকে ফরয মনে করেনা এবং প্রকৃত জেহাদ ও ক্বিতালের মতো ঝুঁকিপূর্ণ গুরুদায়িত্বটির জন্য কোরআন-হাদীসে বর্ণিত বিশেষ ফযীলত সমূহ তাদের আন্দোলন/ধর্মপ্রচার ও দাওয়াতী কাজের জন্য নির্দ্ধিধায় ব্যবহার করে, তাদের ভুল ভাংবে। এভাবে মুসলিম বিশ্বে ইসলামী রাজনীতির জন্য পাগলপারা এবং জেহাদী জয্‌বার অধিকারী সরলমনা মুসলমানগণকে বিশেষতঃ তরুণ ছাত্র-শিক্ষক মাঠ কর্মীদেরকে যারা নিজেদের ইসলামী গণতন্ত্র/ ইসলামী সমাজতন্ত্র/ ইসলামী রাজতন্ত্র/ ইসলামী আন্দোলনকে অতি চতুরতার সহিত সরাসরী "ইসলামী জেহাদ" নাম দিয়ে কোরআন-হাদীসে বর্ণিত এবং রাসুলুল্লাহ(সাঃ) এর ১০ বৎসরের মাদানী জিন্দেগীতে দৃষ্টান্ত স্থাপন করে উম্মতের জন্য রেখে যাওয়া "সশস্ত্র জেহাদ" থেকে বিমূখ করে রেখেছে তাদের ভ্রান্তি/প্রতারণা থেকে জাতিকে সাবধান করার এবং ইসলামী রাজনীতি ও সশস্ত্র জেহাদের মধ্যে পার্থক্য বুঝার ব্যাপারে বইটি বড় পথ প্রদর্শকের ভুমিকা পালনে এবং আরো বিভিন্ন ভুল বুঝাবুঝি নিরসনে বড় সহায়ক হবে বলে মনে করি। ইনশাআল্লাহ্॥

আল্লাহ এই নবীন লিখকের উক্ত পুস্তিকাটিকে সর্বমহলে সমাদৃত এবং লেখকের মেহনতকে কবুল করুন এবং আরও বেশী করে দ্বীনের খেদমত করার তৌফিক নছীব করুন এবং আমাদের সকলকে সত্য উপলদ্ধি করে তাঁর রেযামন্দি হাছিল করার তৌফিক দান করুন। আমীন ॥

শুভেচ্ছান্তে
মোহতাজে দোআ
আবু উসামাহ

তারিখঃ
২৩-০৯-২০০২ ইং

# বাণী

বিস্‌মিল্লাহির্‌ রাহ্‌মানির রাহীম

আলহামদুলিল্লাহি ওয়াকাফা ওয়াছালামুন আলা ইবাদিহিল্লাজি নাস্তফা।

বর্তমান বিশ্বের অধিকাংশ মুসলমান আলেম হোক বা আওয়াম; মনে করছেন যে, এই আধুনিক যুগে নবী (দঃ) এর প্রদর্শিত জিহাদী পদ্ধতিতে ইসলামী ইমারত কায়েম করা আদৌ সম্ভব নয়- বিশেষ করে এই বাংলাদেশে। যদিও তারা আফগানিস্তানের ইসলামী ইমারত কায়েম হওয়ার প্রত্যক্ষ সাক্ষ্য প্রদান করেন; তারপরেও বলেন যে, এটা আফগানিস্তান নয়- এটা হচ্ছে বাংলাদেশ। যার তিন পার্শ্বে ভারত ও এক পার্শে বঙ্গোপসাগর। তাই এ দেশে এই মুহুর্তে এই পরিবেশে আফগানিস্তানের ন্যায় নবীর প্রদর্শিত জিহাদের মাধ্যমে ইসলামী ইমারত কায়েম করা সমাজ ও পরিবেশের পরিপন্থী। এ ধরণের কথার দ্বারা কি এ কথা বুঝানো হচ্ছে না যে, ১৪ শত বৎসর পূর্বে অবতীর্ণ কোরআন এই নিউ মডেল যুগের জন্য প্রযোজ্য নয়। আর যারা এই ধরণের কথা বলে বা এরকম ধারনা পোষণ করে তাদের কি ঈমান চলে যায় না? মক্কার অধিবাসীরা এই ধরণের কথা বলে তো কাফের হয়েছিল অথচ আমরা এই দিকে একটুও লক্ষ্য করিনা। এর দ্বারা যে আমরা নিজের অজান্তে ঈমান হারা হয়ে ঘুরপাক খাচ্ছি তা টেরও পাচ্ছি না। তাই ঈমানহারা না হয়ে নবীর প্রদর্শিত জিহাদের মাধ্যমে এই নিউ মডেল যুগেও ইসলামী ইমারত প্রতিষ্ঠা করা যে সম্ভব ও যুক্তি সঙ্গত এবং তার বাস্তব প্রমাণ আফগানিস্তানের ইসলামী ইমারতের উদ্ধৃতি দিয়ে ও কোরআনে কারিমের কাছে ৫০টিরও অধিক প্রশ্ন করে এবং তারই পক্ষ থেকে এর উত্তর দিয়ে ও গণতন্ত্রের গোমর ও ভ্রষ্টতা প্রমাণ করে সত্যিকার জিহাদ সন্ধানীদের সঠিক পথের নির্দেশ করে "যা-লিকুম খাইরুল লাকুম" নামে যে পুস্তিকাটি রচনা করেছেন ভাই ইবনে মোস্তাক, তা দেখে অত্যন্ত খুশি ও আনন্দিত হয়েছি এবং আশ্চার্যান্বিতও হয়েছি। এ জন্য যে, যে মুহুর্তে বিজ্ঞ উলামায়ে কেরামগণ পর্যন্ত হিমশিম খাচ্ছেন কোরআন ও হাদিসের আলোকে নবীর প্রদর্শিত জিহাদের মাধ্যমে ইসলামী ইমারত প্রতিষ্ঠার সম্ভাবনা প্রমাণ করতে। সেই মুহুর্তে একজন কলেজ পড়ুয়া ছাত্র

কোরআন ও ছহীহ্ হাদিসের আলোকে প্রমাণ করতে দেখলাম যে, নবীর প্রদর্শিত জিহাদের মাধ্যমে এই আধুনিক যুগে ও ইসলামী ইমারত প্রতিষ্ঠা করা সম্ভব এবং তার কোন বিকল্পও নেই। এই ক্ষেত্রে আলেমরাও প্রশ্ন করেন যে এ যুগে কাফেরদের সাথে যুদ্ধ করা আমাদের জন্য আত্মহত্যার নামান্তর এবং যুক্তি হিসাবে পেশ করেন এখন নবী নেই, তাই আল্লাহর সাহায্যও আসবে না। এ ধরণের খোঁড়া যুক্তি নিয়ে যখন আমরা জিহাদের মাধ্যমে দ্বীন কায়েম না হওয়া প্রমাণ করছি, তখন "ওয়া আছতাব্দিল্ কাওমান গাইরাকুম" এর সত্যতা প্রমাণ করে আল্লাহ একজন কলেজ পড়ুয়া ছাত্রকে দাঁড় করিয়ে দিয়েছেন, তা প্রমাণ করতে, অথচ এটা তার কাজ ছিলনা। আর আমরা যে আলেম নামে জিহালতের স্বর্গে বাস করছি তার প্রমাণ স্বরূপ বলতে বাধ্য হচ্ছি যে, যখন উলামায়ে কেরামকে জিজ্ঞাসা করা হয় যে, আমরা ইসলামী রাষ্ট্রে বাস করি না অনৈসলামিক রাষ্ট্রে বাস করি? তখন কেউ হুতুমপেঁচার ন্যায় চুপ করে থাকি আর কেউ বলি ইসলামী রাষ্ট্রে বাস করি। এ হচ্ছে আমাদের দেশের উলামায়ে কেরামদের অবস্থা। পক্ষান্তরে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরকে যদি জিজ্ঞাসা করা হয়, তখন তারা বলে আমরা অনৈসলামিক রাষ্ট্রে বাস করি। আমি এই প্রসঙ্গে বলব, আমরা উলামায়ে কেরামরা যখন বলছিনা অনৈসলামিক রাষ্ট্রে বাস করি এবং দলিল স্বরূপ যদিও বলছি যে অমুক ইসলামী গবেষণা বিভাগ থেকে প্রকাশিত "আল জাওয়াহিরুল আশরা" নামক কিতাবে বলা হয়েছে যে, বাংলাদেশ ইসলামী রাষ্ট্র। অথচ জাতিসংঘ নামক কুফরী সংস্থার পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে যে বাংলাদেশ অনৈসলামিক রাষ্ট্রের মডেল। তাই জাগতিক শিক্ষিতদের মুখ থেকে আল্লাহ পাক বাস্তব ও সত্যটা প্রকাশ করিয়ে আমাদেরকে উপদেশ গ্রহণের নির্দেশ দিচ্ছেন।

এ প্রসঙ্গে জিহাদ বিষয়ে অনেক কথাই রয়েছে, আল্লাহ তায়ালার কাছে এই পুস্তিকার মাধ্যমে জিহাদের ব্যাপারে আমাদের সংশয় নিরসন এবং আবশ্যকতা অনুধাবন করার তাওফিক্ব দান ও বইটির বহুল প্রচার কামনা করে এখানেই শেষ করছি।

ইতি

**ইবনে আলী**

# প্রসঙ্গ কথা

মুসলমান মাত্রই স্বীকার করে যে, মানবতার মুক্তি একমাত্র ইসলামের অনুসরণের মধ্যে নিহিত। ইসলাম ব্যতীত দুনিয়ার সকল পথ ও মতের চূড়ান্ত গন্তব্য জাহান্নাম।

উপরোক্ত কথাটি যেমন সত্য, তেমনি একথাটিও সত্য যে, মুসলমান হতে হলে ঈমানের দাবী সমুহের যথাযথ অনুশীলনও অপরিহার্য। এছাড়া মুসলমান হওয়ার দ্বিতীয় কোন পথ নেই। এছাড়া কারও মুমিন হওয়ার দাবির অসারতা কুরআন দ্বারা প্রমাণিত। কুরআনের শুরুতে আল্লাহ্ তা'আলা একথাটিই বলেছেন,

﴿ومن الناس من يقول آمنابالله وباليوم الآخر وماهم بمؤمنين﴾

"কিছু মানুষ বলে বেড়ায় য আমরা আল্লাহ্ ও পরকালের উপর ঈমান এনেছি। বস্তুতঃ তারা আদৌ মু'মিন নয়।" [সূরা-বাক্বারাহঃ ৮]

এ সূরার ১৩৭ নম্বর আয়াতে কারা মু'মিন তাও আল্লাহ্ তা'য়ালা বলে দিয়েছেন যে,

﴿فان آمنوا بمثل آمنتم به فقداهتدوا﴾

"যদি তারা তোমাদের ঈমানের মত ঈমান আনে, তাহলে তারা সৎ পথ প্রাপ্ত"।

এ আয়াতে 'তোমাদের' দ্বারা যে সাহাবায়ে কেরামদেরকেই উদ্দেশ্য করা হয়েছে, তাতে কারো দ্বিমত নেই। এখন আমাদের ভাবতে হবে, সাহাবায়ে কেরামের ঈমান সম্পর্কে। তাদের ঈমান কেমন ছিল, তা তাঁদের ইতিহাস পাঠক মাত্রই জানেন। সাথে সাথে কুরআন মজীদের বিভিন্ন আয়াতেও তাঁদের ঈমান নিয়ে আলোচনা করা হয়েছে। তন্মধ্যে সূরা ফাত্হের সর্বশেষ আয়াতে যা বলা হয়েছে, তা সকল মু'মিনের জানা থাকা আবশ্যক। ইশরাদ হচ্ছেঃ

﴿محمد رسول الله والذين معه أشداء على الكفار رحماء بينهم تراهم ركعا سجدا يبتغون فضلا من الله ورضوانا سيماهم فى وجوههم من أثر السجود﴾

"মুহাম্মদ আল্লাহ্র রাসূল। আর তার সাথে যারা রয়েছে, তারা কাফিরদের প্রতি কঠোর, নিজেদের মধ্যে পরস্পরে সহানুভূতিশীল। আপনি তাদেরকে আল্লাহর সন্তুষ্টি কামনায় রুকু ও সিজাদারত অবস্থায় দেখবেন। তাদের মুখমন্ডলে রয়েছে সিজদার চিহ্ন।"

এ আয়াতে সাহাবায়ে কেরামের তিনটি গুণের উল্লেখ করা হয়েছে। তম্মধ্যে প্রথমটি দ্বারা ঈমানদার আর কাফিরের সম্পর্ক কী ধরণের হবে তা বুঝা যায়। দ্বিতীয়টি দ্বারা মু'মিনের সাথে মু'মিনের সর্ম্পক কি রকম হবে তা বুঝা যায়। তৃতীয়টি দ্বারা মু'মিন কিভাবে আল্লাহর ইবাদত করে তা বুঝা যায়। আর একজন মানুষ সত্যিকারের মু'মিন হওয়ার জন্য যে এ তিনটি গুণ তার মধ্যে থাকা আবশ্যক, তা সূরা বাকারার ১৩৭ নম্বর আয়াত দ্বারা স্পষ্ট বুঝা যায়।

সুতরাং বুঝা যাচ্ছে, শুধু কাফেরদের বিরুদ্ধে প্রচন্ড লড়াকু হলে যেমন সত্যিকারের মু'মিন হওয়া সম্ভব নয়, তেমনি শুধু নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল হলেও সত্যিকারের মু'মিন হওয়া সম্ভব নয়।

অনুরূপ শুধু একজন নিষ্ঠাবান বড় ইবাদতগুযার হলেও সত্যিকারের মু'মিন হওয়া সম্ভব নয়। সত্যিকারের মু'মিন হওয়ার জন্য তিনটি গুণ এক সাথে পাওয়া যেতে হবে। ত্রিশ পারা

কুরআন ও হাদীসের বিশাল ভান্ডারে এ তিনটি গুণেরই উল্লেখ-আলোচনা, ব্যাখ্যা-বিশ্লেষণ এবং প্রতিদান-পরিণামের কথা বলা হয়েছে।

বর্তমান পৃথিবীতে এ তিনটি গুণ সম্পন্ন যে সকল মানুষ রয়েছে তারাই সত্যিকারের মু'মিন, নাজাত প্রাপ্ত দল ও আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ। তারা ব্যতীত পৃথিবীর সকল লোক পথভ্রষ্ট, আত্মপ্রবঞ্চক ও জাহান্নামের ইন্ধন।

যে সকল লোকের মধ্যে সাহাবায়ে কেরামের এই তিনটি গুণ স্থান পেয়েছে, তাদের সংখ্যা আমাদের দেশে এমনকি গোটা পৃথিবীতে কতজন রয়েছে, সে সম্পর্কে তারাই অনুমান করে কিছু বলতে পারে, যাদের মধ্যে এ তিনটি গুণ পূর্ণাঙ্গ রূপে বিদ্যমান।

মু'মিন হওয়ার জন্য পরিপূর্ণ কুরআন বুঝা ও মানা উভয়টা আবশ্যক। আমার মনে হয়, মুহাম্মদ(সাঃ) এর আগমনের পূর্বে ইহুদীরা তাওরাত যতটুকু বুঝত ও মানত, বর্তমানে আমাদের দেশের আলেম, ইসলামী চিন্তাবিদ ও রাজনীতিক নামধারী কুপমন্ডুকরা ততটুকুও বুঝেনা কিংবা মানেনা। সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবীর আগমন পৃথিবীতে না ঘটলে পৃথিবী এসব অসৎ কুপমন্ডুকদের বিচরণ থেকে অনেক আগেই নিস্কৃতি পেয়ে যেত। এদের প্রবল আধিক্য দেখে সত্যিকারের মু'মিনদের হৃদয় কেবল রাসূলুল্লাহ(সাঃ)'র সে হাদীস দৃষ্টে প্রশান্তি লাভ করতে পারে, যাতে তিনি বলেছেন-

بدألاسلام غريبا وسيعود كمابدأ فطوبى للغرباء

"ইসলাম (মক্কায়) যাত্রা শুরু করেছে গুরুত্বহীন অবস্থায়। আর শিঘ্রই তা যে অবস্থায় যাত্রা শুরু করেছিল, সে অবস্থায় ফিরে আসবে।" [মুসলিম]

ঈমান ও ইসলামের চরম দুর্ভিক্ষের এ যুগে যে সকল তরুণ যুবক জান্নাত প্রাপ্তি ও আল্লাহর সন্তুষ্টি লাভে ঈমানের কন্টকাকীর্ণ পথে দৃঢ়পদ থাকতে বদ্ধপরিকর, আমার ধারণায় 'যালিকমু খাইরুল লাকুম' গ্রন্থের লেখক তাদেরই একজন। যে বয়সে সাধারণত যুবকগণ ক্রীড়া-কৌতুক ও দুনিয়ার সৌন্দর্যের পিছনে ধাবমান থাকে, সে বয়সে এ যুবকের আল্লাহ ও মানুষের অধিকার প্রতিষ্ঠার মৃত্যুঘেরা এক কন্টকাকীর্ণ পথের দিকে আহবান জানানো নিঃসন্দেহে তাঁর ঈমানের সত্যতার বহিঃপ্রকাশ।

কুরআন, সুন্নাহ, ইতিহাস ও বাস্তবতার আলোকে লেখক তাঁর বইতে মূলতঃ 'ইসলাম' প্রতিষ্ঠার সে স্বচ্ছ পথের দিকেই ইসলামের বিজয় কামনাকারীদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন, যে পথে ইসলামের বিজয়ের জন্য চেষ্টা করে গেছেন রাসুল(সাঃ) ও তাঁর সাহাবীগণ এবং যে পথ স্বাভাবিকত সুবিধাবাদ ও স্বার্থচর্চার নোংরা খেলা থেকে মুক্ত থাকে।

লেখকের লেখায় নবীনত্ব ও অপরিপক্কতার ছাপ সুস্পষ্ট। কিন্তু সত্যের পথের সচেতন সন্ধানীদের চোখ ঐ দিকে না গিয়ে বইয়ের বিষয়বস্তুর দিকেই নিবদ্ধ হবে- এটাই স্বাভাবিক।

আল্লাহ তা'য়ালা লেখকের জ্ঞানকে আরো দৃঢ় ও তার পরিধিকে আরও প্রশস্ত এবং তার বাস্তবায়নে তাকে আরো সাহসী ও চক্ষুষ্মান করুক।

*আবুল হুসাইন*

০৬.১০.২০০২ ইং

E-mail: al-nafeer@yahoo.com

# হৃদয়ের আহবান

সকল প্রশংসা সেই মহান রব্বে-ক্বায়েনাতের প্রতি, যিনি আমাদের উপর সশস্ত্র জিহাদকে ফরজ করেছেন। অজস্র-ধারার প্রাণঢালা দরুদ শরীফ সেই মহান নবী কমান্ডার সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি, যিনি সশস্ত্র জিহাদের মাধ্যমে ইসলামী ইমারত ক্বায়েম করে- ইসলামী খেলাফত প্রতিষ্ঠার বাস্তব কর্মসূচী প্রদান করেছেন, আপন উম্মতকে।

ঐ সশস্ত্র জিহাদ সম্পর্কে কোরআনকে পঞ্চাশটি প্রশ্ন করে যখন সরাসরি উত্তর পেয়ে গেলাম, তা'ই লিপিবদ্ধ করে মাদ্রসা-স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমীপে পুস্তকাকারে দাওয়াত হিসেবে পেশ করলাম।

কোরআনকে প্রশ্ন করে জবাব নিয়ে বইটির নাম "কোরানের জবাব" দেওয়াটাই সহজে বুঝে আসে। কিন্তু পেশাদার লেখক না হওয়ায় রীতিমত এক বিরাট ভাবনায় পড়ে গেলাম। এই ভাবনা নিয়ে ঘুমিয়ে পড়লাম পরে কে যেন এসে বলল, লিখ!

ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ

"এটি তোমাদের জন্য অতি উত্তম যদি তোমরা বুঝতে পার।"
ঘুম হতে জাগার পর ভুলে গেলাম সে আয়াতটি। তাই কোরআন খুলে খুঁজতে লাগলাম। অমনিতেই এই আয়াতটি আমার দৃষ্টি আকর্ষণ করল- সাথে মন বলল এই সেই আয়াত যা আমাকে স্বপ্নে বলা হল, জানি না কে সে জন! বইয়ের প্রতিটি পাতা জুড়ে আছে আয়াতের প্রতিচ্ছবি। প্রচ্ছদচিত্রে আছে বইয়ের প্রতিচ্ছবি। সচেতন পাঠকবৃন্দ বলুনতো, প্রচ্ছদ চিত্রটি কি বলে?

পুস্তিকার সর্বশেষ অধ্যায়ে সংযুক্ত করলাম- তথাকথিত গণতন্ত্রের উম্মুচিত মুখোশ, যার ঘুম পাড়ানো তাবিজে ইসলামী আন্দোলনের বহু নেতা -কর্মীও নিশাগ্রস্ত হয়ে সরল রাস্তা ছেড়ে যেন বিলপাতাড়ি দৌঁড়তেছেন ইসলামের রাজপ্রতিষ্ঠায়। আদৌ কি সম্ভব!!! ছহি বুঝ নিয়ে এখলাসের সহিত বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম' র বাস্তব কর্মসূচি যারাই অনুসরণ করবে বিজয় তাদেরই জন্য অপেক্ষমান।

পাঠকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে বলছি- ভুলবেন না যে, এই লেখাটি ছিল আফগানিস্তানে তালেবান শাসনামলে আর বাংলাদেশে আওয়ামী শাসনামলে।

# অবতরনিকা

১। জিহাদের হুকুম কি? ২। সবার উপর কি একই হুকুম? ৩। জিহাদ ফরজ করাতে আল্লাহর উদ্দেশ্য কি? ৪। কেন আমরা জিহাদ করব? ৫। কাদের জন্য জিহাদ করব?। ৬। প্রস্তুতির প্রয়োজন আছে কি? ৭। কার সঙ্গে জিহাদ করব? ৮। কিভাবে জিহাদ করব? ৯। সঙ্গে কেউ না আসলে আমি একা কি করব? ১০। উৎসাহিত করার পরও যদি না আসে তখন কি জিহাদ থেকে বিরত থাকব? ১১। সংখ্যায় কম হলে বিরত থাকব না কি দৃঢ়পদ থাকব? ১২। কিভাবে দঢ়পদ থাকব? ১৩। যুদ্ধাস্ত্র কম থাকলেও কি জিহাদ করব? ১৪। আল্লাহ্ তা'আলা কি সাহায্য করবেন? ১৫। ফেরেস্তারাও কি আমাদের সহযোদ্ধা হবে? ১৬। পেয়ে যাওয়া ধন-সম্পদ কিভাবে ব্যবহার করব? ১৭। সমস্ত গনীমত কি শুধু কমান্ডার সাহেব নিয়ে নেবেন? ১৮। বন্ধিদেরকে কি করব? ১৯। কাফেররা কি আসলেই সংঘবদ্ধ শক্তি? ২০। কেউ যদি ভয়ে ময়দানে জিহাদ থেকে পালিয়ে যায়? ২১। অল্প সংখ্যক মুজাহিদ অধিক সংখ্যক কাফেরের উপর ঝাপিয়ে পড়ে কোন্ সাহসে? ২২। মহানবী (সঃ) ও কি স্বয়ং জিহাদ করেছেন? ২৩। পূর্ববর্তী নবীগণও কি জিহাদ করেছেন? ২৪। সাহাবায়েকেরামের প্রতি আল্লাহর সন্তুষ্টি -কখন-কোথায় ঘোষণা করা হয়? ২৫। আমার শাহাদাতের পর পূর্ববর্তী গুনাহ সমূহ কি ক্ষমা করা হবে? ২৬। আমি শহীদ হলে বেহেস্তে যাওয়ার নিশ্চয়তা কি? ২৭। এমন কোন ব্যবসা আছে কি যা জাহান্নামের কঠিন শাস্তি হতে মুক্তি দেয়? ২৮। এই মুক্তির নিশ্চয়তা কতটুকু? ২৯। আমরা নিহত হলে কি মৃত বলবে কেউ? ৩০। আমরা জিহাদ না করলে কি জিহাদ বন্ধ হয়ে যাবে? ৩১। কোন্ বৈশিষ্টের সে জাতি? ৩২। দেশ ফতেহ্ করার পর মুজাহিদরা কি করবে? ৩৩। কি দিয়ে ইন্সাফ প্রতিষ্ঠা করব? ৩৪। ময়দানে জিহাদে কিভাবে নামাজ পড়ব? ৩৫। কেন আমরা শ্রেষ্ঠ উম্মত? ৩৬। জিহাদ না করলে কি আল্লাহ শাস্তি দেবেন? ৩৭। অবনতির মূল কারণ কি? ৩৮। পরিবার পরিজনের দোহায় দিয়ে বাহানা কি গ্রহণ যোগ্য? ৩৯। আখেরাতের পথের পথিকের কর্তব্য কি? ৪০। কারা মুনাফিক? ৪১। কতদিন জিহাদ করতে হবে? ৪২। মুজাহিদগণ প্রচলিত গণতন্ত্রের বিশ্বাসী নয় কেন? ৪৩। মুজাহিদগণ যাকাত গ্রহণ করতে পারবে কি? ৪৪। রাজপথে শোরগোল করা কি জিহাদ? ৪৫। কেমন সেই জিহাদের বায়আত? ৪৬। জিহাদ করে লাভ কি? ৪৭। আল্লাহর কাছে কার মর্যাদা কত? ৪৮। হাশরের ময়দানে জিহাদ সম্পর্কে জিজ্ঞাসিত হব কি? ৪৯। গেরীলা যুদ্ধ করা কি জায়েয? ৫০। কোন্ সেই মহাব্বত? ৫১। আল্লাহর রাহে নিবেদিত প্রাণ এক যুবক।

# যা-লিকুম খাইরুল্ লাকুম

بسم الله الرحمٰن الرحيم

মানুষ "জামেউল খালায়েক" অর্থাৎ পৃথিবীর সমুদয় সৃষ্টির নমুনার সমন্বয়কারী আর সৃষ্টির কর্তব্য হচ্ছে স্রষ্টার এবাদত করা। তাই মানুষের কর্তব্য হচ্ছে আল্লাহর এবাদত করা।

আবার মানুষের মধ্যে আল্লাহর কামালাতের নমুনাও আছে, একত্ববাদের নমুনা আছে, নিরাকারত্বের নমুনা আছে, স্বর্বত্র বিরাজমানত্বের নমুনাও আছে। আল্লাহ জ্ঞানী মানুষকেও জ্ঞান দান করেছেন, তিনি হাকীম মানুষকেও হেকমত বিজ্ঞান দান করেছেন। তিনি আবিস্কারক মানুষকেও আবিস্কারের ক্ষমতা দিয়েছেন। আল্লাহর কারিগরীর যত নমুনা আছে সব মানুষের মধ্যে বিদ্যামান। কিন্তু আল্লাহর কাজ এটা নয় যে, তিনি এবাদত করবেন বা কারো কাছে নতশির হবেন, বরং তাঁর নামই হচ্ছে সর্বশ্রেষ্ট, তিনি সবার উর্ধ্বে, তাঁর উর্ধ্বে আর কেউ নেই। মানুষের মধ্যে আল্লাহর কামালাতের যত নমুনা আছে, ওসবের সারমর্ম হচ্ছে এই যে, মানুষ যেহেতু সৃষ্টির শ্রেষ্ঠ, তাই সে তার শ্রেষ্ঠত্ব তুলে ধরবে, আল্লাহর প্রতিনিধি হবে আর সৃষ্টির উপরে আল্লাহর আইন প্রতিষ্ঠিত করবে। সঙ্গে সঙ্গেই সৃষ্টির ফরয হবে মানুষকে মেনে চলা, মানুষের অধীনে থেকে নিজেকে ধন্য করা।

সুতরাং সৃষ্টির সমন্বয়কারী হিসেবে মানুষের কর্তব্য হচ্ছে নিজের সৃষ্টিকর্তার কাছে নতশির হওয়া। আর স্রষ্টার কামালাতের নমুনার সমন্বকারী হিসেবে তার দায়িত্ব হল সমুদয় সৃষ্টিকে তার কাছে নতশির করে দেওয়া। মানে, সে ঘোষণা করবে-হে সৃষ্টি আমি তোমাদের উপর রাজত্ব করব, তোমরা আমার সামনে নতশির হও। এমনি করে মানুষের দু'টি দায়িত্ব প্রমাণিত হয়। একটি সৃষ্টির নমুনার সমন্বয়কারী হিসেবে "এবাদত" আর একটি স্রষ্টার কামালাতের নমুনার সমন্বয়কারী হিসেবে "খেলাফত"।

এককথায় মানব সৃষ্টির দু'টি উদ্দেশ্য আছে, একটি "এবাদত" অপরটি "খেলাফত"। এবাদতের বেলায় নিজেকে স্রষ্টার কাছে নতশির হতে হয় আর খেলাফতের বেলায় সৃষ্টির শৃংখলা, শান্তি, নিয়মানুবর্তিতা প্রতিষ্ঠার জন্য আল্লাহর আইন-কানুন প্রয়োগ করতে হয়। সংসার ত্যাগী হয়ে নির্জনে কেবল এবাদত করলে চলবে না, বরং তাকে সৃষ্টি জগতের উপর ন্যায় বিচার এবং শৃংখলা প্রতিষ্ঠিত করতে হবে, এটা তারই দায়িত্ব। একদিকে যেমন বলা হয়েছে।

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْس اِلَّالِيَعْبُدُوْن (আয্‌যারিয়াত - ৫৬

আমি জ্বিন ও মানবকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে, তারা আমার এবাদত করবে। অপরদিকে হযরত আদম (আঃ) সম্পর্কে বলেছেন,

إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً (বাক্বারা-৩০)

হে আদম! দুনিয়াতে আমি তোমাকে আমার প্রতিনিধি করে পাঠাচ্ছি। তুমি সেখানে গিয়ে আমার হুকুম মত কাজ কর। ক্ষেতে খামারে উৎপাদন কর, বাগান কর, নহর খনন করে সেচ ব্যবস্থা কর, নগর বন্দর আবাদ কর, ন্যায় বিচার সুপ্রতিষ্ঠিত কর, সৃষ্টিকে শৃংখলাবদ্ধ কর ইত্যাদি। রাসুলুল্লাহ (সাঃ) এর শান এই ছিল-

كَانَ يَذْكُرُ اللّٰهَ عَلٰى كُلِّ اَحْيَانٍ

তিনি সর্বক্ষণ আল্লাহর যিকিরে মশগুল থাকতেন, কোন একটি মুহূর্ত ও তাঁর আল্লাহর যিকির ছাড়া খালি ছিলনা। সর্বদা নামায, রুকু সেজদা, তাসবীহ-তাহলীল এবং অপরাপর যিকিরে মশুগুল থাকতেন। যেখানে তিনি সর্বক্ষণ আল্লাহর যিকির করতেন, সেখানে এটাও ছিল যে, তিনি মসজিদে নববীতে বসেই বিভিন্ন মোকাদ্দমার বিচার করেছেন, বিভিন্ন জিহাদে সৈন্য প্রেরণ করেছেন, জেহাদ হচ্ছে, দেশ জয় হচ্ছে এবং আরও কত কিছু হচ্ছে। একদিকে আল্লাহর প্রতিনিধি হয়ে সৃষ্টির শৃংখলা স্থাপন করেছেন, অন্যদিকে আবেদ হয়ে এবাদতের শৃংখলা প্রতিষ্ঠা করেছেন। মুখ্য উদ্দেশ্য হচ্ছে এবাদত। কিন্তু এবাদতের সাথে হুকুমতের প্রয়োজন এজন্য যে সেই শৃংখলা আর নিয়মানুবর্তীতা প্রতিষ্ঠিত না হলে এবাদতের কারখানা বন্ধ হয়ে যাবে। কেউ নামায পড়বে আর কেউ পড়বে না, কেউ এখন পড়বে কেউ তখন পড়বে, কেউ রোযা রাখবে আর কেউ রাখবেনা, পানাহার করবে। এভাবে একটা বিশৃংখলা দেখা দেবে। তাই আল্লাহপাক খেলাফত দান করেছেন, যাতে করে সমস্ত মানুষকে একই নিয়মে পরিচালনা করা হয়।

দুর্ভাগ্য সেই খেলাফত আজকে ছিনিয়ে নিয়েছে মুসলমানদের হাত থেকে বিজাতীরা। হযরত ওমর (রাঃ)-এর শাসনকালে পৃথিবীর ২, ২১, ৫১, ০৩০ বর্গ কিলো মিঃ এলাকায় আল্লাহর আইন চালু ছিল। বিশ্বময় শান্তির হিমেল হাওয়া বই ছিল। সকল জাতি নিরাপদ জীবন যাপন করেছিল।

তাইতো মহানবী হযরত মুহাম্মদ মোস্তফা (সাঃ) (তাঁর প্রতি আমার মাতা-পিতা কুরবান হোক) সম্পর্কে হিন্দুদের বিশিষ্ট ধর্মগ্রন্থ “ভবিষ্যৎ পুরাণ”-এ বলা হয়েছে- “নমস্তে গিরিজানাথ মরু স্থল নিবাসিনে ত্রিপুরা সুর নাশায় বহু মারা প্রবর্তিনে”।

অর্থাৎ ঃ ‘হে আরবের প্রভু, জে জগদগুরু, তোমার প্রতি আমার স্তুতিবাদ। তুমি জগতের সমুদয় কলুষ নাশ করিবার বহু উপায় জান, তোমাকে নমস্কার।

হে পবিত্র পুরুষ আমি তোমার দাস। আমাকে তোমার চরণতলে স্থান দাও।'

হায়! কোথায় সেই ইসলামী জগত। খোদ রাসুলুল্লাহর পাক ভূমি থেকে কোরানের বিধান বিদায় হয়ে গেছে। আজ সেখানে এমেরিকার এজেন্টরাই হুকুমত পরিচালনা করছে, পবিত্র ভূমিকে অপবিত্র করে দিচ্ছে। এর জন্য আমরাই অপরাধী। কেননা, ইসলাম বিরোধী শক্তির নেতৃত্ব ও আধিপত্য প্রতিষ্ঠিত হলে সেখানে পাপ কর্ম বৃদ্ধি পাবে স্বাভাবিকভাবেই, আর ইসলামের নেতৃত্ব প্রতিষ্ঠিত হলেই সৎকর্ম বৃদ্ধি পাবে অবশ্যই।

ঐ খেলাফত পূণঃ প্রতিষ্ঠিত করার জন্য কি কর্মসূচী নিতে হবে তা নিয়ে আলোচনা করা যাক ঃ

আল্লাহর খলিফার খেলাফত স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে থেকেই অনেক প্রকার শাসন চলে আসছে। কিন্তু আজ পর্যন্ত কেউ সকল সমস্যার সমাধান দিতে সক্ষম হয়নি। একমাত্র নবীউস্‌সাইফ (সাঃ) ই ঐশী আইনের মাধ্যমে সকল সমস্যার সমাধান দিয়েছিলেন।

পৃথিবীতে সর্বপ্রথম মনগড়া মতবাদের উপর শাসনকার্য পরিচালনা করে ইবলিস। তার পরিচালিত শাসনের মূলনীতি ছিল নয়টি, তা হলো ঃ (১) আল্লাহর আইনের মোকাবিলায় নিজের আইন প্রতিষ্ঠা করা।

(২। নিজকে আইনের উৎস হিসেবে ঘোষণা করা।

(৩) নিজকে সবার চেয়ে বড় মনে করা।

(৪) মুসলমানদের বিরোধিতায় কাফেরদের সহায়তা করা।

(৫) শরীয়তের মোকাবিলায় নিজের বুদ্ধির প্রাধান্য দিয়ে জাতীয়তা, বংশ ও বর্ণ পূজার আহবান করা।

(৬) ধোঁকা দেয়া, নেতৃত্বের লিপ্সা জাগ্রত করা এবং মিথ্যাকে সত্যের আবরণে উপস্থাপিত করা।

(৭) মানবতাকে ধ্বংস করে দেয়া।

(৮) সিরাতে মুস্তাকীম হতে জনগণকে ফিরিয়ে আনা এবং দ্বীনের ধ্বংস সাধন করা।

(৯) পর্দাহীনতা ও নগ্নতার প্রচার করা। এই একই সূত্র ধরে নিম্নলিখিত অপরাপর শাসন সমূহ চলে আসছিল এবং তার কিছু কিছু এখনো বর্তমান।

**<u>রাজা-বাদশাহর শাসন ঃ</u>** এর মূলনীতি হচ্ছে ঃ (১) নিজকে সার্বভৌমত্বের মালিক ও আইনের উৎস মনে করা।

(২) জনগণকে গোলাম মনে করা।

(৩) পুঁজি ও সম্পদকে আভিজাত্যের মাপকাঠি মনে করা।

(৪) রাজনৈতিক হত্যা সংঘটিত করা এবং জোরপূর্বক শ্রম আদায় করা।

(৫) বিশেষ বিশেষ ব্যক্তিকে রাজনৈতিক ঘুষ দিয়ে বিবেক ক্রয় করা।

(৬) যুক্তির জবাব কঠোরতা দিয়ে দেয়া।

(৭) নিজের সন্তানকে ক্ষমতার উত্তরাধিকারী করা।

(৮) নিজের ইচ্ছা পূরনের জন্য জনগনকে বাধ্য করা।

(৯) ক্ষমতার মসনদকে টিকিয়ে রাখার জন্য ধর্মীয় শক্তির সহায়তা নেয়া।

**জনগণের শাসন ঃ** এর মূলনীতি হল ৬টি, যেমন ঃ (১) জনগণের সার্বভৌমত্ব (২) পুঁজিবাদ (৩) ধর্ম নিরপেক্ষতাবাদ (৪) জাতীয়তাবাদ (৫) উদারবাদ (৬) বহু দলীয় পদ্ধতি।

**বঞ্চিতদের শাসন ঃ** এর মূলনীতি আটটি, তা হল ঃ

(১) বস্তুবাদী দর্শন।

(২) আল্লাহর অস্থিত্বের বিরোধীতা।

(৩) ধর্ম ও দ্বীনের অস্বীকৃতি।

(৪) পারিবারিক জীবনের পরিসমাপ্তি।

(৫) ব্যক্তি মালিকানার পূর্ণ অস্বীকৃতি।

(৬) শ্রেণী সংগ্রাম।

(৭) দলীয় একনায়কত্ব।

(৮) নেতৃবৃন্দের একনায়কত্ব।

**পোপের শাসন ঃ** ইহা রাজতন্ত্র ও স্বৈরতন্ত্রের আরেক রূপ। (আল্লাহর আইনের শাসন ১০-১৬ পৃষ্ঠা)

ঐশী আইনের শাসনই হচ্ছে মানুষের বানানো উপরোক্ত সকল শাসনের উর্ধ্বে।

**ঐশী আইনের শাসন ঃ** এর মূলনীতি হল চারটি যেমন, (১) হাকিমিয়াত (২) খেলাফত (৩) ইমামত (৪) ইন্সানিয়াত। (বিশ্ব নবী (সাঃ) এর কর্মসূচী)

এই ঐশী আইনের শাসন প্রতিষ্ঠার একমাত্র পন্থা হল "কিতাল ফি সাবীলিল্লাহ।"

বর্তমান বিশ্বে গণতন্ত্রেরই ঢংকা বাজছে সর্বত্রই। তাই আমি এর মোকাবিলায় কিতালকে প্রধান্য দিয়েছি ও গণতন্ত্রকে খেলাফত প্রতিষ্ঠার নিষ্ফল পন্থা হিসেবে এবং কুফরী মতবাদ হিসেবে চিহ্নিত করেছি ও তার বাস্তব প্রমাণ পেশ করেছি।

গণতান্ত্রিক নিয়মে অনুষ্ঠিত নির্বাচনে একজন ভোটদাতা কারোর পক্ষে যখন

ভোট প্রয়োগ করে, তখন তার এই ভোট দানের মাধ্যমে স্বতঃস্ফূর্তভাবে এবং নিঃশব্দে এই প্রতিশ্রুতি দেওয়া হয় যে, "আমি তোমাকে তোমার ইচ্ছামত যে কোন আইন পাশ করার ক্ষমতা দিচ্ছি এবং ওয়াদা করছি যে, তুমি অন্যদের সাথে মিলিত হয়ে যে আইনই পাশ করবে, তা আমি নির্দ্বিধায় মেনে নেব"

কুরআনের দৃষ্টিতে আইন রচনার এইরূপ নিরংকুশ ক্ষমতা আল্লাহ ছাড়া অন্য কাউকে দেওয়া সুস্পষ্ট শিরক। কারন, اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ

অর্থাৎ ঃ আল্লাহ ছাড়া কারও বিধান দেওয়ার ক্ষমতা নেই। কেননা, এর ফলে মানুষ মানুষেরই গোলাম হয়ে যায়। আল্লাহর বান্দাহ হওয়া তার পক্ষে কোন ক্রমেই সম্ভব হয় না। এভাবে যারাই মানুষকে নিজেদের গোলাম বানাতে চায়, কোরানের দৃষ্টিতে তারা মানুষের রব হতে চায়, যেমন করে নমরুদ-ফিরাউন মানুষের রব হতে চেয়েছিল। কিন্তু হযরত ইব্রাহীম (আঃ) নমরুদের রব হওয়ার এবং হযরত মূসা (আঃ) ফিরাউনের রব হওয়ার দাবী অস্বীকার ও অগ্রাহ্য করে একমাত্র আল্লাহকে রব রূপে মেনে নেওয়ার আহবান জানিয়েছিলেন। সর্বশেষ নবী ও রাসূল হযরত মুহাম্মদ (সাঃ)-এর আহবান ও ছিল সর্বতোভাবে তাই। পরিণামে নমরুদ ও ফিরাউন পর্যুদস্ত হয়েই প্রমাণ করে গেছে যে, তারা কেউই প্রকৃত সার্বভৌম নয়।

অতএব আজকের মানুষের সামনে এই প্রশ্ন সুতীক্ষ্ম হয়ে দেখা দিয়েছে ঃ তারা কি নিজেরা ভোট দিয়ে নিজেদের মত মনুষকেই রব বানাতে এবং তাদের দাসানুদাস হয়ে জীবন-যাপন করতে প্রস্তুত? না মানুষের দাসত্ব শৃংখলে বন্দী হওয়ার গণতন্ত্রকে অগ্রাহ্য করে মানুষের রব হওয়ার পথ সম্পূর্ণ বন্ধ করে, এক আল্লাহর বান্দাহ হয়ে জীবন-যাপন করতে চায়? যদি তারা বাস্তবিকই 'লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মদুর রাসূলুল্লাহর প্রতি ঈমানদার হয়ে থাকে, তাহলে প্রথমোক্ত পথ তাদের নয়। একটিই উম্মুক্ত পথ রয়েছে তা হচ্ছে শেষোক্ত পথ। বস্তুত মানুষ কখনো মানুষের গোলাম হতে পারেনা; কোন মানুষ পারেনা মানুষের রব হতে। মানুষ কেবল মাত্র আল্লাহরই বান্দাহ হতে পারে। তাই মানুষকে রব বানানোর তথাকথিত গণতন্ত্র কখনই গ্রহণযোগ্য নয়, তা সর্বতোভাবে পরিহার্য।

অতএব যারা মনে করে, "গণতন্ত্র প্রতিষ্ঠিত হলেই ইসলাম কায়েম হয়ে যাবে" কিংবা যারা "প্রথমে গণতন্ত্র প্রতিষ্ঠিত করে পরে ইসলামী হুকুমত কায়েম করার" কথা বলে, তারা যেমন গণতন্ত্র চেনেনা তেমনি জানেনা ইসলামের তওহীদী আক্বীদার তাৎপর্য, তারা ভিভ্রান্ত। এখানে এসে আমি পাঠক-পাঠিকার উদ্দেশ্যে গণতন্ত্রের"

স্বরূপ উপস্থাপন করছি-

গণতন্ত্র নামক বস্তুটির নাম বা আলোচনা শুনতে সীমাহীন অভ্যস্ত হয়ে উঠেছেন বর্তমান জন সাধারণ। আশংকাজনক বেশী পরিমাণে তথাকথিত রাজনীতিকরা এ পবিত্র (?) নামটির উচ্চারণ করে থাকেন। পৃথিবীর একপ্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত এখন পরম অরাধ্য বস্তুটির মহা জয় জয়কার সেই "গণতন্ত্র" জিনিসটা আসলে কি? এই "গণতন্ত্রের" জন্যে কি জীবন-যৌবন, শক্তি, প্রতিভা ও সম্পদ ব্যয় করা যায়? গণতান্ত্রিক মনোভাব নিয়ে বিশ্বের সকল মানুষ যদি সত্যিই গণতন্ত্রের পূর্ণ অনুসারী হয়ে বিশ্বময় গণতন্ত্র ক্বায়েম করেও বসে তবেই কি মানুষের স্বপ্নে দেখা সুখের পায়রা তাদের কাছে ধরা দেবে? বিশ্ববাসী কি নাগাল পাবে তাদের বহুকাংখিত শান্তি নামক সোনার হরিণের?

এ প্রশ্নের সহজ ও চূড়ান্ত ইত্তর হচ্ছে "না, পাবেনা"। কারণ-উত্তপ্ত মরু প্রান্তরে দূরে তাকালে দেখা যায় সমুদ্রের উত্তাল তরঙ্গ, মূলত ঃ সেখানে কোন পানিই নেই। উপরন্তু "গণতন্ত্র" নামক বস্তুটি কোন বিজ্ঞচিত বা সুষ্ঠু পদ্ধতি নয়। উহা একটি মুখরোচক শ্লোগান।

"গণতন্ত্র" পশ্চিমা সাম্রাজ্যবাদী শক্তির তৈরী একটি প্রতারণাপূর্ণ পরিভাষা। ইহা শয়তানের পক্ষ হতে মিষ্টার আব্রাহাম লিংকনের প্রতি ওহী (!) বা এলহাম। বাস্তবতা বিবর্জিত একটি ঘুম পাড়ানো তাবিজ। সারা বিশ্বময় কুফরী প্রতিষ্টা ও মানবতা ধ্বংসের শয়তানী তন্ত্র।

এরই মাধ্যমে খেলাফত প্রতিষ্ঠিত করার চিন্তা করা মানে- অধিকাংশ মানুষে চাইলেই নামায ক্বায়েম করা হবে, যাকাত আদায় করা হবে, শরয়ী বিচার ব্যবস্থা কায়েম করা হবে। মূলতঃ তাই যদি হয়ে থাকে তবে আল্লাহর পক্ষ থেকে হুজর পাক (সাঃ)-এর প্রতি এরূপ বার্তা কেন পৌছানো হল-"হে রাসূল, আপনি যদি পৃথিবীর অধিকাংশ লোকের কথা মনে নেন, তবে তারা আপনাকে আল্লাহর পথ থেকে বিপথগামী করে দেবে।" (সূরা আনআম-১১৬ নং আয়াত)

আমার এসব কথা হয়ত, খুব নতুন মনে হচ্ছে। অথচ ১৪ শত বছর পূর্বেই আল্লাহ তা'আলা তাঁর হাবীবকে বলে দিয়েছিলেন। আমি আমার বিশ্বাস ও ধারণাই এখানে তুলে ধরছি, একটু ভাঙ্গিয়ে বললে ব্যাপারটা আরো পরিস্কার হয়ে যাবে যে, "গণতন্ত্র" একটি শুভংকরের ফাঁকি। শোষণ নিপীড়নের একটি সুন্দর ও মনোরম অস্ত্র। হ্যাঁ 'গণতন্ত্র' এক আজব চীজই বটে। কেননা তা সরাসরি এসেছে ইংল্যান্ড থেকে। নিশ্চয়ই এটি আমদানী করা এক পরম লোভনীয় বস্তু। ইউরোপেই এই

বস্তুর আবিস্কার সেখানেই সর্ব প্রথম এর উৎপাদন। তা'ও সশ্রস্ত্র বিপ্লবের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। অতঃপর দুনিয়ার অন্যান্য দেশে এই বস্তুর রপ্তানী কার্য সম্পাদিত হয়েছে। আমাদের এই দেশে এ বস্তু রপ্তানী করা হয়েছিল ১৯৩৫ সনের ভারত শাসন আইনের মোড়কে ভরে।

"গণতন্ত্রের" পয়লা সবক-"জনগণই সকল ক্ষমতার উৎস। এ কথাটি সম্পূর্ণরুপে ইসলামী চিন্তা চেতনার পরিপন্থী। ইসলামে ক্ষমতার উৎস হচ্ছে তাকওয়া, ন্যায়নীতি ও শরিয়ত সম্মত বিধি-বিধানের অনুসরণ। এগুলোর প্রেক্ষিতেই নিশ্চিত হয় ক্ষমতাসীনের শক্তি ও যোগ্যতা। দেশের সকল জনগণ যদি একটি অন্যায় বা ব ভুল সিদ্ধান্তে একমত হয়ে যায়, তবে গণতন্ত্রের দৃষ্টিকোণ থেকে এটাই হবে ন্যায় ও সঠিক। কিন্তু ইসলাম এ জাতীয় ঐক্যমত্যে প্রতিষ্ঠিত ভুল ও অন্যায় সিদ্ধান্তটিকে কোন দিনই মেনে নেবেনা বরং শরীয়তের বিধানই হবে এক্ষেত্রে চূড়ান্ত ও অলংঘনীয়। এক কথায় অবৈধ যৌনাচার, মাদকদ্রব্য সেবন, জুয়া, সুদ, ঘুষ, হাউজী, প্রতারনা, খুন, গুম তথা এপর্যায়ের প্রতিটি অসামাজিক ও অমানবিক কাজের সপক্ষে যদি "গণতন্ত্র", "সংখ্যাগরিষ্ঠতা", সকল ক্ষমতার উৎস (?) জনগণ", এসব অস্ত্র ব্যবহার করে আইন পাশ করিয়ে নেওয়া হয়, তুবও এসব ব্যাপার বৈধ হয়ে যায় না, যেতে পারেনা। বৈধ অবৈধের প্রশ্নে শরীয়তের আইনই চূড়ান্ত। যা কোন মানুষের দ্বারা তৈরী নয়। "গণতন্ত্র" কোন ন্যায়নীতি, আদর্শ পন্থা বা সত্য ও সুন্দরের মাপকাঠি নয়, হতে পারেনা। কারণ, শতকরা ৮৫ জন চোরে ভোটে যদি একজন চোর নির্বাচিত হয়ে যায় আর বাকী ১৫ জনের ভোট পেয়ে একজন সৎ ও যোগ্য ব্যক্তি হেরে যায়, তবে এখানে গণতন্ত্রেরই বিজয় হয়েছে বলে আমরা ধরে নেব সত্যের নয়, ন্যায়নীতি বা ইনসাফের বিজয় নয়।

"গণতন্ত্রে" আরেকটি বিরাট ফাঁক রয়েছে যা সাধারণত: আমরা ধরতে পারিনা। সংখ্যাগরিষ্ঠের শাসন বলে গণতন্ত্র পরিচিত হলেও মূলত অধিকাংশ ক্ষেত্রেই গণতন্ত্রের নামে অল্প সংখ্যক লোক অধিকাংশ লোকের উপর শাসন চালায় যেমন- ১০০ জন ভোটার, প্রার্থী ৮ জন। একজন প্রার্থী কমিউনিষ্ট, তার কর্মী ও ভোটের সংখ্যা ৩০। গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, জাতীয়তাবাদী, ইসলামী ও স্বতন্ত্র মিলে বাকি ৭ জন প্রার্থী। তারা প্রত্যেকেই কম বেশী ভোট পেয়ে ফেল করলেন। পাশ করলেন কমিউনিষ্ট পার্টির প্রার্থীটি। এক্ষেত্রে তিনি বেশী ভোট পেয়ে পাশ করলেও মূলত : তিনি সংখ্যালঘুদের প্রতিনিধি। আর বিভিন্ন দলে বিভক্ত ৭০ জন লোকের

মতামত এখানে সংখ্যাগরিষ্ট জনমত হয়েও পরাজিত। এ সরকারের সহজ হিসাব হবে ৭০ জনের উপর ৩০ জনের মতামত চাপিয়ে দেওয়া। সংখ্যাগরিষ্টের উপর সংখ্যালঘুর শাসন। সারা বিশ্বে গণতন্ত্রের নামে এ অন্যায় কান্ডটি খুব ডাকঢোল পিটিয়ে চলছে।

আমার আরও একটি কথা-আন্তর্জাতিকভাবে যদি ঘোষণা দেওয়া হয় যে, ভোটের মাধ্যমে নির্বাচিত করা হবে কোন্‌টি সত্য ধর্ম। যেটি নির্বাচিত হবে সেটিই সবাইকে গ্রহণ করতে হবে। এবার দেখুন পৃথিবীর মানুষের সংখ্যা প্রায় ৬ শত কোটি, এর মধ্যে ১৪০ কোটি মুসলিম বাকী সব বিজাতি। এখানে বিজাতির একটি ধর্ম সংখ্যাগরিষ্ঠতা লাভ করল। এবার আপনি বলুন-আমি ইসলাম ধর্ম ত্যাগ করে ঐ সত্য (?) ধর্মই গ্রহণ করব। নাঊজুবিল্লাহ।

এবার আসা যাক ভোট ও ভোটার প্রসেঙ্গ "গণতন্ত্রের" সমালোচনা করে প্রাচ্যের কবি আল্লামা মোহাম্মদ ইকবাল বলেছেন: "গণতন্ত্র এমন একটি ব্যবস্থা যেখানে মানুষের মাথা গোনা হয়, কিন্তু ওজন করা হয় না।" যেমন-ধরুন কোন দেশে প্রশাসনিক নির্বাচন করা হচ্ছে বা জাতীয় নীতি-নির্ধারনী মতামত গ্রহণ করা হচ্ছে। সেখানে প্রত্যেক নাগরিকের ১টি করে ভোট। একজন লম্পট, খুনী, জুয়াড়ী, মদ্যপ যেমন এক ভোটের মালিক, তেমিন একজন সৎ, নিষ্ঠাবান, যোগ্য, খোদাভীরু ব্যক্তির ও একটিই ভোট। সর্বোচ্চ ডিগ্রীধারী শিক্ষিত, বুদ্ধিজীবি-প্রতিভাবান, জ্ঞানী-বিজ্ঞানী নাগরিকদের ভোট ও মুর্খের ভোটের ক্ষেত্রে কোনরূপ পার্থক্য গণতন্ত্রে নেই। একটি বিড়ি ও এক খিলি পান খেয়ে ভোট দিতে রাজি হয়ে যাওয়া ভোটার ও বিশ্ব বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার, দার্শনিক-চিন্তাবিদ, বিচারপতি সবার ভোটই গণনায় সমান। এপর্যায়ে গণতন্ত্রকে ঐ দেশের সাথেই তুনা করা যায় যেখানে ঘি ও পানির একই মূল্য থাকায় এক ব্যক্তি সেখান থেকে পালিয়ে গিয়ে ছিল। বলেছিল-এদেশে ন্যায়-অন্যায়ের পার্থক্য নেই, এদেশে যোগ্যতার মর্যাদা নেই, উত্তম-অধমের বাচ-বিচার নেই, এখানে বাস করা উচিত নয়। অথচ এ ব্যক্তিটির আরেক বন্ধু সে-দেশে থেকে গিয়েছিল। এক সময় রাজার অন্যায় নির্দেশে ঐ বন্ধুটির ফাঁসি হয়ে যায়। এ ঘটনা অনেকেই জানেন। এখানে সেটি মূল উদ্দেশ্য নয়। তবে যে কথাটি আমি এখানে তুলে ধরতে চাইছি, সেটি হল : যোগ্য, সৎ, শিক্ষিত ও নীতিবান ১০০ লোকের সুচিন্তিত সঠিক রায় আর ১০ হাজার অবোধ, সিগেরেট ও পানের বিনিময়ে ভোট প্রদানকারীর ভোটের মধ্যে কোন গুলো শক্তিশালী? এ বিষয়টি গণতন্ত্রীদের ভেবে দেখতে হবে।

"গণতন্ত্র" নামক পবিত্র (?) বস্তুটি কায়েমের জন্য যারা প্রাণ দিতে পর্যন্ত কুণ্ঠিত হন না, তারা আবার যদি "গণতন্ত্র" নামক ব্যবস্থাটি নিয়ে নতুন করে গভীরভাবে চিন্তা-ভাবনা করেন, তবে তাদের ধারণায় নিঃসন্দেহে কিছু পরিবর্তন আসবে। কেননা ইসলাম কোন দিনই উল্লেখিত গণতন্ত্রকে সমর্থন করে না। ইসলামের সাথে পাশ্চাত্য গণতন্ত্রের খুব দূরবর্তী কোন সম্পর্কও নেই। গণতন্ত্র নামক অধুনা প্রচলিত ও পরম কাংখিত পদ্ধতিটি ও ইসলামী চিন্তা চেতনার চরম বিরোধী একটি মনগড়া ধারণা, অন্যান্য তাগুতী মতবাদের মত গণতন্ত্রের খপ্পর থেকেও বিশ্বের মুসলমানদের সচেতনভাবে বেঁচে থাকতে হবে। জোরগলায় বলতে হবে, "গণতন্ত্রে" নয় জিহাদের মাধ্যমেই" মানবতার মুক্তি ও সাফল্য আনয়ন সম্ভব।
তাইতো আল্লাহ পাক বলেন- সূরা হজ্জের ৩৯ নং আয়াত।

এবার আসুন তাওহীদি আকীদার তাৎপর্যের দিকে, রাসূলে করীম (সাঃ) কুরাইশ সরদারদের নেতৃত্ব সাময়িকভাবে মেনে নিলে "জিহাদ ফি সাবীলিল্লাহর" সব দুঃখ কষ্ট-নির্যাতন-হিজরত থেকে সহজেই নিস্কৃতি পেতে পারতেন। সে পথ গ্রহণের কত প্রস্তাব-কত প্রলোভনই না তাঁর সমীপে পেশ করা হয়েছিল। কিন্তু তিনি তাওহীদী আক্বিদায় বলীয়ান হয়ে এবং ও পথে ইসলাম ক্বায়েম হতে পারেনা, এটা নিঃসন্দেহে বুঝতে পেরে সে সব প্রস্তাব-প্রলোভনকে ঘৃণা ভরে দু'পায়ে দলে গেছেন। প্রতিমুহূর্তে প্রতিদিনের নির্যাতন নিস্পেষণের পথে পা বাড়িয়েছেন, কিন্তু শিরক ও কুফরের এক কুসুমাস্তীর্ণ পথে পা বাড়াননি। তিনি ভুলেও কখনও এই মত গ্রহণ করেন নি যে, "ইসলাম মানুষের মন জয় করা ছাড়া কিছুতেই চালু করা সম্ভব নয়" বা "মানুষের মন জয় করেই ইসলাম কায়েম করতে হয়।" কুরাইশ সরদারের দাবী ও প্রস্তাব মেনে নিলেই নবী করীম (সাঃ) তাদের মনজয় করতে পারতেন, কিন্তু তিনি তা প্রত্যাখান করে তাদের মন জয় না করেই সোজাসুজি ও সরাসরি জনগণের সামনে ইসলামের বিপ্লবী দাওয়াত পেশ করতে থাকলেন। অতএব, "আগে গণতন্ত্র তার পরে ইসলাম" কথাটি নবী করীম (সাঃ)-এর সুন্নাত ও কর্মসূচীর সম্পূর্ণ পরিপন্থী।

সুতরাং "জিহাদ ফি সাবীলিল্লাহ"-তথা "কিতাল"-ই খেলাফত প্রতিষ্ঠার একমাত্র মাধ্যম আর এর প্রকৃষ্ট প্রমাণ হল বর্তমান আফগানিস্তান। তা যদি আপনার বিশ্বাস না হয় এবং বুঝে না আসে, তাহলে প্রমাণ স্বরূপ আপনি এমন একটি রাষ্ট্র দেখান, যেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে খেলাফত প্রতিষ্ঠিত হয়েছে এবং এখনো পরিচালিত হচ্ছে। আপনি আপনার ধারণায় বলতে পারেন-ইরানে গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলামী রাষ্ট্র পরিচালিত হচ্ছে। আমি বলব ইরানে যে ভ্রান্ত শিয়া মতবাদ প্রতিষ্ঠিত হয়েছে তাও তথাকথিত শিয়া বিপ্লবের দ্বারা। তাছাড়া ইরানে যে পদ্ধিতিতে রাষ্ট্র পরিচালিত

হচ্ছে তাকে উদাহরণ হিসেবে টানা এজন্যেই ভুল হবে যে, এটা পুরোপুরি গণতান্ত্রিক নয়। এখানে প্রথমে ১টি সফল বিপ্লব সংঘটিত হয়। অতঃপর এমন কিছু নিয়ম-নীতি ও আইন গৃহীত হয়, যার ভিত্তিতে দেশটি পরিচালিত হচ্ছে। নির্বাচন সেখানে মূখ্য ব্যাপার নয়। ইরানে নির্বাচিত প্রেসিডেন্ট পুতুল সমতুল্য, ধর্মীয় নেতাই হলেন সর্বময় ক্ষমতার অধিকারী। আর তাদের ঐ সরকার যদি ইসলামী হয়ে থাকে তাহলে কেন তারা তালেবানদের প্রতিষ্ঠিত খেলাফতের বিরুদ্ধাচরণ করছে? শিয়া কাফের হওয়াতে কারো দ্বিমত নেই। এদিকে তালেবানদের প্রতিষ্ঠিত খেলাফতইতো খোলাফায়ে রাশেদ্বিনের নজির বহন করছে। আর ইহাই "আহলে সুন্নাহ ওয়াল জামাতের" সমস্ত ওলামায়ে কেরামের অভিমত।

একথা আমাদের ভালভাবে জেনে নেওয়া উচিত যে, "জিহাদ" তথাকথিত কোন রাজনৈতিক কর্মকান্ড নয়, আল্লাহর এক অলংঘনীয় বিধান, একটি গুরুত্বপূর্ণ ও শ্রেষ্ট এবাদত; যে বিধান ও এবাদতের কথা পবিত্র কোরআনের এক ষষ্ঠমাংশ জুড়ে ব্যাপকভাবে আলোচিত হয়েছে।

এখানে আমি হুজুর (সাঃ) সহ তাঁর সাহাবীগণের রাজনীতি ও বর্তমান রাজনীতির কিঞ্চিত খতিয়ান পেশ করব। দুইয়ের মাঝে যেটা আদর্শ রাজনীতি প্রমাণিত হবে সেটাই গ্রহণ করব।

<u>**আদর্শ রাজনীতি ঃ**</u> বিশ্বনবী (সাঃ) অতীব দানশীল ছিলেন, ব্যক্তিগত ও রাষ্ট্রীয় তহ্‌বিলে কোন ধনই তিনি জমিয়ে রাখতেন না; বরং সবই অভাবগ্রস্তদের মধ্যে বিতরণ করে দিতেন। এমনকি হাতে কিছু না থাকলে কর্জ করেও অভাব গ্রস্ত দেরকে দান করতেন। (শামায়েলে তিরমিযী)

একদা এক বদ্ধু আগমন করতঃ রাসূলুল্লাহ (সাঃ)-এর পরিহিত চাঁদর সজোরে টেনে বলল: "হে মুহাম্মদ (সাঃ) এ ধন আল্লাহর। তোমার নিজস্ব বা তোমার পিতার ধন থেকে দিতে হবে না। এক উট বোঝাই করে আমাকে দান কর।" এ অভদ্রোচিত ব্যবহারেও করুণার মূর্ত প্রতীক রাসূলুল্লাহ (সাঃ) বিরক্ত হলেন না; বরং প্রশান্ত মনে উত্তর দিলেন ঃ "বাস্তবিকই এ ধন আল্লাহ তা'আলার এবং আমি এর হেফাজতকারী মাত্র।" তৎপর তিনি আদেশ দিলেন-"এক উট বোঝাই যব ও এক উট বোঝাই খেজুর এ বদ্ধুকে দিয়ে দাও"

বলুন, আমাদের দেশের কোন সরকার এরূপ দৃষ্টান্ত স্থাপন করতে পারছে? বরং তারা কোন প্রকারেই সরকার গঠন করতে পারলে হয়-পারে না যে, জনগণের সব সম্পত্তি লুফে নিতে। এর শত শত প্রমাণ রয়েছে। বিভিন্ন সরকার বিভিন্ন উপাধি পেয়ে রাষ্ট্র-পরিচালনা করে চলে গেছেন। কিন্তু কোন সরকারের "দানশীল"

হওয়া উপাধিটা মানুষ শুনলনা। এ কি রকম রাজনীতি যেখানে বদান্যতা নেই। আমার নবীর বদান্যতা দেখুন, এক ব্যক্তি তার দূরাবস্থা বর্ণনা করে রাসূলুল্লাহ (সাঃ)-এর নিকট কিছু প্রার্থনা করল। তিনি তাকে বকরীর একটি পাল দান করলেন। এ ব্যক্তি স্বীয় সম্প্রদায়ের নিকট প্রত্যাবর্তন করে, বলে বেড়াতে লাগল, "হে লোক সকল, তোমরা ইসলাম গ্রহণ কর। মুহাম্মদ (সাঃ) এরূপ দান করেন যে, অস্বচ্ছলতার কোন আশংকাই থাকেনা।"

একবার ফিদাক হতে ৪টি উট বোঝাই শস্য আসল। কিছু ঋণ ছিল, রাসূলুল্লাহ (সাঃ) তা পরিশোধ করলেন; আর কিছু বিতরণ করে দিলেন। তৎপর তিনি হযরত বিলাল (রাঃ)-কে জিজ্ঞেস করেন: "আর কিছু অবশিষ্ট নেইতো?" হযরত বিলাল (রাঃ) উত্তরে বলেন ঃ "আর কোন প্রার্থী নেই; কাজেই কিছুটা রয়েছে" রাসূলুল্লাহ (সাঃ) বলেন-"পার্থিব এ সম্পদ অবশিষ্ট থাকা পর্যন্ত আমি গৃহে প্রবেশ করতে পারিনা।" সুতরাং রাত্রিটি তিনি মসজিদেই কাটালেন। সকালে বিলাল (রাঃ)-এসে সুসংবাদ প্রদান করলেন ঃ "হে আল্লাহর রাসূল (সাঃ) আল্লাহ আপনাকে দায়িত্ব মুক্ত করেছেন অর্থাৎ যা কিছু অবশিষ্ট ছিল সব বিতরণ করা হয়েছে।" এতে তিনি আল্লাহ তা'আলার কৃতজ্ঞতা প্রকাশ করলেন।

এরকম বৈশিষ্ট্যের কিঞ্চিত বৈশিষ্টপূর্ণ কোন রাজনৈতিক নেতা কি আপনি পেয়েছেন? নিশ্চয় না, তাহলে কোন্ রাজনৈতিক নেতাকে আপনি অসুরণ করছেন এবং কোন্ ধরনের রাজনীতি আপনি করছেন? যেখানে মানুষের অভাব-অনটনের প্রতি ভ্রুক্ষেপ করা হয় না, তা কিভাবে আদর্শ রাজনীতি হতে পারে?

অধিকাংশ সময় ক্ষুধার কারণে রাসূলুল্লাহ (সাঃ)-এর স্বর ক্ষীণ হয়ে পড়ত। ক্ষুধার্ত অবস্থায় তিনি একদিন হযরত আবু আইয়ুব আনসারী (রাঃ)-এর গৃহে গমন করলে তিনি আহারের বন্দোবস্ত করলেন। তখন রাসুলুল্লাহ (সাঃ) রুটির উপর সামান্য গোশত রেখে বলেন ঃ "এটা ফাতেমার নিকট পাঠিয়ে দাও। কয়েকদিন যাবৎ তার ভাগ্যে খাবার জোটেনি।"

এখানে আমাদের জন্য শিক্ষা হল-রাষ্ট্রপতি রাষ্ট্রীয় সম্পদকে নিজস্ব সম্পদ হিসেবে ব্যবহার করতে পারবে না। প্রয়োজনে ক্ষুধার্ত দিনাতিপাত করতে হবে। অথচ আমরা বর্তমান রাষ্ট্রপতিগণকে রাষ্ট্রীয় সম্পদ নিয়ে বিলাসিতায় ডুবে থাকতে দেখেছি, বিদেশে স্বর্ণের পাহাড় গড়তে দেখেছি, প্রতি সপ্তাহান্তে, স্বপরিবারে বিদেশ ভ্রমণে দেখেছি। এ কিরুপ আদর্শ রাজনৈতিক দলের আদর্শ নেতা?

একবার রাসূলুল্লাহ (সাঃ) হযরত আলী (রাঃ) প্রদত্ত একটি স্বর্ণের হার হযরত

ফাতেমা (রাঃ)'র গলায় দেখতে পেয়ে বলেনঃ "হে ফাতেমা তুমি কি লোক মুখে একথা শুনাতে চাও যে, মুহাম্মদ (সাঃ)'র কন্যা আগুনের শিকল পরিধান করে রয়েছে? হযরত ফতেমা (রাঃ) তৎক্ষণাত হারটি গলা হতে খুলে বিক্রয় করলেন এবং এর মূল্য দিয়ে একটি গোলাম খরিদ করতঃ তাকে আযাদ করে দিলেন। একবার হযরত আয়শা (রাঃ) সোনার কাঙ্গন পরিধান করলেন রাসুলুল্লাহ (সাঃ) তা ফেলেদেন এবং বলেন-এটি মুহাম্মদের স্ত্রীর উপযোগী নয়। তিনি বলতেনঃ "একজন মুসাফিরের জন্য যে পরিমান পাথেয় প্রয়োজন, মানুষের জন্য দুনিয়াতে ঠিক ততটুকুই যথেষ্ঠ।" (বিশ্বনবী (সাঃ)'র কর্মসূচী)

এবার আমার নবীর সাহাবাগণের রাজনীতি দেখুন। হযরত আবু বকর সিদ্দিক (রাঃ) এর হাতে যখন খেলাফতের দায়িত্ব অর্পিত হয়, তখনকার সময়ের কথাঃ একদা তাঁর স্ত্রী তাঁকে লক্ষ্য করে বলেন: "ছেলে-মেয়েরা মিষ্টি দ্রব্য খেতে চাচ্ছে"। তিনি উত্তরে বলেন- সরকারী তহবীল হতে তা দেয়া যাবেনা। তবে আমাদের দৈনন্দিন খরচ হতে কিছু কিছু বাঁচিয়ে পারলে সংগ্রহ করতে পার। কিছু দিন পর তাঁর স্ত্রী সামান্য অর্থ তাঁর সম্মুখে হাযির করে মিষ্টি তৈরী করার উদ্দেশ্যে কিছু জিনিস এনে দেয়ার জন্য তাঁকে অনুরোধ করলেন। তিনি এ অর্থ সরকারী তহবিলে ফেরত দিয়ে কোষাধ্যক্ষকে বলেন: সরকারী তহবিল হতে আমাকে যা দেয়া হয় ইহা তারই এতদিনের উদ্বৃত্ব। বুঝা গেল যে, এর চেয়ে কমেও আমার চলে। সুতরাং আমার বেতন হতে এ পরিমাণ কম করে দিও। এরূপ দৃষ্টান্ত দুনিয়ার কোথাও পাওয়া যাবে কি? তদুপরি আশ্চর্যের বিষয় এই যে, তার ওফাতের সময় ঘনিয়ে আসলে তিনি গৃহ বাসিকে বলেন: আমার অমুক অমুক বন্ধু জবরদস্তি করে আমাকে বাইতুল মাল হতে বেতন নিতে বাধ্য করেছিলেন এত দিনে প্রায় ৬ হাজার দিরহাম বায়তুল মাল হতে আমার জন্য খরচ হয়েছে। আমার ইন্তেকালের পর আমার জমি বিক্রয় করে এ অর্থ বায়তুলমালে ফেরত দিবে"। তিনি আরও বলেন ঃ "বায়তুলমাল হতে আমাকে একটি উটনি একটি বাসন একটি চাঁদর এবং ক'জন চাকরানীও দেওয়া হয়েছিল। এসবই বায়তুলমালে ফেরৎ দিবে।" তাঁর ইন্তেকালের পর হযরত আয়শা (রাঃ) এসমস্তই পরবর্তী খলিফা হযরত ওমর (রাঃ) এর নিকট পাঠিয়ে দিলেন। হযরত ওমর (রাঃ) বলেন: আবু বকর (রাঃ)'র উপর আল্লাহর অপার রহমত তিনি স্বীয় স্থলাভিসিক্তগণের জন্য অতি কঠিন নমুনা রেখে গেলেন।

অন্তিমকালে হযরত আবু বকর (রাঃ) আরও বলেন: যে বস্ত্র আমার পরিধানে আছে উহাই ধৌত করে আমার কাফন দেবে। হযরত আয়শা সিদ্দিকা (রাঃ) বলেনঃ আব্বাজান ইহাতো পুরাতন। তিনি বলেন: আমার জন্য এই পুরাতন ছিন্নবস্ত্রই যথেষ্ট।

হযরত আবু বকর (রাঃ) অন্তিমকালে পরবর্তী খলিফার জন্য হযরত উমর (রাঃ)-এর নাম শীর্ষস্থানীয় সাহাবাগণের নিকট প্রস্তাব করেন। এ প্রস্তাব তাঁরা অত্যন্ত পছন্দ করেন। কিন্তু কেউ কেউ বলেনঃ "এ তো সত্য যে উমর সর্বোত্তম ব্যক্তি, কিন্তু তাঁর স্বভাবে কিছুটা কঠোরতা আছে"। আবুবকর (রা) উত্তরে বলেনঃ তাঁর উপর খেলাফতের ভার অর্পিত হলে এ কঠোরতা আপনা আপনিই বিদূরীত হয়ে পড়বে। অতঃপর তাঁরা সকলেই এ সিদ্ধান্তে একমত হলেন। এদিকে উমর (রাঃ) বলেনঃ "সেই ব্যক্তিই আমার নিকট অধিক প্রিয় যে আমার দোষত্রুটি আমাকে জ্ঞাত করায়"। এবার দেখুন ওমর (রাঃ) এর রাজনীতি ঃ

একদা রাত্রে হযরত উমর (রাঃ) বেরিয়ে ছিলেন এবং পর্যবেক্ষণ করছিলেন যে, কে কোন অবস্থায় আছে? হঠাৎ এক ঘর থেকে গানের আওয়াজ শুনতে পেয়ে হযরত উমর (রাঃ) থমকে দাঁড়ালেন। আওয়ায জনৈকা যুবতীর ছিল আর সুললিত কণ্ঠে বিচ্ছেদের গান গেয়ে যাচ্ছিল। হযরত উমর (রাঃ) বিস্মিত মনে গান শুনতে ছিলেন এবং সন্দেহ করছিলেন যে, এত গভীর রাত্রে কোন যুবতী এভাবে প্রেমের গান গাইবে কেন? কোন অবৈধ কাজতো হচ্ছে না এ ঘরে? এসন্দেহ করেই তিনি দরজায় গিয়ে হাঁক মারলেন-এ ঘরে কে আছে? দরজা খোল। আমিরুল মু'মিনের আওয়াজ চিনতে পেয়ে গায়িকা যুবতী ভয়ে স্তব্ধ হয়ে গেল। কিছু বলতে পারছেনা বা উঠে দরজাও খুলতে পারছেনা। ফলে উমর (রাঃ)'র মনে সন্দেহ আরও ঘনী ভূত হল, নিশ্চয়ই এখানে অবৈধ একটা কিছু হচ্ছে, অন্যথায় প্রেমের গান তাও সুমধুর স্বরে আবার গভীর রাত্রে রুদ্ধ দ্বারে দরজাও খুলছেনা কেন, আমার আওয়াজ শুনে নিরবও হয়ে গেল কেন? দরজা কেউ খুলছেনা দেখে আমিরুল মু'মিনি আর কাল বিলম্ব করতে পারলেন না দেয়াল ডিঙ্গিয়ে ভিতরে ঢুকে পড়লেন এবং জিজ্ঞেস করলেন বল, এত রাতে এই প্রেমের গান কোন যুবতী গেয়েছিলে। যুবতী সে ঘরে মাত্র একজনই ছিল। তাই উমর (রাঃ) বুঝতে পারলেন যে, এ যুবতীই গান গেয়েছিল। তাই তাকে বজ্র কণ্ঠে জিজ্ঞাসা করলেন তুমি কি জাননা যে, মুসলিম মহিলার আওয়াজ ও আউরাত (পর্দা)? কেন অপরিচিত বেগানা পুরুষদেরকে তোমার আওয়াজ শুনালে? তাও গানের আকারে, তুমি অপরাধ করেছ। এবার যুবতী সাহস করে কথা বলছে, আমীরুল মু'মিনীন! আপনি আমাকে অপরাধ করেছি বলে আখ্যায়িত করেছেন, কিন্তু আপনি একত্রে তিনটি অপরাধ করেছেন। কোরআনের এবং হাদীসের বিরুদ্ধাচরণ করেছেন। কোরআনের বিরুদ্ধে দু'টি আর হাদিসের বিরুদ্ধে একটি মোট তিনটি অপরাধ করেছেন। আপরাধের নাম শুনে হযরত ওমর (রাঃ) ঠান্ডা হয়ে গেলেন। তিনি তাঁর শানে একজন সাধারণ মহিলা বে-আদবী করেছে বলে

তাকে শাস্তি দিলেন না বরং গরম মেযাজ শিথিল হয়ে পড়ল। তিনি মনে মনে লজ্জিত হলেন, সম্ভবত কোন অপরাধ হয়ে গেছে। তাই তিনি নম্রসুরে জিজ্ঞেস করলেন আমি কি অপরাধ করেছি বোন? বলতো দেখি! যুবতী বলল হুজুর, একটি নয় তিনটি অপরাধ করেছেন আপনি। পবিত্র কোরআনে সুস্পষ্ট নির্দেশ রয়েছে আল্লাহর: "তোমরা অপরের ঘরে উচ্চ স্বরে সালাম এবং অনুমতি ছাড়া প্রবেশ করোনা" আপনি আমার অনুমতি ব্যতিরেখে এবং সালাম না দিয়ে আমার ঘরে প্রবেশ করেছেন। এভাবে আপনি কোরআনের বিরুদ্ধাচরণ করেছেন। এটা আপনার প্রথম অপরাধ। কোরআনে এটাও স্পষ্ট উল্লেখ রয়েছে: "ঘরের দরজা দিয়েই ঘরে ঢুকবে।" আপনি দেয়াল ডিঙ্গিয়ে ঘরে প্রবেশ করেছেন কোন অধিকার বলে? এটা আপনার দ্বিতীয় অপরাধ। তৃতীয় অপরাধ হচ্ছে এই, "হাদীস শরীফে রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন যে, অপরিচিতা বেগানা মহিলার নির্জনতায় বা একাকিত্বে ভিন্ন পুরুষের প্রবেশ করা জায়েয নেই। সুতরাং আমি নির্জনে আছি, আমার নির্জনতায় প্রবেশ করার অধিকার আপনি কোথায় পেলেন? এবার হযরত উমর (রাঃ) একেবারে শিথিল হয়ে গেলেন এবং লজ্জিতও হলেন মনে মনে। অতি নম্রস্বরে বললেন : বোন আমি অপরাধ করেছি তুমি আমাকে মাফ করে দাও। (আল্লাহু আকবর) কোথায় তিনি ব্রজকণ্ঠে যুবতীকে অর্ডার দিচ্ছিলেন এবং কোথায় তিনি সেই যুবতীর কাছে ক্ষমা চাচ্ছেন যে তুমি আমাকে মাফ করে দাও। এতদুত্তরে যুবতী বলল, আপনি আমার অপরাধ কখন করলেন যে, আমি মাফ করব? যার অপরাধ করেছেন তার কাছে ক্ষমা প্রার্থনা করুন। কোরআন ও হাদীসের বিরুদ্ধাচরণ করেছেন সুতরাং আল্লাহ ও রাসূল (সাঃ)'র কাছে মাফ চান। আমি কি ক্ষমা করতে পারি? এখন হযরত ওমর (রাঃ) আরও লজ্জিত হলেন এবং আর বিরক্তি না করে নিরবে প্রস্থান করলেন সেখান থেকে। নিজ ঘরে প্রত্যাবর্তন করে সারারাত ধরে আল্লাহর কাছে কান্না কাটি করেন। শেষ রাতে আল্লাহর পক্ষ থেকে তিনি বুঝতে পারলেন যে, আল্লাহ পাক তাঁকে মাফ করে দিয়েছেন। পরের দিন দরবারে নোটিশের মাধ্যমে যুবতীটিকে হাযির করলেন এবং বললেন; আমি আমিরুল মু'মিনীন হিসেবে তোমার কাছে জিজ্ঞাসা করার পূর্ণ অধিকার রয়েছে যে, কেন তুমি এত গভীর রাত্রে তোমার কণ্ঠ পরপুরুষকে শুনতে দিলে? তাও সুললিতকণ্ঠে গানের মাধ্যমে? এর কারণ কি? খুলে বল। তার স্বীকারোক্তির পর প্রমাণ হল যুবতী নির্দোষ এবং তাকে সসম্মানে বিদায় দেওয়া হল।

ওমর (রাঃ)'র শাসন আমলে মদীনা মুনাওয়ারায় ইসলামী খেলাফতের বিভিন্ন এলাকার প্রাদেশিক শাসন কর্তাদের এক মহা সম্মেলন আহবান করেছিলেন। সে

মহা সম্মেলনে তিনি ভাষণ দিতে গিয়ে একটি গুরুত্বপূর্ণ কথা বলেছিলেন। তিনি বলে ছিলেন ঃ

"ফোরাতের তীরে যদি একটি কুকুরও না খেয়ে মরে,
আমি ওমরকে জবাব দিতে হবে আল্লাহ্‌র দরবারে॥"

বলুন তো বর্তমানে এমন কোন রাষ্ট্রপতি আছে যে দেশের জনগণের পূর্ণ অধিকার আদায়ের এরূপ প্রতিশ্রুতি দিতে পারে? তাইতো স্যার এ্যাডমন্ডবার্ট নামক জনৈক বিখ্যাত পার্লামেন্টারিয়ান তাঁর এক গুরুত্বপূর্ণ ভাষণে বলেছিলেন যে, "মুহাম্মদ (সাঃ) এর অনুসারীরা যে শাসন ব্যবস্থার সূচনা করেছিলেন অন্ততঃ পরবর্তী এক হাজার বছরের মধ্যে এমন কোন দুর্ঘটনার সন্ধান আমরা পাইনি যে, তাদের দ্বারা শাসিত এলাকার মানুষ দূর্ভিক্ষের শিকার হয়েছে বা মানুষ না খেয়ে মরেছে"।

**ভ্রষ্ট রাজনীতি ঃ** এবার দেখুন আমাদের দেশে তথাকথিত গণতান্ত্রিক নিয়মে প্রচলিত রাজনীতির কিঞ্চিত খতিয়ান: ১৯৯০ সালের শেষের দিন গুলি বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে ভয়ঙ্করভাবে উত্তপ্ত ছিল। লাগাতার হরতাল, জ্বালাও পোড়াও, ভাংচুর টিয়ার গ্যাস, পুলিশি তৎপরতায় দেশবাসী আতঙ্ক আর অজানা আশংকায় সেই দিনগুলি অতিবাহিত করেছেন। এসব কর্মের সাথে প্রকাশ্য রাজপথে "দিগম্বর" ঘটনাও ঘটেছিল মহা সমারোহে। অবশেষে মুক্তি পেয়েছে বহুল প্রত্যাশিত ধন "গণতন্ত্র"। এর পর যারা গণতান্ত্রিক অধিকার হিসেবে হরতাল, জ্বালাও পোড়াও, দিগম্বরের মত ঘটনার মাধ্যমে ক্ষমতায় গেলেন, তারাই এখন এসবের বিরুদ্ধে ফতোয়া দিচ্ছেন, ঘৃণা প্রকাশ করছেন। অথচ, সেদিন দিগম্বর বা হরতাল করা অবৈধ ছিলনা এবং তারা এর বিরুদ্ধে কোন কথাও বলেননি। ক্ষমতায় গেলে এভাবেই বুঝি রাজীনতির ভাষা পাল্টে যায়। বৈধ অবৈধের রং পাল্টায়। এভাবে আজকের অবৈধ ঘুষ, দুর্নীতি, ব্যভিচার আগামী দিন ক্ষমতায় গিয়ে কোন সরকার বৈধ ঘোষণা করবেন না, তার কোন গ্যারান্টি আছে?

এদেশের ধর্ম নিরপেক্ষতার ধ্বজাধানী রাজনীতিকরা রাজনীতির সাথে ধর্মকে যুক্ত করা সাংঘাতিক ঘৃণ্য কর্মকান্ড বলে মনে করেন। কারণ ধর্ম ভিত্তিক রাজনীতিকরা নাকি ধর্মের নামে রাজনীতির ব্যবসা করেন, তারা সম্প্রদায়িকতা নামের ঘৃণ্য মনোবৃত্তিকে উস্কে দেন। এছাড়া তারা নাকি মৌলবাদ, ধর্মান্ধতা, প্রতিক্রিয়শীলতা, প্রগতিবিরুদ্ধকর্মকান্ডের পৃষ্ঠপোষকতা করে দেশকে ধ্বংসের দিকে ঠেলে দেন। প্রিয় পাঠকবৃন্দ! আপনারা নিশ্চয় ভুলে যাননি ঘাদানী কমিটির ধর্মীয় রাজনীতি নিষিদ্ধের দাবী, প্রভৃতি ধর্মীয় রাজনীতি বিরুদ্ধ কর্মকান্ডের কথা। এদের হোতাদের

পরিচয় ও আপনারা নিশ্চয় ভুলে জাননি। ধর্মীয় রাজনীতির লাইনে অগ্রসর এক দলকে এরা প্রতি পদে পদে লাঞ্ছিত করেছে। তাদের নামের পূর্বে বাংলা অবিধানের সকল ঘৃণ্য বিশেষণ যুক্ত করে দেশব্যাপী তাদেরকে কুখ্যাত হিসেবে পরিচিত করার জন্য তারা কি না করেছে। ১৯৮৬ তে এদলটি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংসদ থেকে পদত্যাগ করলে সংসদ ভেঙ্গে যাওয়ার সূচনা হয়। তাদের পথ ধরে আওয়ামী লীগ ও অন্যান্যরাও পদত্যাগ করলে সংসদ ভেঙ্গে যায়, এরশাদ বিরোধী আন্দোলন তুঙ্গে উঠতে থাকে। ১৯৮৬-এর ন্যায় ১৯৯৩ তেও এদেশের বিরোধী রাজনীতিকরা তাদের হুবহু অসুরণ করতে থাকে। বর্তমানে জামাতে ইসলামীর সাথে তাদের মাখামাখি জনমনে বেশ কৌতুকের জন্মদিয়েছে, ধর্মাশ্রয়ী জামাতে ইসলামির রাজনীতি নাকি তাদের মতে ধর্ম ব্যবসা ছাড়া আর কিছু নয়। কিন্তু যারা তাদের সাথে মিতালী করে তাদের কর্মসূচিকে লুফে নিয়ে বা সমর্থন করে রাজনীতি করেন, তাদের রাজনীতি কোন্ ব্যবসা? জামাতের ন্যায় মৌলবাদী প্রতিক্রিয়াশীল "রাজাকার" একটি দলের সাথে আন্দোলন করে যারা আগামী নির্বাচনে ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখছে, তারা কোন্ কাননের ফুল? নাকি তারা ভাবছেন যে, চুরি যে করে আর যে চুরি বিদ্যাকে সমর্থন করে এদের মধ্যে পার্থক্য আছে?

বাংলাদেশ জামাতে ইসলামীর মেনুফেষ্ট অনুযায়ী ইসলামী আন্দোলন এবং ইসলামী সরকার প্রতিষ্ঠা তাদের কার্যক্রমের মূল কথা। একে কেন্দ্র করে তাদের সকল কর্মকান্ড পরিচালিত হয়। এরশাদ বিরোধী আন্দোলনের সূচনা লগ্নে দলের ভার প্রাপ্ত আমির আব্বাস আলী খাঁন বলেছিলেন "ইসলামী আন্দোলন আপাতত স্থগিত রেখে হলেও গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলন বেগবান করতে তারা বদ্ধ পরিকর"। প্রচলিত গণতান্ত্রিক আন্দোলন কতটুকু ইসলাম সম্মত এ প্রশ্ন করা হলে তারা স্বীকার করেন এ গণতন্ত্র কুফুরী মতবাদ। এর স্বীকৃতি তাদের বিভিন্ন বই পত্রেও রয়েছে তবে তারা ইসলাম প্রতিষ্ঠার লক্ষ্যে গণতন্ত্রকে ব্যবহার করা জায়েজ বলে মনে করেন। একথা তাদের যে কোন কর্মীও স্বীকার করেন। ১৯৮৬ সালের সংসদে তাদের সদস্য ছিল ১০ জন। ১৯৯১ সালের সংসদে তাদের সদস্য ছিল ১৮ জন। বর্তমানে রয়েছে রয়েছে ৩ জন। এ হলো গণতন্ত্র আশ্রিত তাদের ইসলামী আন্দোলনের পনের বছরের ফসল। এর মধ্যে ইসলাম কতখানি প্রতিষ্ঠিত হয়েছে? দেশে ঘুষ, দুর্নীতি, ব্যভিচার, অশ্লীলতা ও অন্যান্য সামাজিক অপরাধ কতখানি হ্রাস পেয়েছে গত ১৫ বছরে? বরং ১৯৯১ সালে তাদের সংসদের আসন বৃদ্ধি পাওয়ার পর কি এদেশে ইসলামদ্রোহী তৎপরতার সয়লাব বয়ে যায়নি? তারা গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংসদ থেকে পদত্যাগ করেছেন, তত্ত্বধায়ক সরকারের দাবিতেও পদত্যাগ

করেছেন, কিন্তু ইসলাম দ্রোহী এসব তৎপরতা রোধে সরকারের ব্যর্থতার কারণে কতবার পদত্যাগ করেছেন? সংসদে বিল আনার সুযোগ পেয়েও ইসলাম প্রতিষ্ঠার সহায়ক কতটি বিল তারা সংসদে উপস্থাপন করেছেন অথবা এসব বিল পাশের জন্য কতবার তারা সংসদ থেকে ওয়াক আউট করেছেন? আমরা জানি, ১৯৮৬ সালে এরশাদ সরকার এদেশে ইসলামের জন্য ক্ষতিকর বলে তারা বিভিন্ন সময় বক্তৃতা বিবৃতিতে বলেছেন। তাই ইসলামের স্বার্থে এবং ইসলাম প্রতিষ্ঠার প্রথম সোপান গণতন্ত্রকে কবুল করে নিয়ে আন্দোলন গড়ে তোলেন। কিন্তু সে ধিকৃত স্বৈরাচারী ও ইসলামের জন্য ক্ষতিকর এরশাদের জাতীয় পার্টির সাথে মিলে জামাতে ইসলামী তখন কোন্ ইসলাম প্রতিষ্ঠায় নেমেছিল? তাছাড়া ইসলামী আদর্শের ঘোর শত্রু ধর্ম নিরপেক্ষতাবাদী রাজনীতিকদের সাথে বন্ধুত্ব করে আন্দোলন করা কোন্ মাপকাঠিতে বিচার করা হবে"? ধরা যাক চলমান আন্দোলনের ফলে তত্ত্বাবধায়ক সরকারের অধিনে দেশে নির্বাচন হল। তখন বর্তমান তিন দলের "আঁতাত অনুযায়ী সরকার গঠিত হলে ধর্ম নিরপেক্ষ আওয়ামী লীগ হবে সরকারের প্রধান অংশীদার। অর্থাৎ তত্ত্বাবধায়ক সরকারের আন্দোলন থেকে বেশী লাভবান হবে ধর্ম নিরপেক্ষতাবাদে বিশ্বাসী আওয়ামী লীগ এতে দেশে ইসলাম প্রতিষ্ঠায় কতখানি অগ্রগতি সাধিত হবে? আমরা জানি, ইসলামী আন্দোলনকারীরা আদর্শের জন্য প্রয়োজনে প্রাণ বিসর্জন দেন, আপোষ করেন না। ইসলাম প্রতিষ্ঠার জন্য ইসলামের শত্রুদের সাথে আপোষ করে জাতির সামনে কোন আদর্শ চর্চার উদাহরণ সৃষ্টি করেছেন তারা?

"যদি কাফিররা তোমাদের মোকাবিলা করত, তবে তারা অবশ্যই পৃষ্ঠ প্রদর্শন করত। তখন তারা কোন অভিভাবক ও সাহায্যকারী পেত না।" (ফাত্হ্-২২)

"নিশ্চয় তোমরা তাদের অন্তরে আল্লাহ তায়ালা অপেক্ষা অধিকতর ভয়াবহ।

এটা এ কারণে যে, তারা এক নির্বোধ সম্প্রদায়।" (হাশর-১৩)

"হে পাঠক বন্ধু আমার, আল্লাহ তাআলার উপরোক্ত চিরন্তন সত্য প্রতিশ্রুতিই মুজাহিদদের দৃঢ় ঈমানের ভিত্তি, যা অল্প সংখ্যক মুজাহিদ হয়েও অধিক সংখ্যক কাফিরের উপর ঝাপিয়ে পড়ার সাহস যোগায়।

**(২২) বল-হুজুর পাক (সাঃ) ও কি স্বয়ং জিহাদ করেছেন?**

"আর আপনি যখন পরিজনদের কাছ থেকে সকাল বেলা বেরিয়ে গিয়ে মুমিনগণকে যুদ্ধের অবস্থানে বিন্যস্ত করলেন, আর আল্লাহ সব বিষয়েই শুনেন এবং জানেন।" (আলে ইমরান-১২১)

হুজুর (সাঃ) যে স্বয়ং জিহাদ করেছেন তা কোরআনের অসংখ্য আয়াত দ্বারা প্রমাণ রয়েছে। উপরোক্ত আয়াতের দ্বারা যদি তা আপনার বুঝে না আসে তাহলে খোদ নবী (সাঃ) এর পবিত্র জবান থেকে শুনুন।

"সে সত্তার শপথ, যার কুদরতী হাতের মুঠোয় আমার জীবন। যদি এমন মুসলমান না থাকত যাদের পক্ষে আমি যুদ্ধে চলে যাওয়ার পর ঘরে বসে থাকা সহনযোগ্য নয়, এদিকে আমারও এতটুকু সামর্থ নেই যে, তাদের যুদ্ধে নিয়ে যাওয়ার জন্য সওয়ারীর ব্যবস্থা করে দিতে পারি, তাহলে আমি খোদার রাহে যুদ্ধরত কোন সৈন্য দলের সাথে যুদ্ধে শরিক না হয়ে পেছনে থাকতাম না।" (বোখারী ও মুসলিম)

হুজুরে পাক (সাঃ) ২৭টি সশস্ত্র জিহাদের কমান্ডার ইন চীফ ছিলেন এবং ৪৩টি মতান্তরে ৫০টি জিহাদে সাহাবায়ে কেরামকে সেনাপতি বানিয়ে পাঠিয়েছিলেন। নিম্নে উহার বর্ষওয়ারী একটি নকশা পেশ করছি ঃ

১ হিজরী ঃ এ হিজরীতে হযরত (সাঃ) ২টি সারিয়া প্রেরণ করেন। ১ম সারিয়ায়ে হামযা (রাঃ) এবং ২য় সারিয়ায়ে উবায়দা (রাঃ)।

২ হিজরী ঃ ৭টি গাযওয়া সংঘটিত হয়- ১. গাযওয়ায়ে আবওয়াহ; ২. গায্ওয়ায়ে বয়াত; ৩. গায্ওয়ায়ে বদরে কুবরা; ৪. গায্ওয়ায়ে বনী কায়নুকা; ৫. গায্ওয়ায়ে সাবীক; ৬. সাফওয়ান; ৭. যুল-উশায়রা। ৩টি সারিয়া প্রেরণ করেন- ১. সারিয়ায়ে আব্দুল্লাহ বিন জাহাশ (রাঃ) ২. সারিয়ায়ে উমায়র (রাঃ); ৩. সারিয়ায়ে সালেম (রাঃ)।

৩ হিজরী ঃ ৪টি গায্ওয়া সংঘটিত হয়- ১. গায্ওয়ায়ে গাতফান; ২. গায্ওয়ায়ে ওহুদ; ৩. গায্ওয়ায়ে হামরাউল আসাদ; ৪. বুহরান। ২টি সারিয়া প্রেরণ করেন- ১. সারিয়ায়ে মুহাম্মদ বিন মাসলামা (রাঃ); ২. সারিয়ায়ে যায়দ বিন হারিসা (রাঃ)।

৪ হিজরী ঃ ২টি গাযওয়া সংঘটিত হয়- ১. গায্ওয়ায়ে বনী নযীর; ২. গায্ওয়ায়ে বদরে সুগরা। ৪টি সারিয়া প্রেরিত হয়- ১. সারিয়ায়ে আবু সালমা (রাঃ); ২.

সারিয়ায়ে আবদুল্লাহ বিন ওনাইস (রাঃ); ৩. সারিয়ায়ে মুনজির (রাঃ); ৪. সারিয়ায়ে মুরহিদ (রাঃ)।

৫ হিজরী ঃ ৫টি গায্ওয়া সংঘটিত হয়- ১. গায্ওয়ায়ে জাতুররেকা, ২. গায্ওয়ায়ে দাওমাতুল জন্দল; ৩. গায্ওয়ায়ে মরীসিয়াহ্; ৪. গায্ওয়ায়ে খন্দক; ৫. বনু-কুরায়যা।

৬ হিজরী ঃ ৩টি গায্ওয়া সংঘটিত হয়- ১. গাযওয়ায়ে বনী লিহইয়ান; ২. গায্ওয়ায়ে গাবা; ৩. গায্ওয়ায়ে হুদায়বিয়া। ১১টি সারিয়া প্রেরণ করা হয়- ১. সারিয়ায়ে মুহাম্মদ বিন মাসলামা (রাঃ); ২. সারিয়ায়ে আকাশা; ৩. সারিয়ায়ে মুহাম্মদ বিন মাসলামা (রাঃ); ৪. সারিয়ায়ে যায়দ বিন হারিসা (রাঃ); ৫. সারিয়ায়ে আব্দুর রহমান বিন আউফ (রাঃ); ৬. সারিয়ায়ে আলী (রাঃ); ৭. সারিয়ায়ে যায়দ বিন হারিসা (রাঃ); ৮. সারিয়ায়ে আব্দুল্লাহ বিন আতীক (রাঃ); ৯. সারিয়ায়ে আব্দুল্লাহ বিন রাওয়াহা (রাঃ); ১০. সারিয়ায়ে কুরজ বিন জাবের (রাঃ); ১১. সারিয়ায়ে আমরুদ দামরী।

৭ হিজরী ঃ এ বছর শুধু গাযওয়ায়ে খায়বর সংঘটিত হয় এবং ৫টি সারিয়া প্রেরণ করা হয়- ১. সারিয়ায়ে আবু বদর (রাঃ); ২. সারিয়ায়ে বাশার বিন সা'আদ (রাঃ); ৩. সারিয়ায়ে গালিম বিন আব্দুল্লাহ (রাঃ); ৪. সারিয়ায়ে বশীর (রাঃ), ৫. সারিয়ায়ে আহজাম (রাঃ)।

৮ হিজরী ঃ ৪টি গায্ওয়া সংঘটিত হয়- ১. গায্ওয়ায়ে মাওতা; ২. ফতেহ মক্কা ; ৩. গাযওয়ায়ে হুনায়ন; ৪. গায্ওয়ায়ে তায়েফ। ১০টি সারিয়া প্রেরণ করা হয়। ১. সারিয়ায়ে গালিব (রাঃ); ২. সারিয়ায়ে গাহিব; ৩. সারিয়ায়ে শুজা (রাঃ); ৪. সারিয়ায়ে কা'ব (রাঃ); ৫. সারিয়ায়ে আমর ইবনুল আস (রাঃ); ৬. সারিয়ায়ে আবু উবায়দা বিন জাররাহ (রাঃ); ৭. সারিয়ায়ে আবু কাতাদা (রাঃ); ৮. সারিয়ায়ে খাবিদ (রাঃ); ৯. সারিয়ায়ে তোফায়ল বিন আমর দূসী (রাঃ); ১০. সারিয়ায়ে কাতবা (রাঃ)।

৯ হিজরী ঃ এ বছর 'গায্ওয়ায়ে তাবুক' নামক একটি গুরুত্বপুর্ণ গায্ওয়া সংঘটিত হয়। ৩টি সারিয়াও প্রেরণ করা হয়- ১. সারিয়ায়ে আলকামাহ (রাঃ); ২. সারিয়ায়ে আলী (রাঃ); ৩. সারিয়ায়ে আকাশা (রাঃ)।

১০ হিজরী ঃ এ বছর মাত্র ২টি সারিয়া প্রেরণে করা হয়- ১. সারিয়ায়ে খালিদ বিন ওয়ালীদ (রাঃ), ২. সারিয়ায়ে আলী (রাঃ)।

১১ হিজরী ঃ এ বছর নবী করিম (সাঃ) হযরত উসামা (রাঃ)র নেতৃত্বে একটি সারিয়া প্রেরণ করার নির্দেশ দেন, যা তাঁর ওফাতের পর রওয়ানা হয়। (সীরাতে খাতিমুল আম্বিয়া ঃ ৬১-৬৩)।

**(২৩) বল- পূর্ববর্তী নবীগণও কি জিহাদ করেছেন?**

"মূসার পরে তুমি কি বনী-ইসরাঈলের একটি দলকে দেখনি, যখন তারা বলেছে নিজেদের নবীর কাছে যে, আমাদের জন্য একজন বাদশাহ নির্ধারিত করে দিন যাতে আমরা আল্লাহর পথে যুদ্ধ করতে পারি। নবী বললেন, তোমাদের প্রতিও কি এমন ধারণা করা যায় যে, লড়াইর হুকুম যদি হয়, তাহলে তখন তোমরা লড়বেনা? তারা বলল, আমাদের কি হয়েছে যে, আমরা আল্লাহর পথে লড়াই করব না? অথচ আমরা বিতাড়িত হয়েছি নিজেদের ঘরবাড়ী ও সন্তান-সন্ততি থেকে।

অতঃপর যখন লড়াইয়ের নির্দেশ হল, তখন সামান্য কয়েকজন ছাড়া তাদের সবাই ঘুরে দাঁড়ালো। আর আল্লাহ তা'আলা জালেমদের ভাল করেই জানেন। আর তাদেরকে তাদের নবী বললেন- নিশ্চয়ই আল্লাহ তালূতকে তোমাদের জন্য বাদশাহ সাব্যস্ত করেছেন। তারা বলতে লাগল, তা কেমন করে হয় যে, তার শাসন চলবে আমাদের উপর! অথচ রাষ্ট্রক্ষমতা পাওয়ার ক্ষেত্রে তার চেয়ে আমাদেরই অধিকার বেশী। আর সে সম্পদের দিক দিয়েও সচ্ছল নয়। নবী বললেন নিশ্চয় আল্লাহ তোদের উপর তাকে পছন্দ করেছেন এবং স্বাস্থ্য ও জ্ঞানের দিকে দিয়ে প্রাচুর্য দান করেছেন। বস্তুতঃ আল্লাহ যাকে ইচ্ছা তাকেই রাজ্য দান করেন। আর আল্লাহ হলেন অনুগ্রহ দানকারী এবং সব বিষয়ে অবগত। বনী-ইসরাইলদেরকে তাদের নবী আরও বললেন, তালুতের নেতৃত্বের চিহ্ন হল এই যে, তোমাদের কাছে একটা সিন্দুক আসবে তোমাদের পালনকর্তার পক্ষ থেকে তোমাদের মনের সন্তুষ্টির নিমিত্তে। আর তাতে থাকবে মূসা, হারুন এবং তাদের সন্তানবর্গের পরিত্যক্ত কিছু সামগ্রী, সিন্দুকটিকে বয়ে আনবে ফেরেস্তারা। তোমরা যদি ঈমানদার হয়ে থাক, তাহলে এতে তোমাদের জন্য নিশ্চয় পরিপূর্ণ নির্দশন রয়েছে। অতঃপর তালুত যখন সৈন্য-সামন্ত নিয়ে বেরুল, তখন বলল, নিশ্চয় আল্লাহ তোমাদিগকে পরীক্ষা করবেন একটি নদীর মাধ্যমে। সুতরাং যে লোক সেই নদীর পানি পান করবে সে আমার নয়! আর যে লোক তার স্বাদ গ্রহণ করলনা নিশ্চয় সে আমার লোক। কিন্তু যে লোক হাতের আঁজলা ভরে সামান্য খেয়ে নেবে তার দোষ অবশ্য তেমন গুরুতর হবেনা। অতঃপর সবাই পান করল সে পানি, সামান্য কয়েকজন ছাড়া। পরে তালুত যখন তা পার হল এবং তাঁর সাথে ছিল মাত্র কয়েকজন ঈমানদার তখন তারা বলতে লাগল, আজকের দিনে জালুত এবং তার সেনাবাহিনীর সাথে যুদ্ধ করার শক্তি আমাদের নেই। যাদের ধারণা ছিল যে, আল্লাহর সামনে তাদের একদিন উপস্থিত হতে হবে, তারা বার বার বলতে লাগল, সামান্য দলই বিরাট দলের মোকাবিলায় জয়ী হয়েছে আল্লাহর হুকুমে। আর যারা ধৈর্য্যশীল আল্লাহ তাদের

সাথে রয়েছেন। আর যখন তালুত ও তাঁর সেনাবাহিনী শত্রুর সম্মুখীন হল, তখন বলল হে আমাদের পালনকর্তা আমাদের মনে ধৈর্য সৃষ্টি করে দাও এবং আমাদেরকে দৃঢ়পদ রাখ, আর আমাদের সাহায্য কর সে কাফির জাতির বিরুদ্ধে, তারপর ঈমান- দাররা আল্লাহর হুকুমে জালুতের বাহিনীকে পরাজিত করে দিল এবং দাউদ জালুতকে হত্যা করল। আর আল্লাহ দাউদকে দান করলেন রাজ্য ও অভিজ্ঞতা। (বাক্কারা-২৪৬, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৫১)।

"আর বহু নবী ছিলেন; যাঁদের সঙ্গী সাথীরা তাঁদের অনুবর্তী হয়ে জিহাদ করেছে; আল্লাহর পথে তাদের কিছু কষ্ট হয়েছে বটে, কিন্তু আল্লাহর রাহে তারা হেরেও যায়নি, ক্লান্তও হয়নি এবং দমেও যায়নি। আর যারা সবর করে, আল্লাহ তাদেরকে ভালবাসেন। (ইমরান-১৪৬)

কোরআনের এতটুকু আলোচনার দ্বারা বুঝতে পারি যে, পূর্ববর্তী নবীগণ অবশ্যই জিহাদ করেছিলেন।

**(২৪) বল- সাহাবায়েকেরামের প্রতি আল্লাহর সন্তুষ্টি কখন কোথায় ঘোষণা করা হয়?**

"আল্লাহ মুমিনদের প্রতি সন্তুষ্ট হলেন যখন তারা বৃক্ষের নিচে আপনার কাছে শপথ করল। আল্লাহ অবগত ছিলেন যা তাদের অন্তরে ছিল। অতঃপর তিনি তাদের প্রতি 'ছকীনাহ' (প্রশান্তি) নাযিল করলেন এবং তাদেরকে 'ফাতহে মুবীন' (আসন্ন বিজয়) পুরস্কার দিলেন"। (ফাতাহ-১৮)

একটি বিশেষ ঘটনার প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়। যাকে "বাইয়াতে রিযওয়ান" বলা হয়ে থাকে। এ আয়াতে আল্লাহ তাআলা এই শপথে অংশগ্রহণ কারীদের প্রতি স্বীয় সন্তুষ্টি ঘোষণা করেছেন। এ কারণেই একে সন্তুষ্টির শপথ বলা হয়। ঘটনাটি হল এই, ষষ্ঠ হিজরীতে রাসুলুল্লাহ (সাঃ) বায়তুল্লাহ শরীফের জেয়ারতের উদ্দেশ্যে ১৪শত সাহাবায়ে কেরামকে সাথে নিয়ে মক্কায় যাওয়ার ইচ্ছা করেন। মক্কার সর্দারগণ এ সংবাদ জানতে পেরে জাতীয় পর্যায়ের এক প্রতিনিধি সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করে বসে "কোন অবস্থাতেই আমরা মুসলমানদের এবং তাঁদের কায়েদকে মক্কায় প্রবেশ করতে দেবনা।" মুশরিকদের এই সিদ্ধান্ত অবগত হয়ে হুজুর (রাঃ) একটি কুটনৈতিক মিশন মক্কায় প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করেন। যাতে মুশরিকদের বলা হবে "আমরা যুদ্ধ করার জন্য আসিনি, তওয়াফ করতেই এসেছি। তোমাদের ভয়ের কোন কারণ নেই"। তবে এ কুটনৈতিক মিশনে কাকে পাঠানো হবে চিন্তা করে রাসূলুল্লাহ (সাঃ) ফারুকে আজম (রাঃ) পাঠানোর ইচ্ছা করলেন। অত্যন্ত স্নেহের দৃষ্টিতে রহমতে আলম (সাঃ) ওমরের প্রতি তাকালেন,

অতঃপর বললেন "হে ওমর! এটা কি ভাল হবে না? আপনি আমাদের প্রতিনিধি হয়ে মক্কায় গিয়ে তথাকার অধিবাসিদেরকে বলবেন, আমরা যুদ্ধ করার জন্য আসিনি, বায়তুল্লাহ শরীফের তাওয়াফ করার জন্য এসেছি"। ফারুকে আজম (রাঃ) আরজ করলেন, এটা কি পরামর্শ না হুকুম? মনে হয় পরামর্শ, যদি তাই হয়, তবে আরজ করছি যে, আমার জন্য এ কর্তব্য সৌভাগ্যের বিষয় যে আমি আপনার প্রতিনিধি হয়েই মক্কায় যাব এবং ইতিহাসের পাতায় "রাসুলুল্লাহ (সাঃ) এর দূত শিরোনামের মধ্যে আমার নাম লিখিত হবে। কিন্তু পরিস্থিতি হল, যে মিশনে আমাকে পাঠাবেন সে মিশনটা সৌন্দর্যময় জমালী এবং স্বভাব গতভাবে আমি হলাম তেজস্বী জলালী। আমার নাম শুনলেই তো ওরা উত্তেজিত হয়ে পড়বে। আমাকে দেখে ওরা যদি তরবারি নিয়ে বের হয়, তবে আমিও তো তসবীহ পড়তে থাকব না। তাদের উত্তরে আমাকেও কিছু করতে হবে বৈকি, ঐদিকে তো তরবারী যুদ্ধ হয়েই যাবে আর আপনি এখানেই অপেক্ষা করতে থাকবেন? এখন বলুন কি হুকুম? রাসুলুল্লাহ (সাঃ) ঠিকই বলেছেন বলে একটু মুচকি হাসলেন। এখন রাসুলুল্লাহ (সাঃ) এর দৃষ্টি নিবদ্ধ হয় এমন এক লোকের প্রতি, যিনি দান খয়রাত, লজ্জা শরম ও ধৈর্য এবং সবরের মূর্তপ্রতীক। হুজুর (সাঃ) বলেন- "হে ওসমান! আপনি আমাদের প্রতিনিধি হয়ে যাওয়াটা ভাল হবেনা? আমি আশাকরি মক্কাবাসিরা আপনার প্রতি লজ্জিত থাকবে" আল্লাহর রাসূর (সাঃ) এর অনুমান ছিল সঠিক। মক্কাবাসীরা তো হযরত ওসমান (রাঃ) এর প্রতি লজ্জাবনত হত। কিন্তু তথাকথিত চিন্তাবিদ (?) মওদূদীর লজ্জাবোধ নেই। সে হযরত ওসমান (রাঃ) এর মাঝে খেয়ানত ও স্বজনপ্রীতি দেখতে পায় (নাউজুবিল্লাহ) "খেলাফত ও মুলুকিয়াত" এ সে এ অভিযোগ উত্থাপন করেছে। দেখুন "ভুলসংশোধন" ১১০ পৃষ্ঠা।

ওসমান (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ) এর প্রতিনিধি হয়ে মক্কায় আসেন, অতঃপর কুফফারে মক্কার উদ্দেশ্যে তিনি বলেন- "আমি তোমাদেরকে একথা জানিয়ে দিতে এসেছি যে, আমার মুনিব বায়তুল্লাহ শরীফের তাওয়াফ করতে এসেছেন যুদ্ধ করার জন্য আসেননি। তোমরা যে তাঁকে প্রবেশ করতে না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছ, তা সঠিক হয়নি। এ রকম না করা উচিত"। মক্কাবাসিরা বলল হে ওসমান! আমাদের জাতীয় পর্যায়ের অধিবেশনে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সুতরাং পরিবর্তন করা সম্ভব নয়। অবশ্য আপনি ইচ্ছে করলে বায়তুল্লাহর তাওয়াফ করতে পারেন আমরা আপনাকে সুযোগ দিতে পারি। তিনি বলেন, তোমরা তো আমাকে কাবা দেখিয়েছ। কিন্তু আমার কাবা প্রদর্শনকারী তো হুদায়বিয়াতে অবস্থান করছেন। সে অন্তর কোথায় পাব যে, তাঁকে বাদ দিয়ে বায়তুল্লাহর তাওয়াফ করব? আল্লামা ইবনে

তাইমিয়া বলেন, মক্কাবাসীরা উত্তেজিত হয়ে পড়ল যে আমাদের পেশকৃত প্রস্তাব ওসমান প্রত্যাখ্যান করল? মক্কাবাসীরা হযরত ওসমানকে (রাঃ) নজর বন্দী করার সিদ্ধান্ত গ্রহন করল। ওসমান তো মুহাম্মদ (সাঃ) কে বাদ দিয়ে বায়তুল্লাহর তওয়াফ ও করছেনা আমরা একটু ওসমান নিহত হয়েছে বলে সংবাদটা ছড়িয়ে দিই। তখনই আমরা বুঝতে পারব যে, মুহাম্মদের অনুসারীদের মধ্যে ওসমানের কতমূল্য ও কত গুরুত্ব আছে। এবার বিষয়টি একজন মুসলমানের রক্তের মূল্য আদায়ের পর্যায়ে এসে দাঁড়িয়েছে। প্রিয়নবী (সাঃ) ওসমান (রাঃ) এর হত্যার সংবাদ শুনেই একটি গাছের তলায় বসে গেছেন। তিনি সাহাবীদের থেকে চরম অঙ্গীকার নিচ্ছিলেন। অথচ এ যাত্রায় সাহাবীগণের যুদ্ধ করার কোনই ইচ্ছা ছিলনা শুধুমাত্র একেকজনের কাছে একখানা করে তরবারী ছিল যা তাদের সাথে সবসময়ই থাকে।

যখন শপথ অনুষ্ঠান চলছিল,নীচে হুজুর (রাঃ) এর পবিত্র হাত মোবারক, মাঝখানে ১৪ শত ছাহাবায়ে কেরামের পবিত্র হাত, তখন আল্লাহ বলেন- "আল্লাহর হাত তাদের হাতের উপর রয়েছে।" (ফাত্‌হ্‌-১০)

আল্লাহর হাত তাঁদের হাতের উপর। অপরদিকে তাঁদের ভাগ্য নির্ধারিত হচ্ছিল। আল্লাহর পক্ষ থেকে আদেশ হয়, হে জিবরাঈল! এখনই গিয়ে আমার হাবীবকে সুসংবাদ জানিয়ে দাওঃ "আল্লাহ মুমিনদের প্রতি সন্তুষ্ট হলেন যখন তারা বৃক্ষের নীচে আপনার হাতে জিহাদের বায়আত গ্রহন করল। আল্লাহ অবগত ছিলেন যা তাদের অন্তরে ছিল। আমরণ যুদ্ধ করার অঙ্গীকার ব্যক্ত করল।" আল্লাহ তাদের প্রতি সন্তুষ্টি প্রকাশ করার সাথে সাথে ওয়াদা করলেন "বিজয় লাভের সকল দ্বার তাদের জন্য উন্মুক্ত করে দেয়া হবে।"

সুপ্রিয় পাঠকবন্ধু আমার! একটু চিন্তা করুন বাস্তবেই কি ওসমান (রাঃ) কে হত্যা করা হয়েছিল? নিশ্চয়ই না, তবুও কেন হুজুর (সাঃ) সহ ১৪শত জলিলুর কদর সাহাবায়ে কেরাম জিহাদের বায়আত নিলেন? তিনি কি পারতেন না ১৪শত সাহাবী নিয়ে লংমার্চ করে কুফফারে মক্কাকে (জাতীয় সংসদ) সম্পূর্ণরূপে ঘেরাও করতে? সেরূপ জ্ঞান কি হুজুর (সাঃ)এর ছিলনা? অবশ্যই ছিল। কিন্তু তিনি জানতেন সেভাবে মুসলমানের রক্তের বদলা নেয়া যাবেনা, মজলুমের মুক্তির সুরাহা হবেনা। তার জন্য শুধু মাত্র কিতাল ফি সাবীলিল্লাহর কর্মসূচী নিতে হবে।

আর একটু চিন্তা করুন, আল্লাহ হচ্ছেন আ'লিমুল গায়েব, তবুও কেন তিনি নবী কে জীবরাইলের মাধ্যমে জানিয়ে দিলেন না যে, হে নবী আপনার ওসমানকে হত্যা করা হয়নি, কেন আপনি অনর্থক জিহাদের বায়আত নিচ্ছেন। "তা না বলে বরং আল্লাহ বলেছেন "আল্লাহ মুমিনদের প্রতি সন্তুষ্ট হলেন যখন তারা বৃক্ষের নিচে

আপনার হাতে শপথ গ্রহণ করল। আল্লাহ্ অবগত ছিলেন যা তাদের অন্তরে ছিল। অতঃপর তিনি তাদের প্রতি প্রশান্তি নাযিল করলেন এবং তাদেরকে আসন্ন বিজয় পুরস্কার দিলেন।"

এর দ্বারা প্রমাণিত হয় তথাকথিত গণতান্ত্রিক পদ্ধতিতে আন্দোলন নয়, শুধুমাত্র কিতাল ফি সাবীলিল্লাহ্‌র আন্দোলনই অর্থাৎ জিহাদী আন্দোলনই মানবতার মুক্তি ও শান্তির পথ। এবার আপনি বুঝে নিন সাহাবায়ে কেরামের প্রতি আল্লাহর সন্তুষ্টি কোথায় কখন ঘোষণা করা হল। সাহাবীগণ বলেছেন, প্রিয় নবী (সাঃ) (হুদায়বিয়ায়) বৃক্ষের নীচে বসে যখন হযরত ওসমান (রাঃ) এর রক্তের বদলা নেয়ার উদ্দেশ্যে আমাদের প্রত্যেকের নিকট থেকে মৃত্যু ও জিহাদের ময়দান থেকে পিঠ টান দিয়ে পেছনে ফিরে না থাকার বায়আত গ্রহণ করছিলেন তখন তিনি বলেছিলেন- "আজ আল্লাহর জমীনে তোমাদের চেয়ে উত্তম কোন লোক নেই এবং আকাশেও তোমাদের চেয়ে শ্রেষ্ঠ ও উচুঁ মর্যাদার দাবীদার কেউ নেই।"

**(২৫) বল- আমি শহীদ হওয়ার পর আমার পূর্ববর্তী গুনাহ সমুহ ক্ষমা করা হবে কি?**

"যারা আল্লাহর পথে শহীদ হয় আল্লাহ কখনই তাঁদের কর্ম বিনস্ট করবেনা। তিনি তাঁদেরকে পথপ্রদর্শন করবেন এবং তাঁদের অবস্থা ভাল করবেন। অতঃপর তিনি তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যা তাঁদেরকে জানিয়ে দিয়েছেন। " (মুহাম্মদ ৪,৫,৬)।

যারা কুফরী ও শিরক করে এবং অপরকে ইসলাম থেকে বিরত রাখে আল্লাহ তাআলা তাদের সৎ কর্মসমূহ বিনষ্ট করে দিবেন; এর বিপরীতে আলোচ্য আয়াতে বলা হয়েছে যে, যাঁরা আল্লাহর পথে শহীদ হয় তাঁদের কর্ম বিনষ্ট হয় না; বরং অনেক সময় তাঁদের সৎকর্ম তাঁদের গোনাহর কাফফারা হয়ে যায়।

এতে শহীদের জন্য দু'টি নেয়ামতের কথা বর্ণিত হয়েছে। (১) আল্লাহ তাঁকে হেদায়েত করবেন (২) তাঁর সমস্ত অবস্থা ভাল করে দিবেন। অবস্থা-বলে দুনিয়া ও আখেরাত উভয় জাহানের অবস্থা বোঝানো হয়েছে। দুনিয়াতে এই যে, যে ব্যক্তি জিহাদে যোগদান করে, সে শহীদ না হলেও শহীদের সওয়াবের অধিকারী হবে। আখেরাতে এই যে, সে কবরের আযাব থেকে এবং হাশরের পেরেশানী থেকে মুক্তিলাভ করবে। কিছু লোকের হক তার জিম্মায় থেকে গেলে আল্লাহ তাআলা হকদারকে তাঁর প্রতি রাযী করিয়ে তাকে মুক্ত করে দেবেন। শহীদ হওয়ার পর হেদায়েত করার অর্থ এই যে, তাঁদেরকে জান্নাতে পৌছিয়ে দেবেন।

এ হচ্ছে তৃতীয় নেয়ামত। অর্থাৎ তাঁদেরকে কেবল জান্নাতেই পৌছানো হবেনা বরং তাঁদের অন্তরে আপনা আপনি জান্নাতে নিজ নিজ স্থান ও জান্নাতের নেয়ামত

তথা হুর ও গেলমানের এমন পরিচয় সৃষ্টি হয়ে যাবে, যেমন তাঁরা চিরকাল তাঁদের মধ্যে বসবাস করত এবং তাঁদের সাথে পরিচিত ছিল। কারণ, জান্নাত ছিল একটা নতুন জগত। সেখানে নিজ নিজ স্থান খুঁজে নেয়ার মধ্যেও সেখানকার বস্তু সমূহের সাথে সম্পর্ক স্থাপিত হওয়ার মধ্যে সময় লাগত এবং বেশ কিছু কাল পর্যন্ত অপরিচিতির অনুভূতির কারণে মন অশান্ত থাকত। হযরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন; রাসূল (সাঃ) বলেনঃ সেই আল্লাহর কসম যিনি আমাকে সত্য ধর্মসহ প্রেরণ করেছেন তোমরা দুনিয়াতে যেমন তোমাদের স্ত্রী ও গৃহকে চিন তার চাইতেও বেশী জান্নাতে তোমাদের স্থান ও স্ত্রীদেরকে চিনবে এবং তাঁদের সাথে অন্তরঙ্গ হবে। (সংঃ তাফঃ মাআরিফুল কোরআন ১২৫৭ পৃঃ)।

"জমউল ফাওয়ায়েদ" গ্রন্থে উল্লেখিত হয়েছে (ইমাম বোখারী ও কিতাবুল জিহাদে প্রায় অনুরূপ রেওয়ায়েত উদ্বৃত করেছেন) যুদ্ধের ময়দান থেকে কোন এক কাফের সামনে বেরিয়ে এসে চ্যালেঞ্জ ঘোষণা করে, কে আছ আমার মোকাবিলায় যুদ্ধ করার সাহস রাখ? এই চ্যালেঞ্জ শুনে এক মুসলমান তার সাথে দ্বৈবথ যুদ্ধে অবতীর্ণ হন, কাফির বিজয়ী হয়। অপর এক মুসলমান তার মোকাবিলায় অবতীর্ণ হন, তিনিও শহীদ হয়ে যান এরপর লোকটি বিজয়ের উত্তেজনায় ঘোড়া দৌড়িয়ে প্রিয় নবী (সাঃ) এর নিকট উপস্থিত হয়ে জিজ্ঞেস করে আপনি কেন আমাদের সাথে যুদ্ধ করছেন? প্রিয় নবী (সাঃ) তাকে বললেন- "আমি একজন্য লড়ছি যেন সমস্ত পৃথিবীতে আল্লাহর বিধান বিজয়ী হয়, সকল মানুষ যেন আল্লাহর অনুগত বান্দায় পরিণত হয়"। লোকটি বলল এতো চমৎকার কথা, আমিও কি পারব আপনার দলভূক্ত হতে? প্রিয় নবী (সাঃ) বললেন হ্যাঁ, তুমিও ইসলাম গ্রহণ করতে পার। লোকটি তৎক্ষণাৎ কলেমা পড়ল এবং মুসলমান হয়ে গেল। অতপর বিলম্ব না করে সে মুসলিম পক্ষে যুদ্ধে অবতীর্ণ হয়ে প্রচন্ড বেগে কাফিরবাহিনীর উপর আক্রমণ শুরু করে এবং এক পর্যায়ে শহীদ হয়ে যায়। আল্লাহর প্রিয় নবী (সাঃ) তাকে ময়দান থেকে তুলে আনেন এবং কাফির পক্ষে যুদ্ধ চলাকালীন সময়ে তার আঘাতে যে দু'সাহাবী শহীদ হয়েছিলেন তাদের সাথেই তাকে দাফন করেন। আর বলেন, কেয়ামতের দিন আল্লাহপক এদের মনে পরস্পরের জন্য ভালবাসা সৃষ্টি করে দেবেন। অথচ ঐব্যক্তির এক ওয়াক্ত নামায পড়ারও সুযোগ ঘটেনি। একটি সেজদা দেয়ার সৌভাগ্যও তাঁর হয়নি।

কিন্তু জিহাদে অবতীর্ণ হয়ে শাহাদত বরণের ফলে তার জান্নাতবাসী হওয়ার ব্যাপারে কারও কোন সন্দেহ আছে কি? তাই আমি আহবান করব ওহে ব্যাভিচারী,

ব্যাভিচার পরিত্যাগ করে জিহাদের ময়দানের এসে দুশমনের মুকাবিলায় ক্লাসিনকোব হাতে নাও। আর যুদ্ধ করতে করতে যদি তুমি নিহত হও, তবে আল্লাহ্ তোমার সমস্ত গুনাহ ক্ষমা করে দেবেন। ওহে মদ্যপায়ী, মদের বোতল হাত হতে ছুড়ে ফেলে ক্লাসিনকোভ হাতে নাও, আর শত্রু মোকাবিলায় ঝাপিয়ে পড়। যদি তুমি এতে মৃত্যু বরণ কর, তবে আল্লাহ্ তোমার সকল গুনাহ ক্ষমা করে দিবেন। ওহে জুয়াড়ি, জুয়ার তাস ছিড়ে ফেলে টাইম বোমা হাতে নাও আর শত্রু ঘাটিতে নিক্ষেপ কর, এভাবে যুদ্ধের ময়দানে লড়তে লড়তে যদি তুমি মারা যাও তবে আল্লাহ তোমার সকল গুনাহ ক্ষমা করে দেবেন। কেননা তোমার একটি জীবনের বিনিময়ে লক্ষ কোটি মজলুমের জীবনের মুক্তি লাভ হবে আর সে কারণেই জাহান্নামের কঠিন আযাব হতে আল্লাহ্ তোমাকে মুক্ত করবেন।

প্রিয় পাঠক বন্ধু আমার! এখনও যদি আপনার মন এতে শায় না দেয়, তবে কোরআনের নিম্নোক্ত আয়াত দু'টি ভালভাবে অনুধাবন করুন।

"এবং যারা লড়াই করেছে ও মৃত্যুবরণ করেছে, অবশ্যই আমি তাদের উপর থেকে অকল্যাণকে অপসারিত করব এবং তাঁদেরকে প্রবিষ্ট করাব জান্নাতে যার তলদেশে নহর সমূহ প্রবাহিত, এই হল বিনিময় আল্লাহর পক্ষ থেকে। আর আল্লাহর নিকট রয়েছে উত্তম বিনিময়"। (ইমরান-১৯৫)

"বস্তুতঃ যারা আল্লাহর রাহে লড়াই করে অতঃপর মৃত্যুবরণ করে কিংবা বিজয় অর্জন করে, আমি তাদেরকে মহাপূণ্য দান করব।" (নিসা-৭৪)

হুজুরপাক (সাঃ) এরশাদ করেন, "শহীদের প্রথম রক্তের ফোঁটা মাটিতে পড়া মাত্র তাঁর সকল পাপ ক্ষমা করে দেওয়া হয়।" (কনজুল উম্মাল ৪র্থ খনড ২১০ পৃঃ)

**(২৬) বল- আমি শহীদ হলে বেহেস্তে যাওয়ার নিশ্চয়তা কি?**

"তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করাবেন যার পাদদেশে নদী প্রবাহিত এবং স্থায়ী জান্নাতের উত্তম বাস গৃহে, এটা মহাসাফল্য"। (আছ ছফ-১২)।

তাদের সুসংবাদ দিচ্ছেন তাদের পরওয়ারদেগার স্বীয় দয়া ও সন্তোষের এবং জান্নাতের, সেখানে আছে তাদের জন্য স্থায়ী শান্তি। তথায় তারা থাকবে চিরদিন, নিঃসন্দেহে আল্লাহর কাছে আছে মহা পুরস্কার। (তাওবাহ-২১,২২)

এখানে আল্লাহ তা'আলা শহীদের জন্য পরকালীন নেয়ামতের ওয়াদা করেছেন। আর আল্লাহর ওয়াদা চিরন্তন সত্য এবং তিনি অবশ্যই ওয়াদা পূরণকারী।

হযরত আবু দারদা (রাঃ) রাসূলুল্লাহ (সাঃ) থেকে বর্ণা করেনঃ শুহাদায়ে কেরামের জন্য আল্লাহ বাব্বুল আলমিনের নিকট ছয়টি অসাধারণ পুরস্কার রয়েছে।

(১) আল্লাহ রাব্বুল আলামিন শহীদের ছোট বড় সকল গুনাহ ক্ষমা করে দিবেন। (২) কবরের ভয়াবহ আযাব থেকে শহীদকে পরিপূর্ণ নিরাপত্তা দান করবেন এবং জান্নাতে তাঁকে এত উচ্চ মর্যাদা দান করবেন যা দেখে সবাই বিস্মিত হবে। (৩) কেয়ামতের ভয়াবহ ধ্বংলীলা থেকে শহীদকে হেফাজত করবেন। (৪) কাল কেয়ামতের দিন হাশরের ময়দানে আল্লাহ বাব্বুল আলামীন শহীদের মাথায় এমন এক মহামূল্যবান মুকুট পরিয়ে দিবেন যাতে প্রতিস্থাপিত একেকটি মনি মুক্তা সমগ্র পৃথিবী ও এর যাবতীয় ধন-সম্পদের চেয়েও অনেক অনেক বেশী মূল্যবান হবে। (৫) একেকজন শহীদকে আল্লাহ রাব্বুল আলামীন বেহেস্তের অপরূপ সুন্দরী বাহাত্তরটি হুরকে স্ত্রী হিসেবে দান করবেন (৬) এবং পরিবার পরিজনদের মধ্যে হতে জাহান্নাম অবধারিত এমন সত্তরজনকে আল্লাহ রাব্বুল আলামিন শহীদের বিশেষ সুপারিশে জান্নাত দান করবেন। (তিরমিযী)

হযরত জাবের (রাঃ) থেকে বর্ণিত জনৈক সাহাবী রাসুলুল্লাহ (সাঃ) কে জিজ্ঞেস করলেন ইয়া রাসুলুল্লাহ! আমি নিহত হলে কোথায় থাকব? রাসুলুল্লাহ (সাঃ) উত্তর দিলেন "জান্নাতে" অতঃপর তিনি হাতের খেজুর গুলো ফেলে দিয়ে যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেলেন।" (মুসলিম)

একটু চিন্তা করুন, শহীদ ব্যক্তি জান্নাতের কত নিকটতম, তাঁর আর জান্নাতের মাঝে শাহাদত ছাড়া অন্য কোন বাঁধা নেই। হাদীসটি থেকে অনুমান করা যায় যে, সাহাবায়েকেরামগণ নবী করীমের (সাঃ) কথার প্রতি কতখানি বিশ্বাস রাখতেন এবং আমলের প্রতি কত উৎসাহী ছিলেন। দুঃখের বিষয় আজ মুজাহিদগণ আমাদের সামনে বয়ানে কত আয়াত আর হাদীস পেশ করতেছেন তবুও আমরা জিহাদের ময়দানে আসছিনা। এটা আমাদের বদ নসীব।

**(২৭) বল- এমন একটি ব্যবসার কথা যা আমাকে জাহান্নামের কঠিন শাস্তি হতে মুক্তি দেবে?**

"হে মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন একটি বাণিজ্যের সন্ধান দেব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে? তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রাসুলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন সম্পদ ও জীবন দ্বারা জিহাদ করবে। এটাই তোমাদের জন্য উত্তম যদি তোমরা বুঝ"। (আছছফ-১০, ১১)

এখানে আল্লাহ তায়ালা ঈমান এবং ধন সম্পদ ও জীবন পন করে জিহাদ করাকে বাণিজ্য আখ্যা দিয়েছেন। কারণ বাণিজ্যে যেমন কিছু ধন সম্পদ ও শ্রম ব্যয় করার বিনিময়ে মুনাফা অর্জিত হয় তেমনি ঈমান সহকারে আল্লাহর পথে জান

ও মাল ব্যয় করার বিনিময়ে আল্লাহর সন্তুষ্টিও পরকালের চিরস্থায়ী নেয়ামত অর্জিত হয়। অতঃপর বলা হচ্ছে, যে এ বাণিজ্য অবলম্বন করবে, আল্লাহ তাআলা তার গুনাহ মাফ করবেন এবং জান্নাতে উৎকৃষ্ট বাসগৃহ দান করবেন। এসব বাসগৃহে সর্বপ্রকার আরাম ও বিলাস ব্যসনের সরঞ্জাম থাকবে।

পাঠক বন্ধু আমার! এই ব্যবসার পলিসিটা ভালভাবে বুঝার চেষ্টা করুন। যদি বুঝে শুনে গ্রহণ করতে পারেন তো উত্তম সফলতা পাওয়া যাবে। প্রথমে পুরাটা বুঝে আসবেনা তবুও এ পথ অবলম্বন করুন। কেননা নামাজ-রোজার সকল মাসআলা তো একসাথে বুঝে আসেনা তবুও ফরজ পালনার্থে উহা আদায় করতে হয়। তাই এই ফরজ জিহাদও বুঝে আসুক আর নাই আসুক আদায় করতেই হবে, অন্যথায় আল্লাহর শাস্তি অবধারিত।

**(২৮) বল- এই মুক্তির নিশ্চয়তা কতটুকু?**

নিশ্চয়তা সম্পর্কে এতক্ষণ বুঝানোর পরও কি আপনার বুঝে আসছেনা? তাহলে খোলা মনে নিয়ে কোরআনের নিম্নোক্ত আয়াত পর্যবেক্ষণ করুন।

"আল্লাহ ক্রয় করে নিয়েছেন মুসলমানদের থেকে তাঁদের জান ও মাল এই মূল্যে যে, তাঁদের জন্য রয়েছে জান্নাত। তাঁরা যুদ্ধ করে আল্লাহর রাহে; অতঃপর মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কোরআনে তিনি এসত্য প্রতিশ্রুতিতে অবিচল। আর এমন কে আছে যে আল্লাহর চেয়ে অধিক প্রতিশ্রুতি রক্ষাকারী? সুতরাং তোমরা আনন্দিত হও সে লেন-দেনের উপর, যা তোমরা করেছ তাঁর সাথে। আর এ হল মহা সাফল্য। (তাওবাহ-১১১)

আমরা জানি ক্রয়-বিক্রয়ের বেলায় টাকা পয়সা ও মাল-সওদাই বিনিময় হয়। অর্থাৎ জান্নাতকে মূল্য হিসেবে টাকা ধরা হয়েছে আর জান-মালকে সওদা হিসেবে ধরা হয়েছে। আল্লাহ তাআলার ভাষ্যমতে এখানে ক্রেতা হলেন তিনি স্বয়ং আর বিক্রেতা হল আপন জান-মাল উৎসর্গকারী মুজাহিদ। কেননা আল্লাহ তো এরূপ বলেননি যে, মুসলমানরা নিজ জীবন ও সম্পদের বিনিময়ে জান্নাত ক্রয় করেছে। বরং বলা হয়েছে, আল্লাহ মু'মিনের জীবন ও সম্পদকে জান্নাতের বিনিময়ে ক্রয় করে নিয়েছেন।

একটু চিন্তা করুন জান্নাতের সঠিক মূল্য সম্পর্কে একমাত্র আল্লাহ ছাড়া কেউই জানেন না। আর তার চেয়ে অধিক মূল্যবান বুঝাচ্ছেন তাঁর কাছে মুমিনের জান মালের সঠিক মূল্য। আমাদের জীবন কি মূল্যহীন ও খেলার বস্তু? কখনো না। তবে কেন আমরা আজ আভ্যন্তরীন কোন্দলের মাধ্যমে একজন আরেকজনের জীবন ধ্বংস করছি। দলীয় নীতি প্রতিষ্ঠার জন্য কেন আমরা রাজনৈতিক সংঘর্ষে লিপ্ত হয়ে

আপন মূল্যবান জান-মাল নষ্ট করে যাচ্ছি? অথচ আমাদের উচিত ছিল এই হাদীসের উপর আমল করা। "আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী (সাঃ) বলেছেন, বেহেস্তের একধনু পরিমান (তথা সামান্য) অংশ সমগ্র বিশ্বের ধন সম্পদ অপেক্ষা অধিক উত্তম। নবী (সাঃ) আরও বলেছেন, দিনের প্রথমার্ধের বা শেষার্ধের কোন সময়ে আল্লাহর রাস্তায় বের হওয়া সমগ্র বিশ্বের ধন সম্পদ অপেক্ষা উত্তম।" (বোখারী)

ওহে গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলাম কায়েমের আন্দোলনের কর্মীরা, কুফরী মতবাদ পরিত্যাগ করে কোরআনী মতবাদ তথা আল্লাহর দেয়া মতবাদের উপর নিজের জান-মাল কোরবানী করার আন্দোলনের দিকে এসো। আল জিহাদের ক্লাসিন কোভের ছায়ার নীচে আশ্রয় নাও তবেই ইসলাম কায়েম সম্ভব হবে ও বেহেস্তে যাওয়া সহজ হবে। আমার নবী সাহিবুস সাইফ (সাঃ) তো তাই করেছিলেন এবং বলেছিলেন, "জেনে রেখো বেহেশত তরবারীর ছায়ার নীচে" (বোখারী শরীফ ১ম খন্ড ৩৯৫ পৃঃ)

এই ক্রয়-বিক্রয় কি ঘরে বসে বা কোন বাজারে হবে? আলোচ্য আয়াতের পরবর্তী অংশে আল্লাহ সে কথাই বলেছেনঃ "তারা যুদ্ধ করে আল্লাহর রাহে, অতঃপর মারে ও মরে।" তাই আমাদের জীবন বিক্রয়ের সঠিক মূল্য পেতে হলে যুদ্ধের ময়দানে (বাজারে)অবতীর্ণ হতে হবে। কখনো আমরা তাদের হত্যা করব, আবার কখনো আমাদেরকে তারা হত্যা করবে।

উপরোক্ত হাদীসের ব্যাখ্যায় মুহাদ্দিসগণ বলেন ভয়াবহ সংঘাতময় কঠিন যুদ্ধে শরীক হওয়ার কথা এ হাদীস দ্বারা বুঝানো হয়েছে। যখন পরস্পরের তরবারীর আঘাতের ঝন ঝন শব্দে পরিবেশ মুখরিত হয়ে উঠে, যখন শুধু একে অপরকে কুপোকাত করার চেষ্ঠায় সকল শক্তি ও কৌশল নিয়োজিত করে, তখন সত্যই এক লোভনীয় ও নান্দনিক দৃশ্যের সৃষ্টি হয়ে থাকে। আর তখনই জান্নাত ও জাহান্নামের দরজা গুলো খুলে দেওয়া হয়। যে মুজাহিদ যুদ্ধে শাহাদাত বরণ করে তখনই তাঁকে সোজা জান্নাতে নিয়ে যাওয়া হয়। কোন কাফের নিহত হলে কঠিন জাহান্নামে নিক্ষিপ্ত হয়।

হযরত আবু হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী করিম (সাঃ) ইরশাদ করেছেন, "কাফের ও তার হত্যাকারী (মুজাহিদ) কখনো জাহান্নামে একত্র হবে না।" (মুসলিম) হযরত আবু হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী করিম (সাঃ) বলেছেন, যে ব্যক্তির দু'পা খোদার রাহের ধুলিতে আচ্ছন্ন হয়েছে, তাকে দোযখের আগুন স্পর্শ করবে

না। (বোখারী)।

হযরত আবু হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী করিম (সাঃ) ইরশাদ করেছেন, "আল্লাহ তায়ালা একথার জামানত দিয়েছেন যে, যে ব্যক্তি তাঁর রাস্তায় বের হবে এবং তাঁকে শুধু আমার প্রতি ঈমান আর রাসূলের প্রতি বিশ্বাসই এ রাস্তায় বের করবে তাকে আমি সওয়াব ও গনীমতের মাল সহকারে বাড়িতে ফিরিয়ে আনব অথবা তাকে শহীদ করে বেহেস্তে প্রবেশ করাব। (বোখারী ও মুসলিম)

পাঠক বন্ধু আমার! এবার বলুন এর চেয়ে আরও বেশী কি নিশ্চয়তা থাকতে পারে? আমার বিশ্বাস এর চেয়ে আর কোন নিশ্চয়তা পৃথিবীর বুকে নেই। এই হচ্ছে আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি পূর্ণ ঈমান রাখার স্বীকারোক্তি। এও যার বিশ্বাস হবে না তার ঈমান থাকবেনা। ইহা বিশ্বাস করার পর যদি আমল না করে তবে বুঝতে হবে তা দূর্বল থেকে দূর্বলতর ঈমান। অতএব, ঈমানকে পাকাপোক্ত করার জন্য এখনই ছুটে আসুন জিহাদের ময়দানে।

**(২৯) বল- রনাঙ্গনে যদি আমরা নিহত হই তবে লোকে আমাদেরকে কি মৃত বলবে?**

"যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদের মৃত বলোনা বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝনা।" (বাক্বারা-১৫৪)

ইসলামী রেওয়ায়েত মোতাবেক প্রত্যেক মৃতব্যক্তি আলমে বরযখে বিশেষ ধরনের এক হায়াত বা জীবন প্রাপ্ত হয় এবং সে জীবনে সংশ্লিষ্ট কবরের আযাব বা সওয়াব অনুভব করে থাকে। এই জীবন প্রাপ্তির ব্যাপারে মুমিন-কাফের এবং পূর্ণবান ও গোনাহগারের কোন পার্থক্য নেই। তবে বরযখের এ জীবনের বিভিন্ন স্তর রয়েছে। এক স্তরে সর্বশ্রেণীর লোকই সমানভাবে শরীক। কিন্তু বিশেষ এক স্তর নবী রাসূল এবং বিশেষ নেক্কার বান্দাদের জন্য নির্ধারিত। এ স্তরেও অবশ্য বিশেষ পার্থক্য এবং পরস্পরের বৈশিষ্ট রয়েছে।

যে সব লোক আল্লাহর রাস্তায় নিহত হন তাদেরকে শহীদ বলা হয়। সাধারণ ভাবে অবশ্য তাঁদের মৃত বলাও জায়েজ। তবে তাঁদের মৃত্যুকে অন্যান্যদের মৃত্যুর সমপর্যায়ভূক্ত মনে করতে নিষেধ করা হয়েছে। কেননা মৃত্যুর পর প্রত্যেকেই বরযখের জীনব লাভ করে থাকে এবং সে জীবনের পুরস্কার অথবা শাস্তি ভোগ করতে থাকে। কিন্তু শহীদগণকে সে জীবনে অন্যান্য মৃতের তুলনায় তাঁদের বেশি অনুভূতি দেয়া হয়। শহীদের এ জীবনানুভূতি অনেক ক্ষেত্রে তাঁদের জড়দেহেও এসে পৌঁছে থাকে। অনেক সময় তাঁদের হাড়-মা'সের দেহ পর্যন্ত মাটিতে বিনষ্ট হয়না, জীবিত মানুষের দেহের মতই অবিকৃত থাকতে দেখা যায়। হাদীসের বর্ণনা এবং বহু প্রত্যক্ষ সাক্ষী

এর যথার্থতা প্রমাণিত হয়েছে। এ কারণেই শহীদকে জীবিত বলা হয়েছে। হুজুর (সাঃ) বলেন- "মাটি শহীদের লাশে বিকৃতি ঘটাতে পারেনা।"

বরযখের অবস্থা মানুষের সাধারণ পঞ্চেন্দ্রিয়ের মাধ্যমে অনুভব করা যায়না বিধায়- তোমরা বুঝতে পারবেনা বলা হযেছে।

" আর যারা আল্লাহর রাহে নিহত হয়, তাদের কে তুমি কখনো মৃত মনে করোনা। বরং তারা নিজেদের পালনকর্তার নিকট জীবিত ও জীবিকাপ্রাপ্ত। আল্লাহ নিজের অনুগ্রহ থেকে যা দান করেছেন তার প্রেক্ষিতে তাঁরা আনন্দ উদযাপন করছে। আর যাঁরা এখনো তাঁদের কাছে এসে পৌঁছেনি তাঁদের পেছনে তাঁদের জন্য আনন্দ প্রকাশ করে। কারণ তাঁদের কোন ভয়-ভীতিও নেই এবং কোন চিন্তা-ভাবনাও নেই। (ইমরান-১৬৯-১৭০)

যুদ্ধে যে সব মুজাহিদ শহীদ হয়ে থাকে আল্লাহ তাঁদেরকে এমন সব প্রতিদান দিয়ে থাকেন, যার প্রতি অন্যান্যদের ঈর্ষা হওয়া উচিত। উপরোক্ত আয়াতে আল্লাহ তা'আলা শহীদের বিশেষ মর্যাদার বিবরণ দিয়েছেন এছাড়া বিশুদ্ধ হাদীসেও এ সম্পর্কে বিস্তারিত আলোচনা এসেছে। ইমাম কুরতুবী (রাঃ) বলেছেন, শহীদের অবস্থা ও মর্যাদার মধ্যে পার্থক্য রয়েছে। কাজেই হাদীসের রেওয়ায়েতে যে সবদিক বর্ণিত হয়েছে, তাও বিভিন্ন অবস্থারই প্রেক্ষিতে বলা হয়েছে। ১৭০ নং আয়াতে শহীদের প্রথম বৈশিষ্ট্য বলা হয়েছে তাঁদের অনন্ত জীবন লাভকে। অতঃপর দ্বিতীয় বৈশিষ্ট্য হল আল্লাহ তা'আলার পক্ষ থেকে তাঁদের রিযিক প্রাপ্তি। তৃতীয় বৈশিষ্ট্য হল তাঁরা সদাসর্বক্ষণ আনন্দমুখর থাকবেন। চতুর্থ বৈশিষ্ট্য হল তাঁরা যে সব উত্তরসূরীকে পৃথিবীতে রেখে গিয়েছিলেন, তাঁদের ব্যাপারে তাঁদের এ আনন্দ অনুভূত হয় যে, তারাও পৃথিবীতে থেকে সৎকাজ ও জিহাদে নিয়োজিত রয়েছে। ফলে তারাও এখানে এসে ঐসব নেয়ামত এবং উচ্চ মর্যাদা লাভ করবেন।

এ আয়াতের যে শানে নুযুল ইমাম আবু দাউদ (রঃ) বিশুদ্ধ সনদের মাধ্যমে হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, তা হল এই, রাসূলুল্লাহ (সাঃ) সাহাবায়ে কেরাম (রাঃ) কে বললেন যে, ওহুদের ঘটনায় যখন তোমাদের ভাইয়েরা শহীদ হন তখন আল্লাহ তাঁদের আত্মাগুলোকে সবুজ পাখীর পালকের ভেতর স্থাপন করে মুক্ত করে দেন। তাঁরা জান্নাতের ঝর্ণা ও উদ্যানসমূহ থেকে নিজেদের রিযিক আহরণ করেন এবং অতঃপর তারা সেই আলোকধারায় ফিরে আসেন, যা তাঁর জন্য আল্লাহর আরশের নীচে টাঙ্গিয়ে দেয়া হয়েছে, যখন তারা নিজেদের জন্য আনন্দ ও শান্তিময় এ জীবন প্রত্যক্ষ করলেন, তখন বললেন আমাদের আপনজনরা পৃথিবীতে আমাদের মৃত্যুতে শোকার্ত। আমাদের অবস্থা সম্পর্কে কি

কেউ তাদের জানিয়ে দিতে পারে, "যাতে তারা আমাদের জন্য দুঃখ না করে এবং তারাও যাতে জিহাদে (অংশগ্রহণের) চেষ্টা করে। তখন আল্লাহ বললেন, "তোমাদের এ সংবাদ তাদেরকে পৌছে দিচ্ছি" এরই প্রেক্ষিতে ১৭০ নং আয়াত নাযিল হয়। বুঝা গেল শহীদকে মৃত না বলতে তো বলছে, উপরন্তু মৃত ধারণাও করতে বারণ করা হয়েছে।

**(৩০) বল- আমরা জিহাদ না করলে কি জিহাদ বন্ধ হয়ে যাবে?**

"যদি বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মান্তিক আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবেনা। আর আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান।" (তাওবাহ-৩৯)

আয়াতে অলস ও নিষ্ক্রিয় লোকদের ব্যাধিও তার প্রতিকারের উপায় উল্লেখ করে সর্বশেষ ফয়সালা জানিয়ে দেওয়া হয় "তোমরা জিহাদে বের না হলে আল্লাহ তোমাদের মর্মান্তিক শাস্তি দেবেন। এ প্রসঙ্গে হুজুর (সাঃ) বলেন, "যদি তোমরা জেহাদ থেকে বিরত থাক তা হলে আল্লাহ তোমাদের উপর লাঞ্ছনা গঞ্জনা চাপিয়ে দেবেন।" তোমাদের স্থলে অন্য জাতির উত্থান ঘটাবেন, আর দ্বীনের আমল থেকে বিরত হয়ে তোমরা আল্লাহ ও রাসূলের বিন্দুমাত্র ক্ষতি করতে পারবেনা। কেননা, আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।

আমরা জিহাদ না করলেও জিহাদ বন্ধ হবে না, দাজ্জালকে খতম না করা পর্যন্ত জিহাদ চলবে, জালেম বাদশাহর জুলুমের কারণে ও আদেল বাদশাহর ইনসাফের কারণেও জিহাদ বন্ধ হবে না। অন্য হাদিসে আসছে জাবের ইবনে সামুরা (রাঃ) থেকে বর্ণিত, নবী করিম (সাঃ) বলেছেন, "এদ্বীন সর্বদা প্রতিষ্ঠিত থাকবে। মুসলমানদের এক জামাত এর সংরক্ষণের জন্য কিয়ামত পর্যন্ত যুদ্ধরত থাকবে।" (মুসলিম শরীফ)

**(৩১) বল- ঐ জাতির বৈশিষ্ট্য কি হবে?**

"হে মুমিনগণ! তোমাদের মধ্যে যে কেউ স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, তাহলে অচিরেই আল্লাহ এমন এক সম্প্রদায় সৃষ্টি করবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে। তারা মুসলমানদের প্রতি বিনয়-নম্র হবে এবং কাফেরদের প্রতি কঠোর হবে। তারা আল্লাহর পথে জিহাদ করবে। এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবেনা। এটি আল্লাহর অনুগ্রহ তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ প্রাচুর্য দানকারী মহাজ্ঞানী। (মায়েদাহ-৫৪)।

এ আয়াতে যেখানে একথা বলা হয়েছে যে, মুসলমানরা ধর্মত্যাগী হয়ে গেলে আল্লাহ তায়ালা কোন জাতির অভ্যুত্থান ঘটাবেন, সেখানে সেই পূণ্যাত্মা জাতির

কিছু গুণাবলীও বর্ণনা করেছেন। যারা ধর্মের কাজ করে, এগুণগুলোর প্রতি তাদের লক্ষ্য রাখা উচিত। কারণ, এসবগুণের অধিকারীরা আল্লাহর দৃষ্টিতে প্রিয় ও মকবুল। তাদের প্রথম গুণঃ আল্লাহ্ তাআলা তাদেরকে ভালবাসবেন এবং তারা নিজেরাও আল্লাহ্ তাআলাকে ভালবাসবে। এখানে আর একটি আয়াত প্রনিধানযোগ্য-

"হে রাসূল, আপনি বলে দিন, যদি তোমরা আল্লাহকে ভালবাস, তবে আমাকে অনুসরণ কর। তাহলে আল্লাহ্ তাআলা তোমাদেরকে ভালবাসবেন।" (ইমরান-৩১)।

এ আয়াত থেকে জানা যাচ্ছে যে, যে ব্যক্তি আল্লাহ্ তাআলার ভালবাসা লাভ করতে চায়, তার উচিত জীবনের প্রতিটি ক্ষেত্রে এবং প্রতিটি পদক্ষেপে রাসুলুল্লাহ (সাঃ) এর সুন্নত অনুসরণে অবিচল থাকা। এমন করলে আল্লাহ্ তাআলা তাকে ভালবাসবেন বলে ওয়াদা দিয়েছেন।

তাঁদের দ্বিতীয় গুণ হলঃ তাঁরা মুসলমানদের সামনে নম্র হবে এবং কোন ব্যাপারে মতবিরোধ হলে সত্যপন্থী হওয়া সত্ত্বেও সহজে বশ হয়ে তারা ঝগড়া ত্যাগ করবে। দ্বিতীয় গুণের সারমর্ম হল, তাঁরা হবে এমন একটি জাতি, যাঁদের ভালবাসা ও শত্রুতা নিজ সত্ত্বা ও সত্ত্বাগত অধিকারের পরিবর্তে শুধু আল্লাহ্ ও তাঁর রাসূল ও ধর্মের খাতিরে নিবেদিত প্রাণ হবে। এ কারণেই তাঁদের বন্দুকের নল আল্লাহ ও রাসূলের অনুগতদের দিকে নয়; বরং তাঁর শত্রু ও অবাধ্যদের দিকে নিবদ্ধ থাকবে।

তৃতীয় গুণ হল, তাঁরা সত্য ধর্মের প্রচার ও প্রসারের লক্ষ্যে জিহাদে প্রবৃত্ত হবে। এর সারমর্ম এই যে, কুফর ও ধর্ম ত্যাগের মুকাবিল করার জন্য শুধু কতিপয় প্রচলিত এবাদত এবং নম্র ও কঠোর হওয়াই যথেষ্ট নয়, বরং ধর্মকে প্রতিষ্ঠিত করার উদ্দীপনাও থাকতে হবে। এ উদ্দীপনাকে পূর্ণতা দানের জন্য চতুর্থ গুণ উল্লেখ করা হচ্ছে যে, ধর্মকে প্রতিষ্ঠিত ও সমুন্নত করার চেষ্টায় তাঁরা কোন ভর্ৎসনাকারীর ভর্ৎসনারই পরওয়া করবেনা।

বর্তমান বিশ্বে উপরোক্ত বৈশিষ্ট্যপুর্ণ মুসলমান পাওয়া যাচ্ছে আফগান তালেবানকে। পাঠক ভাই আপনি একটু আফগানিস্তান গিয়ে তাঁদের কর্মনীতি সহ বর্তমান কার্যক্রম সমূহ দেখে আসুন। অতিদ্রুত আপনার সমস্যার সমাধান পাবেন।

আয়াতের বাস্তবতা আমি এরূপ দেখতেছি যে, দ্বিতীয় আবু রেগালের রাহবারিতে মক্কা-মদীনায় ইহুদী নাছারাদের আধিপত্যের কারণে সেখানকার মুসলমানদের ঈমানী চেতনা বিলুপ্ত হয়ে তারা দ্বীন হারা হয়ে যাচ্ছে; আবার অপরদিকে আফগানিস্তানের জমিনে তৃতীয় ওমরের নেতৃত্বে ইসলামের পূনঃজাগরণ হচ্ছে। যার ইঙ্গিত হুজুর

(সাঃ) এভাবে দিয়েছেন- "আখেরি জামানায় ইসলামের পূনঃজাগরণ হবে এশিয়ার কেন্দ্র থেকে।" আফগানিস্তান হচ্ছে এশিয়া মহাদেশের কেন্দ্রবিন্দু।

অন্য হাদিসে আসছে, "আখেরী জামানায় জেরুজালেম রক্ষার জন্য যে বাহিনী তৈরী হবে তারা বের হবেন খোরাসান থেকে।" উল্লেখ্য, খোরাসান-আফগানিস্ত ানের একটি প্রদেশ।

**(৩২) বল, মুজাহিদরা দেশ ফতেহ করার পর কি করবে?**

"তারা এমন লোক যাদেরকে আমি পৃথিবীতে শক্তি সামর্থ দান করলে তারা নামায কায়েম করবে, যাকাত দেবে এবং সৎকাজে আদেশ ও অসৎ কাজে নিষেধ করবে। প্রত্যেক কর্মের পরিণাম আল্লাহর এখতিয়ার ভূক্ত।" (হজ্ব-৪১)

এ আয়াত মদীনায় হিজরতের অব্যবহিত পরে তখন অবতীর্ণ হয়, যখন মুসলমানদের কোথাও রাষ্ট্রীয় ক্ষমতা ছিলনা। কিন্তু আল্লাহ তাআলা তাঁদের সম্পর্কে পূর্বেই বলে দিলেন যে, তারা রাষ্ট্রীয় ক্ষমতা লাভ করলে তা ধর্মের উল্লেখিত গুরুত্বপূর্ণ কার্য সম্পাদনে ব্যয় করবে। এ কারণেই হযরত ওসমান গণী (রাঃ) বলেনঃ আল্লাহ তাআলার এই এরশাদ কর্ম অস্তিত্ব লাভ করার পূর্বেই কর্মীদের গুণ ও প্রশংসা কীর্তন করার শামিল।" এরপর আল্লাহ তাআলার এই নিশ্চিত সংবাদ দুনিয়াতে বাস্তব রূপ লাভ করেছে।

আল্লাহ তাআলা সর্বপ্রথম তাঁদেরকেই পৃথিবীতে রাষ্ট্রীয় ক্ষমতা দান করলেন এবং কোরআনের ভবিষ্যদ্বাণীর অনুরূপ তাঁদের কর্ম ও কীর্তি বিশ্ববাসীকে দেখিয়ে দিয়েছেন যে, তাঁরা তাদের ক্ষমতা এ কাজেই ব্যবহার করেন। তাঁরা নামায প্রতিষ্ঠিত করেন, যাকাত ব্যবস্থা চালু করেন, সৎকাজের প্রবর্তন করেন এবং মন্দ কাজের পথরুদ্ধ করেন। একারণেই আলেমগণ বলেনঃ এই আয়াত সাক্ষ্য দেয় যে, খোলাফায়ে রাশেদীন সবাই এই সুসংবাদের যোগ্য ছিলেন এবং তাদের আগমনে যে রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা লাভ করেছিল, তা সত্য, বিশুদ্ধ এবং আল্লাহর ইচ্ছা, সন্তুষ্টি ও আগাম সংবাদের অনুরূপ ছিল। এ হচ্ছে আলোচ্য আয়াতের শানে নুযুলের ঘটনা ভিত্তিক দিক। কিন্তু বলা বাহুল্য কোরআনের ভাষা ব্যাপক হলে তা কোন বিশেষ ঘটনার মধ্যে সীমাবদ্ধ থাকেনা; বরং নির্দেশ ও ব্যাপক হয়ে থাকে। এ কারণেই তাফসীরবিদ যাহহাক (রাহঃ) বলেনঃ এই আয়াতে তাঁদের জন্য নির্দেশ রয়েছে; যাদেরকে আল্লাহ তাআলা রাষ্ট্রীয় ক্ষমতায় আসীন করেন। ক্ষমতাসীন থাকাকালে তাঁদের এমন সব কর্ম আঞ্জাম দেয়া উচিত, যেগুলো খোলাফায়ে রাশেদীন তাঁদের যামানায় আঞ্জাম দিয়েছিলেন। (তাফসীরে মাআরিফুল কোরআন ৯০৪ পৃঃ)।

আজ প্রায় দেড় হাজার বছর অতিবাহিত হওয়ার পরও শুধুমাত্র কিতাল ফী

সাবিলিল্লাহর মাধ্যমে খোলাফায়ে রাশেদীনের অনুরূপ রাষ্ট্র কায়েম করেছেন আফগানিস্তানে তালেবানগণ। এর বিপরীতে বিশ্বের সবখানে জালেম ও কাফিরদের শয়তানী হুকুমত প্রতিষ্ঠিত হয়েছে। দীপ্ত কণ্ঠে আজ বাংলাদেশ সরকার (আওয়ামী লীগ) কে জালিম সরকার বললে অত্যেক্তি হবেনা। কেননা; আল্লাহ বলেন -"যারা আল্লাহ প্রেরিত বিধান অনুযায়ী ফায়সালা করেনা, তারা জালেম।" (মায়েদাহ-৪৫)।

তাই আমি আহবান করব, হে প্রিয় পাঠক বন্ধু, আমার আল্লাহর যমিনে কোরআনের বিধান ক্বায়েম হওয়ার দরুন আফগানিস্তানে যে শান্তির হিমেল হাওয়া বইতেছে তা উপভোগ করার জন্যে একবার গিয়ে ঘুরে আসুন। তৃতীয় ওমরের (মোল্লা ওমর মুজাহিদ) প্রতিষ্ঠিত খেলাফতের নমুনা দেখে আসুন। যেখানে, চুরি, ডাকাতি, খুন-রাহাজানি, ছিনতাই-হাইজ্যাক, মদ-জুয়া, সুদ-ঘুষ, জেনা-ব্যভিচার, মারা-মারি, গালা-গালি বলতে কিছুই নেই। এ যেন বেহেস্তরূপী দুনিয়া। আজ যারা তালেবানের বিরোধীতা করে তারা শিয়া, রাফেজি, খারেজি, ইহুদী, খৃষ্টান, মুশরিক, মুনাফেক ও ফাসেক এবং আহলে সুন্নাত ওয়াল জামাত বহির্ভূত গোমরাহ দল। ইহুদী-নাছারাদের বার্তা মাধ্যম সমূহেই এঁদের (তালেবান) বিরুদ্ধে অপপ্রচার শোনা যায়। যেরূপ অপপ্রচার খোলাফায়ে রাশেদীন সহ সকল সাহাবায়ে কেরামের বিরুদ্ধে মুনাফেক চক্র ছড়িয়ে ছিল।

**(৩৩) বল- পৃথিবীতে ইনসাফ প্রতিষ্ঠার জন্য আল্লাহ তাআলা কি নাযিল করেছেন?**

"আমি আমার রাসূলগণকে সুস্পষ্ট নিদর্শন সহ প্রেরণ করেছি এবং তাঁদের সাথে অবতীর্ণ করেছি কিতাব ও ন্যায়নীতি, যাতে মানুষ ইনসাফ প্রতিষ্ঠা করে। আর আমি নাযিল করেছি লৌহ, যাতে আছে প্রচন্ড রণশক্তি এবং মানুষের বহুবিধ উপকার। এটা এজন্য যে, আল্লাহ জেনে নিবেন কে না দেখে তাঁকে ও তাঁর রাসূলগণকে সাহায্য করে। আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী"। (হাদীদ-২৫)

আয়াতে কিতাব নাযিল হওয়া এবং ফেরেস্তার মাধ্যমে পয়গম্বর পর্যন্ত পৌঁছা সুবিবেচিত কিন্তু মীযান নাযিল করার অর্থ কি? এ সম্পর্কে তফসীরে রুহুল-মাআনী, মাযহারী ইত্যাদিতে বলা হয়েছে যে, মীযান নাযিল করা মানে দাঁড়িপাল্লার ব্যবহার ও ন্যায় বিচার সম্পর্কিত বিধানাবলী নাযিল করা। কুরতুবী বলেনঃ প্রকৃতপক্ষে কিতাবই নাযিল করা হয়েছে, কিন্তু এর সাথে দাঁড়িপাল্লা স্থাপন ও আবিস্কারকে সংযুক্ত করে দেওয়া হয়েছে। আরবদের বাকপদ্ধতিতে এর নজীর বিদ্যমান আছে।

কিতাব ও মীযানের পর লৌহ নাযিল করার কথা বলা হয়েছে। এখানেও নাযিল করার মানে সৃষ্টি করার কথা বলা হয়েছে। কোরআনের এক আয়াতে চতুষ্পদ জন্তুদের বেলায়ও নাযিল করা শব্দ ব্যবহার করা হয়েছে। অথচ চতুষ্পদ জন্তু

আসমান থেকে নাযিল হয়না- পৃথিবীতে জন্ম লাভ করে। সেখানেও সৃষ্টি করার অর্থ বোঝানো হয়েছে। তবে সৃষ্টি করাকে নাযিল করা শব্দে ব্যক্ত করার মধ্যে ইঙ্গিত পাওয়া যায় যে, সৃষ্টির বহুপূর্বেই লওহেমাহফুযে লিখিত ছিল। এদিক দিয়ে দুনিয়ার সব কিছুই আসমান থেকে অবতীর্ণ।

আয়াতে লৌহ নাযিল করার দু'টি রহস্য উল্লেখ করা হয়েছে। (১) এর ফলে শত্রুদের মনে ভীতি সঞ্চার হয় এবং এর সাহায্যে অবাধ্যদেরকে খোদায়ী বিধান ও ন্যায়নীতি পালনে বাধ্য করা যায়। (২) এতে আল্লাহ তাআলা মানুষের জন্য বহুবিধ কল্যাণ নিহিত রেখেছেন। এখানে আরও একটি প্রণিধানযোগ্য বিষয় এই যে, আলোচ্য আয়াতে পয়গম্বর ও কিতাব প্রেরণ এবং ন্যায়নীতির দাঁড়িপাল্লা সৃষ্টি ও ব্যবহারের আসল লক্ষ্য বর্ণনা প্রসঙ্গে বলা হয়েছে- মানুষ যাতে ইনসাফের উপর প্রতিষ্ঠিত হয়ে যায়। এরপর লৌহ সৃষ্টি করার কথাও উল্লেখ করা হয়েছে। এর লক্ষ্যও প্রকৃতপক্ষে ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠা করা। কেননা, পয়গাম্বরগণ ও আসমানী কিতাব সমূহ ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠা করার সুস্পষ্ট প্রমাণাদি দেন এবং যারা সুবিচার প্রতিষ্ঠা করে না তাদেরকে পরকালের শাস্তির ভয় দেখান। মীযান ইনসাফের সীমা ব্যক্ত করে। কিন্তু যারা অবাধ্য ও হঠকারী, যারা কোন প্রমাণ মানেনা এবং ন্যায় নীতি অনুযায়ী কাজ করতে সম্মত হয় না। তাদেরকে স্বাধীন ছেড়ে দেওয়া হলে দুনিয়াতে ন্যায় ও ইনসাফ কায়েম করা সুদূরপরাহত। তাদেরকে বশে আনা লৌহ ও তরবারির কাজ, যা শাসকবর্গ অবশেষে বেগতিক হয়ে ব্যবহার করে। (তাফ: মাআরিফুল কোরআন ১৩৩৯-১৩৪০ পৃঃ)

**(৩৪) বল- জিহাদের ময়দানে আমরা কিভাবে নামাজ আদায় করব?**

যখন আপনি তাদের মাঝে থাকেন, অতঃপর নামাযে দাঁড়ান, তখন যেন এক দল দাঁড়ায় আপনার সাথে এবং তারা যেন স্বীয় অস্ত্র সাথে নেয়। অতঃপর যখন তারা সেজদা সম্পন্ন করে, তখন আপনার কাছ থেকে যেন সরে যায় এবং অন্য দল যেন আসে যারা নামাজ পড়েনি। অতঃপর তারা যেন আপনার সাথে নামাজ পড়ে এবং আত্মরক্ষার হাতিয়ার সাথে নেয়। কাফেররা চায় যে, তোমরা কোনরূপে অসতর্ক থাক, যাতে তারা একযোগে তোমাদেরকে আক্রমণ করে বসে। যদি বৃষ্টির কারণে তোমাদের কষ্ট হয় অথবা তোমরা অসুস্থ হও, তবে স্বীয় অস্ত্র পরিত্যাগ করায় তোমাদের কোন গোনাহ নেই এবং সাথে নিয়ে যাও তোমাদের আত্মরক্ষার অস্ত্র। নিশ্চয় আল্লাহ কাফেরদের জন্যে অপমানকর শাস্তি প্রস্তুত করে রেখেছেন। (নিসা-১০২-১০৩)

আয়াতে বলা হয়েছে, (আপনি যখন তাদের মধ্যে থাকেন), এতে এরূপ মনে

করার অবকাশ নেই যে, রাসূলুল্লাহ (সাঃ) এর তিরোধানের পর এখন 'সালাতুল খওফ' এর বিধান নেই। কেননা, তখনকার অবস্থানুযায়ী আয়াতে এ শর্ত বর্ণিত হয়েছে। নবী বিদ্যমান থাকলে ওযর ব্যতিত অন্য কেউ নামাযে ইমাম হতে পারেনা।

রাসুলুল্লাহ (সাঃ) এরপর এখন যে ইমাম হবেন, তিনিই তাঁর স্থলাভিষিক্ত হবেন এবং 'সালাতুল–খওফ' পড়াবেন। সব ফেকাহবিদদের মতে সালাতুল খওফের বিধান এখনও অব্যাহত রয়েছে, রহিত হয়নি।

সুফীদের মনের সংশয় দূর করে আল্লাহ জিহাদকালীন নামাযের নিয়ম ঘোষণা করেছেন। আরও বিস্তারিত জানার জন্য হাদীস খুলে দেখুন। পাঠক বন্ধুকে আমি আহবান করব, আসুন জিহাদের ময়দানে এসে তা প্রেক্টিক্যালী শিখুন। দেখবেন যখন চতুর্পাশ থেকে গোলাবারুদ আসতেছে আর এমন সময় মুজাহিদ নামাযে দন্ডায়মান অবস্থায় বলতেছেন "সকল প্রশংসা রব্বে কায়েনাতের জন্যে।" এভাবে আরো কত গুণ কির্তন ও যিকির। এবার আপনিই বলুন এই মুজাহিদের চাইতে বড় সুফী আর কে হতে পারে?

**(৩৫) বল- কেন আমাদেরকে শ্রেষ্ঠ উম্মত বলা হয়েছে?**

"তোমরাই হলে সর্বোত্তম উম্মত, মানবজাতির কল্যাণের জন্যেই তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে। তোমরা সৎকাজের আদেশ দান করবে ও অন্যায় কাজে বাধা দেবে এবং আল্লাহর প্রতি ইমান আনবে।" (ইমরান-১১০)

এখানে প্রশ্ন জাগে ঈমান গ্রহণ, সৎকাজের আদেশ ও অসৎকাজ থেকে মানুষকে বারণ করার দায়িত্ব পূর্ববর্তী উম্মতগণ নিষ্ঠার সাথে পালন করেছিলেন। যদি তা'ই হয়, তবে বর্তমান উম্মতগন পূর্ববর্তী উম্মতগণের চেয়ে শ্রেষ্ঠ হল কিরূপে? ইমাম কাফফাল শাশী (রহঃ) এর যথার্থ জবাব দিয়েছেন, যা ইমার রাযী তাঁর বিখ্যাত তাফসীর গ্রন্থ "তাফসীরুল কবীর"- এ উল্লেখ করেছেন। তিনি বলেছেনঃ

(১) সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ এর নিম্নস্তর হল মন ও মুখ দিয়ে বারণ করা।

(২), সর্বোচ্চ স্তর হল, কিতাল বা যুদ্ধের মাধ্যমে সকল অন্যায় ও অপরাধ সমূলে বিদূরীত করা। তিনি তাঁর এ ব্যাখ্যার স্বপক্ষে তাফসীর শাস্ত্রের জনক ইবনে আব্বাস (রাঃ) এর অভিমত উদ্বৃত করেন যে, তিনি আলোচ্য আয়াতের ব্যাখ্যায় বলেছেন- "তোমাদেরকে আদেশ করা হচ্ছে যে, তোমরা এক আল্লাহর ইবাদত কর, আর যা তিনি নাযিল করেছেন তা স্বীকার ও পালন কর এবং যে তা পালন করবেনা তার বিরুদ্ধে যুদ্ধ কর।"

অতএব অন্য উম্মতের চেয়ে এ উম্মতের বৈশিষ্ট্য ও শ্রেষ্ঠত্বের প্রমাণ হল, "আমরু বিল মারুফ ওয়ানাহি আনিল মুনকারের সর্বোচ্চ স্তর যুদ্ধের মাধ্যমে আল্লাহর হুকুম পালন করা। অর্থাৎ এ উম্মত বাতিলের মোকাবিলায় যুদ্ধ করে, তাই এরা অন্য উম্মতের চেয়ে শ্রেষ্ঠ।"

পাকিস্তানের মুফতীয়ে আজম মুফতী শফী (রহঃ) তাঁর বিখ্যাত তাফসীর গ্রন্থ মা'রিফুল কোরআনের মধ্যেও এ অভিমতকে সর্বাপেক্ষা গ্রহণযোগ্য বলে ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, পূর্ববর্তী উম্মতগণকে ও আমরু বিল মা'রুফ ওয়া নাহি আনিল মুনকারের আদেশ দেওয়া হয়েছিল; কিন্তু তাদের কথা কেউ শুনত কেই উপেক্ষা করত। অন্যায়কারীদের প্রতিহত করার মত কঠিন দায়িত্ব পালন থেকে তারা বঞ্চিত ছিল। তাই এ উম্মত তাদের চেয়ে শ্রেষ্ঠ হওয়ার কারণ হল, তারা আমরু বিল মা'রুফ ওয়া নাহি আনিল মুনকারের দায়িত্ব পালন করবে এবং যারা আল্লাহর হুকুম পালন করবেনা তাদের মোকাবিলায় যুদ্ধে অবতীর্ণ হবে। অর্থাৎ বর্তমান উম্মত দাওয়াতের সাথে সাথে জিহাদের দায়িত্ব ও পালন করবে, তাই তারা সকল উম্মতের চেয়ে সেরা উম্মত। (মারিফুল কোরআন ২ খ: ৩০ পৃঃ)
একটু মনোযোগী হোন, প্রথমে বুঝতে হবে আমার বিল মা'রুফ কি? নাহী আনিল মুন্‌কার কি? "আমর" হল এমন একটি "আদেশ" যার পিঁছনে শক্তি আছে; অর্থাৎ এটা কর-করতে হবে, না করলে শাস্তি। এখানে শরিয়তে অবশ্যকর্তব্য কর্ম যা আছে তা সবই এর মধ্যে অন্তর্ভূক্ত। "নাহী" হল এমন একটি "নিষেধাজ্ঞা" যার পিঁছনে শক্তি আছে; অর্থাৎ এটা করোনা,করতে পারবে না, করলে শাস্তি। এখানে শরিয়তে নিষিদ্ধ কর্ম,যা আছে তা সবই এর মধ্যে অন্তর্ভূক্ত।
কোরআন আমাদেরকে এ কথারই নির্দেশ করে। আল্লাহর প্রত্যেক আদেশ-নিষেধ এরকমইতো। অনুরোধকে-আদেশ বললে ভুল হবে, অর্থাৎ "Application" কে কেউ অর্ডার "Ordar" বললে ভুল হবে।

উল্লেখ্য যে, একথা স্পষ্ট বুঝা গেল, এ উম্মতের উত্তম উম্মত হওয়ার একমাত্র কারণ জিহাদ ও যুদ্ধে অবতীর্ণ হওয়া, উপরন্তু মুসলিম জীবনের সর্বাপেক্ষা উত্তম ও মর্যাদাপূর্ণ কাজ হল যুদ্ধ করা। সাহাবীগণের প্রতি আল্লাহ তা'আলা সন্তুষ্টি ও রেযা-মন্দির সনদ দিয়েছেন জিহাদ ও যুদ্ধের জন্য আমৃত্যু বায়আত গ্রহণ করার প্রেক্ষিতে; সে কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে।

এ আয়াতের দৃষ্টিকোণে আমরা দেখতে পাই বর্তমানে আফগান তালেবানগণই শ্রেষ্ঠ উম্মত। অতএব আসুন আমরা তাঁদের সাথে মিলিত হয়ে শ্রেষ্ঠ উম্মতের কাতারে দাঁড়াই, তবেই আমরা আল্লাহর সন্তুষ্টি লাভে সক্ষম হব ইন্‌শাল্লাহ।

**(৩৬) বল- জিহাদ না করলে কি আল্লাহ আমাদেরকে শাস্তি দিবেন?**

"হে ঈমানদারগণ, তোমাদের কি হল, যখন আল্লাহর পথে বের হওয়ার জন্যে তোমাদের বলা হয়, তখন মাটি জড়িয়ে ধর, তোমরা কি আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে পরিতুষ্ট হয়ে গেলে? অথচ আখেরাতের তুলনায় দুনিয়ার জীবনের উপকরণ অতি অল্প। যদি বের না হও তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন।" (তাওবাহ-৩৮,৩৯)

অলস মুসলমানদের অলসতা প্রতিকারের উপায় এ আয়াতে বর্ণিত হয়েছে। কেননা দ্বীনের ব্যাপারে সকল আলস্য, নিস্ক্রিয়তা ও সকল অপরাধ এবং গুনাহের মূলে রয়েছে দুনিয়া প্রীতি ও আখেরাতের প্রতি উদাসীনতা। হাদীস শরীফে আছে "দুনিয়ার মোহ সকল গোনাহের মূল।" সে জন্য আয়াতে বলা হয়েছে- "হে ঈমানদারগণ, তোমাদের কি হল, আল্লাহর পথে বের হওয়ার জন্য বলা হলে তোমরা মাটি জড়িয়ে ধর (জিহাদে যেতে চাও না)। আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবন নিয়েই কি পরিতুষ্ট হয়ে গেলে।"

রোগ নির্ণয়ের পর তার প্রতিকার দেয়া সত্ত্বেও যারা সেদিকে অগ্রসর হবে না তাদের জন্য শাস্তির বিধান করে বলা হয়েছে- "যদি তোমরা বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন।"

এ প্রসঙ্গে নবীউসসাইফ (সাঃ) বলেছেন- "যখন তোমরা জিহাদ পরিত্যাগ করবে, তখন আল্লাহ পাক তোমাদের লাঞ্চিত করবেন।" (কানযুল উম্মাল-২৮২ পৃঃ ৪র্থ খঃ)

হে মু'মিন- মুসলমান ভাইরা আমার, আজ একমাত্র জিহাদ পরিত্যাগ করার কারণেই আমরা লাঞ্চিত ও অপমানিত হচ্ছি এবং আল্লাহর গযবে নিপতিত হচ্ছি সর্বক্ষণ। তাই জিহাদের মত গুরুত্বপূর্ণ ফরিজা আদায় করতে ময়দানে ছুটে আসুন। আমি আল্লাহ ও তাঁর রাসূলের বাণী সত্য দেখছি। আপনারা কেন তা উপলব্ধি করতে পারছেন না। যাঁরা এ জিহাদের মাধ্যমে কোরআনের বিধান প্রতিষ্ঠা করেছেন এবং যাঁদের শহীদী রক্তে আজ আফগানিস্তানে কোরআনের বিধান প্রতিষ্ঠিত হয়েছে, তাঁরা আজ কতইনা শান্তি উপভোগ করছেন। শহীদ কমান্ডার আব্দুর রহমান ফারুকী (রহঃ) আজ জান্নাতের হুরদের নিয়ে আনন্দোৎসব করতেছেন আর এদিকে একজন মাত্র মর্দে মুজাহিদ উসামা বিন লাদিন এর ভয়ে আমেরিকা পর্যন্ত ভীত সন্ত্রস্ত। আমিরুল মুমেনিন মোল্লা মোহাম্মদ ওমরের নেতৃত্বে প্রতিষ্ঠিত খেলাফত আ'লা মিন হাজিন নুবুয়াহ আফগানিস্তানের জমিনে শান্তির হিমেল হাওয়া বইতেছে।

**(৩৭) বল- আমাদের এ অবনতির মূল কারণ কি?**

"আর ব্যয় কর আল্লাহর পথে, তবে নিজের জীবনকে ধ্বংসের সম্মুখীন করোনা। আর মানুষের প্রতি অনুগ্রহ কর। আল্লাহ্ অনুগ্রহকারীদের ভাল বাসেন। (বাক্বারা-১৯৫)

এ আয়াতে স্বীয় অর্থসম্পদ থেকে প্রয়োজন মত ব্যয় করা মুসলমানদের প্রতি ফরজ করা হয়েছে। এ আয়াত থেকে ফেকাহ্ শাস্ত্রবিদগণ এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, মুসলমানদের উপর ফরয যাকাত ব্যতিত আরও এমন কিছু দায় দায়িত্ব ও ব্যয় খাত রয়েছে যেগুলো ফরজ। কিন্তু সেগুলো স্থায়ী কোন খাত নয় বা সেগুলোর জন্যে কোন নির্ধারিত নেসাব বা পরিমাণও নেই। বরং যখন যতটুকু প্রয়োজন তখন ততটুকু খরচ করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ। আর যদি প্রয়োজন না হয় তবে কিছুই ফরয নয়। জিহাদে অর্থব্যয়ও এ পর্যায়ভূক্ত। অতঃপর বলা হচ্ছে- "এবং স্বহস্তে নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দিওনা।" এখন কথা হলো যে, "ধ্বংসের মুখে নিক্ষেপ করা" বলতে এক্ষেত্রে কি বুঝানো হয়েছে? এ প্রসঙ্গে কোরআন মজিদের ব্যাখ্যাদাতাগণের অভিমত বিভিন্ন প্রকার। ইমাম জাস্সাস ও ইমাম রাযী (রহঃ) বলেছেন, আয়াতের ব্যাখ্যায় বর্ণিত বিভিন্ন উক্তির মাঝে কোন বিরোধ নেই, প্রত্যেকটি উক্তি গৃহীত হতে পারে। হযরত আবু আইয়ুব আনছারী (রাঃ) বলেন, এ আয়াত আমাদের সম্পর্কেই নাযিল হয়েছে; আমরা এর ব্যাখ্যা উত্তমরূপেই জানি। কথা হল এই যে, আল্লাহ্ তাআলা ইসলামকে যখন বিজয়ী ও সুপ্রতিষ্ঠিত করলেন, তখন আমাদের মধ্যে আলোচনা হল যে, এখন আমাদের জিহাদের কি প্রয়োজন? এখন আমরা আপন গৃহে অবস্থান করে বিষয় সম্পত্তির দেখা-শোনা করি। এ প্রসঙ্গেই এ আয়াতটি নাযিল হল। এতে সুস্পষ্ট বুঝা যাচ্ছে যে, ধ্বংসের দ্বারা এখানে জিহাদ পরিত্যাগ করাকেই বুঝানো হয়েছে। এর দ্বারা প্রমাণিত হচ্ছে যে, জিহাদ পরিত্যাগ করা মুসলমানদের জন্য ধ্বংসেরই কারণ। সে জন্যই হযরত আবু আইয়ুব আনছারী (রাঃ) সারা জীবনই জিহাদ করে গেছেন। শেষ পর্যন্ত ইস্তাম্বুলে শহীদ হয়ে সেখানেই সমাহিত হয়েছেন। (তাফসীরে মাআরিফুল কোরআন-১০০ পৃঃ)

আজ ইসলামের দৈন্য দশা। দিকে দিকে মুসলিম মা ও শিশুদের করুন আর্তনাদে আকাশ-বাতাশ ভারি হয়ে আসছে। এখনই আমাদের উচিত তাঁদের সাহায্যে হাতে ক্লাসিনকোভ, বুকে বল, মুখে তৌহিদীগান গেয়ে জালিমের মোকাবিলায় ঝাঁপিয়ে পড়া। কেননা, নবীউসসাইফ (সাঃ) বলেছেন- "তোমরা পৃথিবীবাসীর উপর রহম কর। তবে, আকাশবাসি তোমাদের উপর রহম করবে।"

**(৩৮) বল- যারা পরিবার পরিজনের উদ্বৃতি দিয়ে জিহাদ থেকে বিরত থাকার**

**বাহানা করে, তাদের জন্য কি ফায়সালা?**

"আর জেনে রাখ, তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি অকল্যাণের সম্মুখীনকারী। বস্তুতঃ আল্লাহর নিকট রয়েছে মহা সওয়াব।" (আনফাল-২৮)

"হে মুমিনগণ, তোমাদের কোন কোন স্ত্রী ও সন্তান-সন্ততি তোমাদের দুশমন। অতএব, তাদের ব্যাপারে সতর্ক থাক। যদি মার্জনা কর, উপেক্ষা কর, এবং ক্ষমা কর, তবে আল্লাহ ক্ষমাশীল, করুণাময়। তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তো কেবল পরীক্ষা স্বরূপ। আর আল্লাহর কাছে রয়েছে মহা পুরস্কার। (তাগাবুন-১৪,১৫)।

"তোমাদের স্বজন-পরিজন ও সন্তান-সন্ততি কিয়ামতের দিন কোন উপকারে আসবেনা। তিনি তোমাদের মধ্যে ফয়সালা করবেন। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন।" (মুমতাহিনা-৩)

সূরাহ মুমতাহিনার প্রথমভাগের আয়াত সমূহ একটি বিশেষ ঘটনার পরিপ্রেক্ষিতে নাযিল হয়। ঘটনাটি হল এই, তাফসীরে কুরতুবীতে কুশায়রী ও সা'লাবীর বরাত দিয়ে বর্ণিত আছে যে, বদর যুদ্ধের পর মক্কা বিজয়ের পূর্বে মক্কার সারা নাম্নী নামক একজন গায়িকা প্রথমে মদীনায় আগমন করে। রাসূলুল্লাহ (সাঃ) তাকে জিজ্ঞাসা করেন ঃ তুমি কি হিজরত করে মদীনায় এসেছ? সে বললঃ না। আবার জিজ্ঞাসা করেনঃ তুমি কি হিজরত করে মদীনায় এসেছ? সে এরও নেতিবাচক উত্তর দিল। রাসুলুল্লাহ (সাঃ) বললেনঃ তা হলে কি উদ্দেশ্যে আগমন করেছ? সে বললঃ আপনারা মক্কার সম্ভ্রান্ত পরিবারের লোক ছিলেন। আপনাদের মধ্য থেকে আমি জীবিকা নির্বাহ করতাম। এখন মক্কার বড় বড় সরদাররা বদর যুদ্ধে নিহত হয়েছে এবং আপনারা এখানে চলে এসেছেন। ফলে আমার জীবিকা নির্বাহ কঠিন হয়ে গেছে। আমি ঘোর বিপদে পড়েও অভাবগ্রস্থ হয়ে আপনাদের কাছ থেকে সাহায্য গ্রহণের উদ্দেশ্যে আগমন করেছি। রাসূলুল্লাহ (সাঃ) বললেন তুমি মক্কার পেশাদার গায়িকা। মক্কার সেই যুবকরা কোথায় গেল, যারা তোমার গানে মুগ্ধ হয়ে টাকা-পয়সার বৃষ্টি বর্ষণ করত? সে বললঃ বদর যুদ্ধের পর তাদের উৎসব পর্ব ও গান-বাজনার জৌলুস খতম হয়ে গেছে। এ পর্যন্ত তারা কেউ আমাকে আমন্ত্রণ জানায়নি। অতঃপর রাসুলুল্লাহ (সাঃ) আব্দুল মুত্তালিব বংশের লোকগণকে তাকে সাহায্য করার জন্যে উৎসাহ দিলেন। তাঁরা তাকে নগদ অর্থ-কড়ি, পোশাক-পরিচ্ছদ ইত্যাদি দিয়ে বিদায় দিল।

এটা তখনকার কথা, যখন মক্কার কাফেররা হোদায়বিয়ার সন্ধি চুক্তি ভঙ্গ

করেছিল এবং রাসুলুল্লাহ (সাঃ) কাফেরদের বিরুদ্ধে অভিযান পরিচালনার ইচ্ছায় গোপনে প্রস্তুতি নিচ্ছিলেন। তাঁর আন্তরিক আকাঙ্খা ছিল যে, এই গোপন তথ্য পূর্বাহ্নে মক্কাবাসীদের কাছে ফাঁস না হোক। এদিকে সর্বপ্রথম হিজরতকারীদের মধ্যে একজন সাহাবী ছিলেন হাতেম ইবনে আবীবালতায়া (রাঃ)। তিনি ছিলেন ইয়ামেনী বংশোদ্ভুত এবং মক্কায় এসে বসবাস করেছিলেন। মক্কায় তাঁর স্বগোত্র বলতে কেউ ছিল না। মক্কায় বসবাস কালেই মুসলমান হয়ে মদীনায় হিজরত করেছিলেন। তাঁর স্ত্রী ও সন্তানগণ তখনো মক্কায় ছিল। রাসুলুল্লাহ (সাঃ) ও অনেক সাহাবীর হিজরতের পর মক্কায় বসবাসকারী মুসলমানদের উপর কাফেররা নির্যাতন চালাত এবং তাদেরকে উত্যক্ত করত। যেসব মুহাজিরের আত্মীয়-স্বজন মক্কায় ছিল, তাঁদের সন্তান-সন্ততিরা কোনরূপে নিরাপদে ছিলনা। হাতেব চিন্তা করলেন যে, তাঁর সন্তান-সন্ততিকে শত্রুর নির্যাতন থেকে বাঁচিয়ে রাখার কেউ নেই। অতএব, মক্কা বাসীদের প্রতি কিছু অনুগ্রহ প্রদর্শন করলে তারা হয়তো তাঁর সন্তানদের উপর জুলুম করবেনা। তাই গায়িকার মক্কা গমনকে তিনি একটি সুবর্ণ সুযোগ হিসেবে গ্রহণ করলেন। হাতেব স্বস্থানে নিশ্চিত বিশ্বাসী ছিলেন যে, রাসূলুল্লাহ (সাঃ) কে আল্লাহ তাআলা বিজয় দান করবেন। এই তথ্য ফাঁস করে দিলে তাঁর কিংবা ইসলামের কোন ক্ষতি হবেনা। তিনি ভাবলেন, আমি যদি পত্র লিখে মক্কার কাফেরদেরকে জানিয়ে দেই যে, রাসুলুল্লাহ (সাঃ) তোমাদের বিরুদ্ধে অভিযান পরিচালনার ইচ্ছে রাখেন, তবে আমার ছেলে-মেয়েদের হেফাযত হয়ে যাবে। সুতরাং হাতেব এ ভুলটি করে ফেললেন এবং মক্কাবাসীদের নামে একটি পত্র লিখে গায়িকা সারার হাতে সোপর্দ করলেন। এদিকে ওহীর মাধ্যমে আল্লাহ তাআলা ব্যাপারটি রাসুলুল্লাহ (সাঃ) কে জানিয়ে দিলেন। তিনি আরও জানতে পারলেন যে, মহিলাটি এ সময়ে রওযায়ে খাক নামক স্থান পর্যন্ত পৌঁছে গেছে।

বোখারী ও মুসলিমে হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন রাসুলুল্লাহ (সাঃ) আমাকে, আবু মুরসাদকে ও যুবায়র ইবনে আওয়ামকে আদেশ দিলেন, অশ্বে আরোহণ করে সেই মহিলার পশ্চাদ্ধাবন কর। তোমরা তাকে রওযায়ে খাকে পাবে। তার সাথে মক্কাবাসীদের হাতেব ইবনে আবী বালতায়ার পত্র আছে। তাকে পাকড়াও করে পত্রটি ফিরিয়ে নিয়ে আস। হযরত আলী (রাঃ) বলেন, আমরা নির্দেশ মত দ্রুতগতিতে তার পশ্চাদ্ধাবন করলাম। রাসুলুল্লাহ (সাঃ) যে স্থানের কথা বলেছিলেন, ঠিক সে স্থানেই আমরা তাকে উটে সওয়ার হয়ে যেতে দেখলাম এবং তাকে পাকড়াও করলাম। আমরা বললাম পত্রটি বের কর। সে বলল; আমার কাছে কারো কোন পত্র নেই। আমরা তার উটকে বসিয়ে দিলাম। এরপর তালাশ করে

কোন চিঠি পেলাম না। আমরা মনে মনে বললামঃ রাসুলুল্লাহ (সাঃ) এর সংবাদ ভ্রান্ত হতে পারে না। নিশ্চয়ই সে পত্রটি কোথাও গোপন করেছে। এবার আমরা তাকে বললাম, হয় পত্র বের কর, না হয় আমরা তোমাকে বিবস্ত্র করে দিব।

অগত্যা সে নিরুপায় হয়ে পায়জামার ভেতর থেকে পত্র বের করে দিল। আমরা পত্র নিয়ে রাসুলুল্লাহ (সাঃ) এর কাছে চলে এলাম। হযরত ওমর (রাঃ) ঘটনা শোনে মাত্রই ক্রোধে অগ্নিশর্মা হয়ে রাসুলুল্লাহ (সাঃ) এর কাছে আরজ করলেন, এই ব্যক্তি আল্লাহ, তাঁর রাসুল ও সকল মুসলমানের সাথে বিশ্বাসঘাতকতা করেছে। সে আমাদের গোপন তথ্য কাফেরদের কাছে লিখে পাঠিয়েছে। অতএব, অনুমতি দিন আমি তার গর্দান উড়িয়ে দেব। রাসুলুল্লাহ (সাঃ) হাতেব কে ডেকে এনে জিজ্ঞাসা করলেনঃ তোমাকে এই কান্ড করতে কিসে উদ্বুদ্ধ করল? হাতেব আরজ করলেনঃ ইয়ারাসুলুল্লাহ (সাঃ) আমার ঈমানে এখনো তফাৎ হয়নি। ব্যাপার এই যে, আমি ভাবলাম, আমি যদি মক্কাবাসীদের প্রতি একটু অনুগ্রহ প্রদর্শন করি তবে তারা আমার সন্তানদের কোন ক্ষতি করবেনা। আমি ব্যতিত অন্য কোন মুহাজির এরূপ নেই যার স্বগোত্রের লোক মক্কায় বিদ্যমান নেই। তাদের স্বগ্রোত্রীয়রা তাদের পরিবার পরিজনের হেফাজত করে। রাসুলুল্লাহ (সাঃ) হাতেবের জবানবন্দী শোনে বললেন, সে সত্য বলেছে। অতএব, তার ব্যাপারে তোমরা ভাল ছাড়া মন্দ বলো না। হযরত ওমর (রাঃ) ঈমানের জোশে নিজ বাক্যের পুনারাবৃত্তি করলেন এবং তাঁকে হত্যা করার অনুমতি চাইলেন। রাসুলুল্লাহ (সাঃ) বললেন, সে কি বদর যোদ্ধাদের একজন নয়? আল্লাহ তায়ালা বদর যোদ্ধাদেরকে ক্ষমা করার ও তাঁদের জন্য জান্নাতের ঘোষণা দিয়েছেন একথা শোনে হযরত ওমর (রাঃ) অশ্রু বিগলিত করে আরজ করলেন, আল্লাহ তায়ালা ও তাঁর রাসুলই আসল সত্য জানেন। কোন কোন রেওয়ায়েতে হাতেবের এই উক্তিও বর্ণিত আছে যে, আমি এ কাজ ইসলাম ও মুসলমানদের ক্ষতি করার জন্যে করিনি। কেননা, আমার দৃঢ় বিশ্বাস ছিল যে, রাসুলুল্লাহ (সাঃ)-ই বিজয়ী হবেন। মক্কাবাসীরা জেনে গেলেও তাতে কোন ক্ষতি হবেনা। (তাফসীরে মাআরিফুল কোরআন ১৩৫৮-১৩৫৯)।

আপনার প্রশ্নের উত্তরে শুধুমাত্র এই আয়াতটিই যথেষ্ট মনে করি। "কিয়ামতের দিন তোমাদের আত্মীয়তা ও তোমাদের সন্তান-সন্ততি তোমাদের কোন উপকারে আসবেনা। যে আত্মীয় ও সন্তান-সন্ততিরা ফরয পালনে বাঁধা দেয়। আল্লাহ তায়ালা সেদিন এসব সম্পর্ক ছিন্ন করে দেবেন। সন্তানরা পিতামাতার কাছ থেকে ও পিতা-মাতারা সন্তানদের কাছ থেকে পলায়ন করবে। এতে হযরত হাতেব (রাঃ) এর ওযর খন্ডন করা হয়েছে যে, যে সন্তানদের মহব্বতে তুমি একাজ করেছিলে, মনে

রেখ কিয়ামতের দিন তারা তোমার কোন উপকারে আসবেনা। আল্লাহর কাছে কোন কিছু গোপন নয়"।

হে মুমিন মুসলমান ভাইরা আমার হযরত হাতেব (রাঃ)'র তো বেহেশতের সনদ ছিল, দ্বিতীয়ত ইসলাম ও মুসলমানের ক্ষতি করা তাঁর অন্তরে ছিলনা। তারপরও এ ব্যাপারে তিনি আল্লাহ পক্ষ থেকে নিষেধাজ্ঞা পেয়েছিলেন। কিন্তু আপনাদের কাছে তো কোন সনদ নেই, তবুও কেন পরিবার পরিজনের দোহায় দিয়ে জিহাদ হতে বিমুখ থেকে ফরজ তরক করছেন? অবশ্যই একদিন মৃত্যু সুধা পান করতে হবে, কিয়ামত সংঘটিত হবে, হাশরের ময়দানে উপস্থিত হতে হবে। তার আগে একবার চিন্তা করুন আখেরাতে মুক্তির কোন নিশ্চয়তা নিয়ে যাচ্ছেন কিনা; নাকি খালি হাতে চলে যাচ্ছেন। অন্ততপক্ষে আল্লাহর সাথে সাক্ষাত করার ঠিকানা তো অবশ্যই নিয়ে যেতে হবে। আল্লাহ বলেন- "এই দিবস (কিয়ামত দিবস) সত্য। অতঃপর যার ইচ্ছা, সে তার পালনকর্তার নিকট ঠিকানা তৈরী করুক"। (আন নাবা-৩৯)

শিশা ঢালা প্রাচীরের মধ্যেও যদি লুকিয়ে থাকেন সেখানেও মৃত্যু আপনাকে গ্রাস করবে, অতএব, সেই অপমৃত্যুর চেয়ে শহীদি মৃত্যুই আপনার জন্যে উত্তম যা আপনাকে চিরমুক্তির সনদ দান করবে। এতে আপনার পরিবার-পরিজনও মুক্তি পাবে। আর দুনিয়াতে থাকতেও তারা সম্মানজনক জীবন অতিবাহিত করবে এবং পরকালে আপনার সাথে গিয়ে মিলিত হবে। এক্ষেত্রে হুজুরের একটি হাদীস উদ্বৃত করলাম যা অনুধাবন করতে পারলে উপকার হবে।

হযরত সুলায়মান ইবনে বুরায়দা (রাঃ) হতে বর্ণিত, নবী করিম (সাঃ) ইরশাদ করেছেন, " যারা যুদ্ধে অংশ নেয়নি তাদের জন্য মুজাহিদ পত্নীগনের মর্যাদা ও সম্ভ্রম আপন মায়েদের মর্যাদা ও সম্ভ্রমের সমান।" (কিতাব আসসিয়ারুল কাবীর) দেখুন স্বামী যুদ্ধে অংশ নেয়ার বরকতে ইসলাম স্ত্রীকে ইজ্জত সম্মানের এক উচ্চ শিখরে সমাসীন করেছেন। আপনিও যদি জিহাদে শরিক হন তবে আপনার স্ত্রীও সেই সম্মানের অন্তর্ভূক্ত হবেন। অন্যথায় এর বিপরীত অবস্থা পরিলক্ষিত হবে দুনিয়াতে এবং আখেরাতেও।

হাদীসে আছে- "দুনিয়ার স্ত্রী বেহেশতির জন্যে আপন হুরগণের সরদার হবেন।" কত বড় সৌভাগ্যের বিষয় মুজাহিদ পত্নীগণের জন্য।

**(৩৯) বল- যারা দুনিয়ার পরিবর্তে আখেরাতের সুখ-শান্তিকে বেশী প্রাধান্য দেয় তাদের কর্তব্য কি?**

"কাজেই আল্লাহর কাছে যারা পার্থিব জীবনকে আখেরাতের পরিবর্তে বিক্রি

করে দেয় তাদের জিহাদ করাই কর্তব্য।" (নিসা-৭৪)

প্রকৃত মুমিনই পার্থিব জীবনের পরিবর্তে আখেরাতের জীবনকে প্রাধান্য দিয়ে থাকে। যার কারণে তাঁরা তাঁদের অধিকাংশ সময় আল্লাহর ইবাদতে কাটায়। এদিকে আল্লাহ আরও এবাদতকে অবশ্য কর্তব্য করে দিয়েছেন যা তাঁর কাছে অধিক পছন্দনীয় এবং এর দ্বারাই যেন মুমিন আল্লাহর অধিক নৈকট্য হাসিল করতে সক্ষম হয়। এ এমন এবাদত যা স্বয়ং হুজুর (সাঃ) সহ সমস্ত সাহাবায়ে কেরাম, তাবেঈন, তবে-তাবেঈন, সহ যুগের সকল সিদ্ধ পুরুষগণ আদায় করেছেন। ইতিহাস তার স্বাক্ষী। এ শ্রেণীর লোকদের সাথেই আল্লাহ এরূপ ওয়াদা করেছেন যে-

"তোমাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে ওয়াদা দিয়েছেন যে, তাদেরকে অবশ্যই পৃথিবীতে শাসন কর্তৃত্ব দান করবেন। যেমন তিনি শাসন কর্তৃত্ব দান করেছেন তাদের পূর্ববর্তীদেরকে। (আন্-নূর-৫৫)। অতএব, আল্লাহ তাআলার এ চিহ্নিত এবাদতকে অবশ্যই অবশ্যই পালন করতে হবে।

**(৪০) হে কুরআন! মুনাফিকদের পরিচয় বলে দিবে কি?**

"আর তোমাদের মধ্যে এমনও কেউ কেউ রয়েছে, যারা অবশ্য বিলম্ব করবে এবং তোমাদের উপর কোন বিপদ উপস্থিত হলে বলবে, আল্লাহ আমার প্রতি অনুগ্রহ করেছেন যে, আমি তাদের সাথে যাইনি। পক্ষান্তরে তোমাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে কোন অনুগ্রহ আসলে তারা এমনভাবে বলতে শুরু করবে যেন তোমাদের মধ্যে এবং তাদের মধ্যে কোন মিত্রতাই ছিলনা। (বলবে) হায়, আমি যদি তাদের সাথে থাকতাম, তাহলে আমিও যে সফলতা লাভ করতাম।" (নিসা-৭২,৭৩)।

ঈমান পরীক্ষার স্থান হল জিহাদের ময়দান। আর এ জিহাদের মাধ্যমেই হুজুর (সাঃ) মুনাফিকদের চিনতে পেরেছিলেন। যখনই জিহাদের ডাক আসতো সাহাবায়ে কেরামগণ তখনই তরবারী ও সওয়ারী নিয়ে দুশমনদের মুকাবিলায় অবতীর্ণ হতেন। এদিকে মুনাফিকরা "সময়ে সরব অসময়ে নিরব" এর সুযোগ খুঁজত। যদি আল্লাহর পক্ষ থেকে কোন বিপদ এসে উপস্থিত হতো তখন তারা তামাশাচ্ছলে বলে বেড়াত আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন যে, আমরা তাদের সাথে যাইনি, নইলে আমরাও বিপদগ্রস্থ হতাম। আবার যখন আল্লাহর ইচ্ছায় সাহাবাগণ বিজয় লাভ করে গনীমত নিয়ে ফিরতেন তখন তারা গনীমতের অংশ খুঁজতো নির্লজ্জের মতো। আজ ১৪'শ বছর অতিবাহিত হওয়ার পরও সেই মুনাফেকের পদচারনা পরিলক্ষিত হচ্ছে জিহাদের ময়দানে। তারা আজ বলে বেড়াচ্ছে- "আল্লাহ আমাদের উপর

অনুগ্রহ করেছেন যে আমরা মুজাহিদ্বীনদের সাথে আরাকান জিহাদে যাইনি। যদি যেতাম তাহলে আমরাও ঐ ৪৫ জনের সাথে কারাবন্দি হয়ে যেতাম।" হে "বুয়্যুতানা আওরাহ"- এর গুষ্টিরা জেনে রাখ, তারা যদি আল্লাহর অনুগ্রহে আরাকান বিজয় করে শরয়ী বিধান কায়েম করে বসে, তবে তোমাদেরকেই প্রথম দৃষ্ঠান্তমূলক শাস্তি প্রদান করবে। যেরূপ তালেবানগণ দিয়েছিলেন নজিবুল্লাহকে। তোমাদের সম্পর্কে কোরআন আমাদেরকে স্পষ্ট সিদ্ধান্ত দিচ্ছে যে, তোমাদের সাথে যুদ্ধ করার জন্যে, তখন তোমরা কোথায় পালাবে? "মুনাফেকরা এ ব্যাপারে ভয় করে যে, মুসলমানদের উপর না এমন সূরাহ নাযিল হয়, যাতে তাদের অন্তরের গোপন বিষয় অবিহিত করা হবে। সুতরাং আপনি বলে দিন, ঠাট্টা-বিদ্রুপ করতে থাক; আল্লাহ তা অবশ্যই প্রকাশ করবেন যার ব্যাপারে তোমরা ভয় করছ। আর যদি তুমি তাদের কাছে জিজ্ঞেস কর, তবে তারা বলবে, আমরাতো কথার কথা বলছিলাম এবং কৌতুক করছিলাম। আপনি বলুন, তোমরা কি আল্লাহর সাথে, তাঁর হুকুম-আহ্‌কামের সাথে এবং তাঁর রাসূলের সাথে ঠাট্টা করছিলে? ছলনা করোনা, তোমরা যে কাফের হয়ে গেছ ঈমান প্রকাশ করার পর। তোমাদের মধ্যে কোন কোন লোককে যদি আমি ক্ষমা করে দিইও, তবে অবশ্য কিছু লোককে আযাবও দেব। কারণ, তারা ছিল পাপাচারী। মুনাফেক নর-নারী সবারই গতিবিধি একরকম; তারা মন্দের নির্দেশ করে, ভাল কথা থেকে বারণ করে এবং নিজ মুঠো বন্দ রাখে। আল্লাহকে ভুলে গেছে তারা, কাজেই তিনিও তাদের ভুলে গেছেন। নিঃসন্দেহে মুনাফেকরাই নাফরমান। ওয়াদা করেছেন আল্লাহ মুনাফেক পুরুষ ও মুনাফেক নারীদের এবং কাফেরদের জন্যে দোযখের আগুনের,তাতে তারা পড়ে থাকবে সর্বদা। সেটাই তাদের জন্য যথেষ্ট। আর আল্লাহ তাদের প্রতি অভিসম্পাত করেছেন এবং তাদের জন্য রয়েছে স্থায়ী আযাব। (সূরাহ তাওবাহ-৬৪-৩৮)

হে মুনাফেক সম্প্রদায় আল্লাহর নিকট তাওবাহ করে খাটি ঈমান গ্রহণ কর, তবেই তোমাদের ক্ষমা করা হবে।

"অতঃপর তোমাদের কি হল যে, মুনাফিকদের সম্পর্কে তোমরা দু'দল হয়ে গেলে? অথচ আল্লাহ তায়ালা তাদেরকে ঘুরিয়ে দিয়েছেন তাদের মন্দ কাজের কারণে। তোমরা কি তাদেরকে পথ প্রদর্শন করতে চাও, যাদেরকে আল্লাহ পথভ্রষ্ট করেছেন? আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তুমি তার জন্যে কোন পথ পাবেনা।" (নিসা-৮৮)

যায়েদ ইবনে সাবেত (রাঃ) বর্ণনা করেছেন, যখন নবী (সাঃ) ওহুদপানে যাত্রা করলেন তখন মধ্য পথ হতে তাঁর সঙ্গীয় কিছু লোক (মুনাফিক) ফিরে আসল।

তাদের সম্পর্কে সাহাবীগণের মধ্যে মতবিরোধ ঘটল। একদল বললেন, তাদের বিরুদ্ধে শত্রুর ন্যায় ব্যবস্থা অবলম্বন করা হউক। অপর দল বললেন, তাদের বিরুদ্ধে ঐরূপ ব্যবস্থাবলম্বন করা যাবেনা। (কারণ তারাতো মুসলিম দলভূক্ত) এই মত বিরোধের প্রতি কটাক্ষপাত করে কোরআনের উপরোক্ত আয়াত নাযিল হয়। একদ্ভিন্ন তাদের সম্পর্কে নবী করিম (সাঃ) বললেনঃ মদীনার অপর নাম 'তায়বাহ' (পবিত্রকারক)। সে দোষী ও অপরাধীকে বিচ্ছিন্ন করে দেয়, যেরুপ অগ্নি রৌপ্যের ময়লা বিচ্ছিন্ন করে দেয়। (বাংলা অনুবাদকৃত বোখারী ৩য় খঃ ১৫৭ পৃঃ)।

"আর যে দিন দু'দল সৈন্যের মোকাবিলা হয়েছে; সেদিন তোমাদের উপর যা আপতিত হয়েছে তা আল্লাহর হুকুমেই হয়েছে এবং তা এ জন্য যে, যাতে ঈমানদারদিগকে জানা যায়। এবং তাদেরকে যাতে সনাক্ত করা যায় যারা মুনাফিক ছিল। আর তাদেরকে বলা হয় এসো, আল্লাহর রাহে লড়াই কর কিংবা শত্রুদিগকে প্রতিহত কর। তারা বলেছিল, আমরা যদি জানতাম যে, লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম। সেদিন তারা ঈমানের তুলনায় কুফরীর কাছাকাছি ছিল। যা তাদের অন্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে। বস্তুতঃ-আল্লাহ ভালভাবে জানেন তারা যা কিছু গোপনে করে থাকে। ওরা হল সে সব লোক, যারা বসে থেকে নিজেদের ভাইদের সম্বন্ধে বলে, যদি তারা আমাদের কথা শুনত, তবে নিহত হতনা। তাদেরকে বলে দিন, এবার তোমাদের নিজেদের উপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।" (ইমরান-১৬৬-১৬৭-১৬৮)

"যদি আশুলাভের সম্ভাবনা থাকতো এবং যাত্রাপথও সংক্ষিপ্ত হতো, তবে তারা অবশ্যই আপনার সহযাত্রী হতো, কিন্তু তাদের নিকট যাত্রা পথ সুদীর্ঘ মনে হল। আর তারা এমনই শপথ করে বলবে, আমাদের সাধ্য থাকলে অবশ্যই তোমাদের সাথে বের হতাম, এরা নিজেরাই নিজেদের বিনষ্ট করছে, আর আল্লাহ জানেন যে, এরা মিথ্যাবাদী"। (তাওবাহ-৪২)

"আর যদি তারা বের হবার সংকল্প নিত, তবে অবশ্যই কিছু সরঞ্জাম প্রস্তুত করতো। কিন্তু তাদের উত্থান আল্লাহর পছন্দ নয়, তাই তাদের নিবৃত রাখলেন এবং বলা হল, বসা লোকদের সাথে তোমরা বসে থাক। (তাওবাহ-৪৬)

"এবং যখন মুনাফিক ও যাদের অন্তরে রোগ ছিল তারা বলছিল, আমাদেরকে প্রদত্ত আল্লাহ ও রসূলের প্রতিশ্রুতি প্রতারণা বৈ নয়। এবং যখন তাদের একদল বলেছিল হে ইয়াসরেববাসী! এটা ঠিকবার মত জায়গা নয়, তোমরা ফিরে চল। তাদেরই একদল নবীর কাছে অনুমতি প্রার্থনা করে বলেছিল, আমদের বাড়ী–ঘর খালি, অথচ সেগুলো খালি ছিলনা, পলায়ন করাই ছিল তাদের ইচ্ছা।" (আহ্যাব-

১২,১৩)

"তোমরা যখন যুদ্ধলব্দ ধন-সম্পদ সংগ্রহের জন্যে যাবে, তখন যারা পশ্চাতে থেকে গিয়েছিল, তারা বলবে, আমাদেরকেও তোমাদের সঙ্গে যেতে দাও। তারা আল্লাহর কালাম পরিবর্তন করতে চায়। বলুন, তোমরা কখনো আমাদের সঙ্গে যেতে পারবেনা। আল্লাহ্ পূর্বে থেকেই এরূপ বলে দিয়েছেন। তারা বলবেঃ বরং তোমরা আমাদের প্রতি বিদ্বেষ পোষণ করছ। পরন্তু তারা সামান্যই বোঝে। (ফাত্হ্-১৫)। তুমি যখন তাদের কাছে ফিরে আসবে, তখন তারা তোমাদের নিকট ছল-ছুতা নিয়ে উপস্থিত হবে; তুমি বল, ছল করোনা, আমি কখনো তোমাদের কথা শুনবনা; আমাকে আল্লাহ তা'আলা তোমাদের অবস্থা সম্পর্কে অবহিত করে দিয়েছেন। আর এখন তোমাদের কর্ম আল্লাহই দেখবেন এবং তাঁর রাসূলও। তারপর তোমরা প্রত্যাবর্তিত হবে সেই গোপন ও অগোপন বিষয়ে অবগত সত্বার নিকট। তিনি-ই তোমাদের বাতলে দেবেন যা তোমরা করছিলে। এখন তারা তোমার সামনে আল্লাহর কসম খাবে যখন তুমি তাদের কাছে ফিরে যাবে, যেন তুমি তাদের ক্ষমা করে দাও। সুতরাং তাদের ক্ষমা কর-নিঃসন্দেহে এরা অপবিত্র এবং তাদের কৃতকর্মের বদলা হিসাবে তাদের ঠিকানা হল দোযখ। তারা তোমার সামনে কসম খাবে যাতে তুমি তাদের প্রতি রাযী হয়ে যাও। অতএব, তুমি যদি রাযী হয়ে যাও তাদের প্রতি তবু আল্লাহ তা'আলা রাযী হবেন না, এ নাফরমান লোকদের প্রতি। বেদুইনরা কুফর ও মুনাফেকীতে অত্যন্ত কঠোর হয়ে থাকে এবং এরা সেসব নীতি-কানুন না শেখারই যোগ্য যা আল্লাহ তা'আলা তাঁর রাসূলের উপর নাযিল করেছেন। বস্তুতঃ আল্লাহ্ সবকিছুই জানেন এবং তিনি অত্যন্ত কুশলী। আবার কোন কোন বেদুইন এমনও রয়েছে যারা নিজেদের ব্যয় করাকে জরিমানা বলে গণ্য করে এবং তোমার উপর কোন দুর্দিন আসে কিনা সে অপেক্ষায় থাকে। তাদেরই উপর দুর্দিন আসুক। আর আল্লাহ হচ্ছেন শ্রবণকারী পরিজ্ঞাত। (সুরাহ তাওবাহ-৯৪-৯৮ এই আয়াত সমূহের তাফসীর মাআরিফুল কোরআনে দেখুন (৫৮৮ পৃঃ)

সুপ্রিয় পাঠক বন্ধু আমার, এ হচ্ছে কোরানের জবাব। বলুনতো আমরা যে সমস্ত বাহানা উপস্থাপন করি তা উপরোক্ত মুনাফিকেরই অনুরূপ বাহানা নয় কি? কোন কোন হাদীসে রয়েছে যে, একদল মুনাফিকের ব্যক্তিগত পরিচয়ও রাসুলুল্লাহ (সাঃ)কে দেয়া হয়েছিল। মুসনাদে- আহমদে ওকবা ইবনে আমরের হাদীসে আছে যে, রাসূর (সাঃ) একবার এক খোতবায় ৩৬ জন মুনাফিকের নাম বলে তাদেরকে মজলিস থেকে উঠিয়ে দেন। হাদীসে তাদের নাম গণনা করা হয়েছে। (মা'রিফুল কোরআন-১২৬১ পৃঃ)

আল্লাহ তা'আলা রাসূল (সাঃ)-কে মুনাফিকদের পরিচয় যেভাবে দিয়েছিলেন সেভাবে তিনি তা ব্যক্ত করেন, যা আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন এভাবে- "নবী করিম (সাঃ) এরশাদ করেন, যে ব্যক্তি মারা গেল অথচ সে কখনো জিহাদে অংশ গ্রহণ করেনি আর তার অন্তরে কোন দিন জিহাদের সাধও জাগেনি, সে এক প্রকার নেফাকের উপর (মুনাফিক অবস্থায়) মারা গেল। (মুসলিম)

ওহে প্রিয় পাঠ বন্ধু আমার! আমি বলব আজ না হয় আপনি হুজুরের (সাঃ) মজলিসে অনুপস্থিত। কিন্তু হাশরের ময়দানে যখন তার সমীপে উপস্থিত হবেন তখন যদি তিনি বলেন যে, "তুমি তো কোন দিন জিহাদ কর নাই বরং জিহাদী কাফেলার প্রতি বিরুপ মন্তব্য করে বেড়াতে। তুমি মুনাফিক আমার সামনে থেকে সরে যাও"। তখন আপনি কোথায় যাবেন বলুন? মুনাফিকের স্থান জাহান্নামের সর্বনিম্নস্থলে।

অতএব, এখন আপনার কাছে মুনাফিকের পরিচয় আল্লাহ ও তাঁর রাসূলের সুস্পষ্ট উক্তি দ্বারা প্রমাণ হল। সুতরাং নিজের কর্তব্য কর্ম নির্ধারণ করুন।

**(৪১) বল- কতদিন পর্যন্ত আমাদেরকে জিহাদ করতে হবে?**

"আর তোমরা তাদের সাথে লড়াই কর যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত হয়। অতঃপর যদি তারা নিবৃত হয়ে যায় তাহলে করো প্রতি কোন জবরদস্তি নেই, কিন্তু যারা জালেম (তাদের ব্যাপার আলাদা)"। (বাক্বারাহ-১৯৩)

"আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেত্না শেষ হয়ে যায় এবং আল্লাহর সমস্ত হুকুম প্রতিষ্ঠিত হয়ে যায়। তারপর যদি তারা বিরত হয়ে যায়, তবে আল্লাহ তাআলা তাদের কার্যকলাপ লক্ষ্য করেন"। (আনফাল-৩৯)

বিভিন্ন তাফসীরের কিতাবে আনফালের ৩৯ নং আয়াতের বিস্তারিত ব্যাখ্যা রয়েছে। তবে এর সারমর্ম হল মুসলমানদের উপর ইসলামের শত্রুদের বিরুদ্ধে ততক্ষণ পর্যন্ত যুদ্ধ-জিহাদ অব্যাহত রাখা ওয়াজিব, যতক্ষণ না মুসলমানের উপর তাদের অত্যাচার উৎপীড়নের তথা ফেত্নার পরিসমাপ্তি ঘটে এবং যতক্ষণ না তথাকথিত সমস্ত ধর্মের উপর ইসলামের বিজয় সূচিত হয়। আর এমন অবস্থাটি কেয়ামতের নিকটবর্তী কালেই বাস্তবায়িত হবে এবং সে কারণে কেয়ামত পর্যন্ত জিহাদের হুকুম অব্যাহত থাকবে।

ইসলামের শত্রুদের বিরুদ্ধে জিহাদের পরিণতিতে দুটি অবস্থার সৃষ্টি হতে পারে। প্রথমঃ এই যে, তারা মুসলমানদের উপর অত্যাচার উৎপীড়ন থেকে বিরত

হয়ে যাবে, তা ইসলামী ভ্রাতৃত্বের অন্তর্ভূক্তির মাধ্যমেও হতে পারে কিংবা নিজ নিজ ধর্ম মতে থেকেই আনুগত্যের চুক্তি সম্পাদন করার মাধ্যমেও হতে পারে। দ্বিতীয়তঃ এতদুভয় অবস্থার কোনটি গ্রহণ না করলে অব্যাহত মুকাবিলায় স্থির থাকবে। আয়াতে এই উভয় অবস্থার হুকুমই বর্ণিত হয়েছেঃ "তারা যদি বিরত হয়ে যায়, তবে আল্লাহ তা'য়ালা তাদের কার্যকলাপ লক্ষ্য করেন।" রক্তপাত কখন হারাম ও কখন হালাল এই নির্দেশ দিয়ে বলা হয়েছে, "যে ব্যক্তি প্রাণের বিনিময়ে প্রাণ অথবা পৃথিবীতে অনর্থ সৃষ্টি কারী ছাড়া কাউকে হত্যা করে, সে যেন সব মানুষকেই হত্যা করে। এবং যে কারো জীবন রক্ষা করে সে যেন সবার জীবন রক্ষা করে"। (মায়েদা-৩২)

এ আয়াতে খুনের পরিবর্তে খুন এবং দুনিয়াতে ফেত্না ফাসাদ সৃষ্টিকারীকে হত্যা বৈধ বলা হয়েছে। এতদ্ব্যতীত হত্যা করার কোন অবকাশ নেই। এমন কি উপরোক্ত দুই কারণ ব্যতিত হত্যাকে এতবড় পাপ বলে জানিয়ে দেওয়া হয়েছে যে, উহা সমস্ত মানুষকে হত্যা করার তুল্য।

অন্যত্র জিযিয়া প্রদানের উপর যুদ্ধ ও হত্যার শেষ সীমা নির্ধারণ করে আল্লাহ তা'আলা বলেন

"তাদের সহিত সেই সময় পর্যন্ত যুদ্ধ কর, যে পর্যন্ত না তারা অধীন ও প্রজারুপে গণ্য হয়ে জিযিয়া দিতে স্বীকৃত হয়"। (তাওবাহ-২৯)

এর মর্ম এই যে ইসলাম বিরুদ্ধ শক্তি জিযিয়া আদায় করে আহকামে ইসলাম জারীর প্রতি সম্মত হলে আর তাদের সহিত যুদ্ধ করা যাবে না এবং যুদ্ধের অনুমতি সীমা তখনই শেষ হয়ে পড়ে। কেননা জিযিয়া দেওয়ার দ্বারা এই সিদ্ধান্ত হল যে, ইসলামী রাষ্ট্রের মুসলিম সরকার ঐ কাফেরের জান-মালের নিরাপত্তা দানে ওয়াদাবদ্ধ। তাই এ সময় কাফেরদের হত্যাকরার উপর কঠোর ভাষায় নিষধাজ্ঞা আরোপ করে হুজুর (সাঃ) বলেন- "যে মুসলমান কোন কাফেরকে জীবনের নিরাপত্তা দেয়ার পর তাকে হত্যা করে, কিয়ামতের দিন তাকে বিশ্বাসঘাতকের ঝান্ডা দেয়া হবে।" (মেশকাত)

"তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রু পক্ষ অস্ত্র সমর্পন করে"। (মুহাম্মদ-৪)

**(৪২) বল-মুজাহিদগণ প্রচলিত গণতন্ত্রে বিশ্বাসী নয় কেন?**

"হে বনী আদম! আমি কি তোমাদেরকে বলে রাখিনি যে, শয়তানের এবাদত করো না, সে তোদের প্রকাশ্য শত্রু? এবং আমার এবাদত কর, এটাই সরল পথ। শয়তান তোমাদের অনেক দলকে পথ ভ্রষ্ট করেছে। তবুও কি তোমরা বুঝনি? (ইয়াসিন-৬০-৬১-৬২)

এ প্রসঙ্গে অত্র পুস্তিকার শুরুর দিকে আলোচনা হয়েছে যে, গণতন্ত্র একটি কুফরী মতবাদ, ইহা আব্রাহাম লিংকনের নিকট শয়তানের প্রেরিত ওহী। এর অনুসরণ করা শয়তানের এবাদতের নামান্তর। উপরন্তু এর দ্বারা ইসলাম ক্বায়েম তো দুরের কথা ইসলামের কোন উপকারই হতে পারেনা। সেরূপ হয়েছে বলে কোন প্রমাণও নেই। এখানে আলজেরিয়ার ঘটনা প্রনিধানযোগ্য। "ইসলামীক সালবেশন ফ্রন্ট" ৮৫% ভোট পেয়েও ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে পারেনি, কেননা রাতা-রাতি সকল নেতাকর্মীকে নিঃশেষ করে দেওয়া হয়েছে সেনাবাহিনীর মাধ্যমে। এখনও সেখানে তুমুল লড়াই চলছে। তাইতো আল্লাহ তাআলা বলেন, শয়তানের পদাংক অনুসরণ করোনা, কেননা সে তোমাদের চির শত্রু।

অপরপক্ষে "কিতাল ফী সাবীলিল্লাহ" আল্লাহর পক্ষ হতে হুজুর পাক (সাঃ)-এর প্রতি প্রেরিত ওহী। আর ইহাই ইসলাম ক্বায়েমের একমাত্র মাধ্যম। এর প্রকৃত প্রমাণ হল খোলাফায়ে রাশেদা সহ এর পরবর্তী অনেক জামানা। এমনকি ১৪'শ বছর অতিবাহিত হওয়ার পরও জিহাদের মাধ্যমেই ইসলামী হুকুমত প্রতিষ্ঠিত হয়েছে বর্তমান আফগানিস্তানে। তাই আল্লাহ বলেন- শুধুমাত্র আমার এবাদত কর, আমার নবীর পদাংক অনুসরণ কর এটাই সহজ সরল রাস্তা, যার শেষ প্রান্তে তুমি পাবে জান্নাত। নচেৎ তুমি পৃথিবীর সাম্প্রতিক ঘটনার প্রতি লক্ষ্য কর; আলজেরিয়ার মত রাষ্ট্রের মানুষগুলি শয়তানের পদাংক অনুসরণ করেই তো পথভ্রষ্ট হয়েছে। তাই আল্লাহ নিজেই প্রশ্ন করছেন- "শয়তান তোমাদের অনেক দলকে (আলজেরিয়ার সালভেনশন ফ্রন্ট, তুরস্কের রেফাহ্ পার্টি) পথভ্রষ্ট করেছে তবুও কি তোমরা বুঝনি? এখানে তোমার জন্য শিক্ষা রয়েছে, বুঝার চেষ্টা কর নতুবা তুমিও তাদের অন্তর্ভূক্ত হয়ে পড়বে। অতঃপর জাহান্নামই হবে তোমার সর্বশেষ ঠিকানা।

"আর যদি আপনি পৃথিবীর অধিকাংশ লোকের কথা মেনে নেন, তবে তারা আপনাকে আল্লাহর পথ থেকে বিপথগামী করে দেবে। তারা শুধু অলীক কল্পনার অনুসরণ করে এবং সম্পূর্ণ অনুমান ভিত্তিক কথা বলে থাকে।" (আন্আম-১১৬)

মাসআলাঃ "আল্লাহর নিষিদ্ধ বস্তুকে হালাল মনে করা যে শুধু পাপ তা নয়, বরং কুফরীও বটে। অনুরূপ কোন হালাল বস্তুকে হারাম সাব্যস্ত করাও কুফরী। তবে হারামকে হারাম মনে করে কেউ যদি অসতর্ক পদক্ষেপ নেয়, তবে তা কুফরী নয়; বরং তা গোনাহ ও ফাসেকী।"

"যদি তোমরা তাদের অনুসরন (আনুগত্য) কর, তোমরাও মোশরেক হয়ে যাবে। (সূরাহ আনআম-১২১)এই আয়াতের তাফসীরে হাকীমুল উম্মত মোজাদ্দেদে মিল্লাত মাওলানা আশরাফ আলী থানভী (রহঃ) তাঁর "মাওয়ায়েযে থানভী"-তে

লিখেন- "কুফরী মতবাদের উপর আমল করাও কুফরী" এ প্রসঙ্গে তিনি একটি শিক্ষনীয় গুরুত্বপূর্ণ ঘটনার বর্ণনা দিয়েছেন। তা'হল- মাওলনা ফাত্হ মোহাম্মদ (রহঃ) বলেন, শায়খ দাহ্হান মক্কার প্রখ্যাত আলিম ছিলেন। তিনি বলেন, মক্কায় একজন আলিম মৃত্যুবরণ করলে এক স্থানে তাকে দাফন করা হয়। কিছু দিন পর অপর এক ব্যক্তির মৃত্যু হলে তাঁর ওয়ারিশ মৃতদেহ উক্ত আলিমের কবরে দাফরন করার সিদ্ধান্ত নেয়। তৎকালে মক্কায় নিয়ম ছিল যে, তারা এক কবরে একাধিক লাশ দাফন করত। এক পর্যায়ে আলিম ব্যক্তির কবর খনন করা হলে দেখা গেল সেখানে তার লাশ নেই। তার স্থানে রাখা আছে অন্য এক রুপসী যুবতীর লাশ, তাকে আকার আকৃতিতে ইউরোপিয়ান মেয়ের মত মনে হল। ঘটনা দেখে সকলেই অবাক। বিষয়টা কারোরই বুঝে আসছেনা। ঘটনাক্রমে ইউরোপ থেকে আগত জনৈক মুসলিম ব্যক্তি উক্ত মজলিসে উপস্থিত ছিলেন। মেয়েটি দেখেই সে বলে উঠল, আমিতো তাকে চিনি। এতো ফ্রান্সের অধিবাসী এক খৃষ্টানের কন্যা। আমার নিকট আরবী পড়ত এবং গোপনে মুসলমান হয়েগিয়েছিল। একে আমি ইসলাম সম্পর্কিত কয়েকটি বইও পড়িয়েছিলাম। হঠাৎ দুরারোগ্য এক ব্যাধিতে আক্রান্ত হয়ে মারা যায় এবং আমার সাথে তাদের পরিবারের যোগাযোগ বন্ধ হয়ে যায়। এতটুকু তথ্য পেয়ে জনতা বলল, এতে মেয়েটির লাশ এখানে চলে আসার কারণ না হয় বুঝলাম যে, সে একজন মুসলমান ও নেক্কার মেয়ে ছিল, কিন্তু এ কবরের আলিম লোকটির লাশ গেল কোথায়? কেউ কেউ বলল, হতে পারে তার লাশ এ মেয়েটির কবরে স্থানান্তরিত করা হয়েছে। অবশেষে জনতা উক্ত ইউরোপিয়ান পর্যটককে বলল, সফর শেষে আপনি যখন দেশে ফিরবেন, তখন এ মেয়েটির কবর খনন করে একটু দেখবেন, ওখানে আমাদের মুসলমান আলিমের লাখ আছে কিনা, আলিমের লাশ সনাক্ত করার উপায়ও তারা তাকে বলে দেয়। তারপর যথাসময়ে সে ইউরোপ চলে যায় এবং মেয়ের বাপ-মাকে ঘটনাটি শোনায়। শুনে তারা এই বলে বিস্মিত হয়ে পড়ে, এটা কি করে সম্ভব যে মেয়েকে দাফন করলাম ফ্রান্সে আর তুমি কিনা তার লাশ দেখে এলে মক্কায়। অবশেষে রহস্য উদঘাটনের জন্য সিদ্ধান্ত হলো, মেয়েটার কবর খনন করে দেখা হোক।

মেয়ের বাপ-মা সহ উৎসুক আত্মীয়-স্বজন ও জনতার উপস্থিতিতে কবর খনন করা হল। দেখা গেল সত্যি লাশ বাক্সে মেয়ের লাশ নেই তার স্থলে রাখা আছে অন্য পুরুষের ছিন্ন ভিন্ন লাশ। সেই মুসলমান আলিমের লাশ যাকে মক্কায় দাফন করা হয়েছিল।

শায়খ দাহ্হান বলেন, কিছুদিন পর পর্যটক লোকটি আমাদের কাছে সংবাদ

পাঠালেন যে, আপনাদের আলিমের লাশ ফ্রান্সে পাওয়া গেছে। মক্কাবাসীরা ভাবনায় পড়ে গেল যে, ব্যাপারটা কি? মেয়েটির লাশ মক্কায় এসে পড়ার ব্যাপার না হয় বুঝলাম, আর তার কবুলিয়তের লক্ষণ এবং কবুল হওয়ার হেতুও পাওয়া গেল। কিন্তু আমাদের আলিম লোকটির লাশ মক্কা থেকে কাফিরদের দেশে চলে যাওয়ার রহস্য কি? কি কারণে তার ভাগ্যে এমন দশা ঘটল? বহু চিন্তা ভাবনার পর সবাই বলল, আসল অবস্থা তার ঘরের লোকদের বিশেষ করে স্ত্রীর ভাল জানা থাকবে। আমরা তার স্ত্রীকে জিজ্ঞেস করে দেখি কোন তথ্য পাওয়া যায় কিনা। পরিকল্পনা অনুযায়ী তারা তার ঘরে গেল এবং তার স্ত্রীকে জিজ্ঞেস করল, আচ্ছা আপনি আপনার স্বামীর মধ্যে কখনো ইসলাম বিরোধী কোন আচরণ দেখেছেন কি? স্ত্রী বলল, না তেমন কিছুই তো দেখিনি। তিনি পাকা নামাযী ছিলেন, রীতিমত কুরআন তিলাওয়াত করতেন এবং তাহাজ্জুদ তো বাদ যেত না কখনো। বড় ভাল মানুষ ছিলেন আমার স্বামী। কিন্তু তারপরও লোকেরা বলল, আপনি ভাল করে চিন্তা করে দেখুন কারণ তার লাশ দাফনের পর মক্কা থেকে কাফিরের দেশ ফ্রান্সে চলে গেছে। তার মধ্যে ইসলাম বিরোধী কোন দোষ না থাকলে এমনটি হবে কেন? এবার স্ত্রী বলল হ্যাঁ একটি কথা অবশ্য মনে পড়েছে যে, তিনি যখনই আমার সঙ্গে মিলিত হতেন এবং মিলন শেষে গোসল করার ইচ্ছা করতেন, তখন বলতেন খৃষ্টান ধর্মে এ বিষয়টি বড় ভালো যে, সে ধর্মে সহবাস করলে গোসল করা লাগেনা। এ একটা দোষ অবশ্য তার মধ্যে ছিল। শুনে লোকেরা বলল, ব্যস এ কারণেই আল্লাহ তা'আলা তার লাশ মক্কা থেকে সে জাতির দেশে নিক্ষেপ করেছেন যাদের আইন সে পছন্দ করত।

উল্লেখ্য যে, আলোচ্য লোকটি বাহ্যিক দৃষ্টিতে মুত্তাকি আলিম এবং পাকা মুসলমান ছিল। কিন্তু ভিতরে ভিতরে কাফিরদের একটি বিধানকে সে ইসলামী বিধানের ওপর প্রাধান্য দিত। আর এটা শতসিদ্ধ কথা যে, কুফরী মতবাদ সমর্থন করাও কুফরী, এ কারণে সে শুরু থেকেই মুসলমান ছিল না। তবে কারো মধ্যে এরূপ ত্রুটি থাকলেই লাশ স্থানান্তরিত হয়ে যায় না। আল্লাহ তা'আলা অনুগ্রহ করে এমন দুএকটি ব্যতিক্রম ধর্মী ঘটনা দেখান, যাতে মানুষ শিক্ষা গ্রহণ করতে পারে। তাই এখানেও আমাদের শিক্ষা হল কুফরী মতবাদ 'গণতন্ত্র' কাফেরদের জন্যই প্রযোজ্য, মুসলমানদের জন্য নয়। "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে"। এবার মূল আলোচনায় আসুন, মুজাহিদগণ প্রচলিত গণতন্ত্রে বিশ্বাসী নয় কেন? আসলে ইসলামে প্রচলিত গণতন্ত্রের কোন স্থান নেই। তাহলে ইসলাম কি এক নায়কতন্ত্রের

পক্ষে? না তাও নয়। কেননা যেভাবে একদলের ইচ্ছা মত সিদ্ধান্তে ভুল হওয়ার সম্ভাবনা আছে, অনুরূপ ভাবে একনায়কতন্ত্রের শাসকের একক সিদ্ধান্তেও ভুলের সম্ভাবনা আছে। আমরা বলি যে, কোরআনের বিধান মতে কাজ করা হবে চাই তা এক ব্যক্তির রায় হোক বা দশজনের পরামর্শের ফসল হোক। অর্থাৎ গণতন্ত্র ও একনায়কতন্ত্রের মাঝখানে একটি নীতি রয়েছে যার নাম "শূরানীতি"। এটাই আমরা জানি ও মানি। কেননা আল্লাহ বলেন- "এবং কাজ কর্মে তাদের সাথে পরামর্শ করুন। যখন কোন কাজের সিদ্ধান্ত গ্রহণ করে ফেলেন তখন আল্লাহ তা'আলার উপর ভরসা করুন। (আল-ইমরান ১৫৯)।

এখানে পরামর্শের গুরুত্ব ও পন্থা সম্পর্কে রাসুলুল্লাহ (সাঃ) এর একটি হাদীস বিশেষ প্রণিধানযোগ্য।

"খতীব বাগদাদী হযরত আলী মুর্তজা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি রাসূলুল্লাহ (সাঃ) কে জিজ্ঞেস করলাম, আপনার অবর্তমানে আমরা যদি এমন কোন সমস্যার সম্মুখীন হই যাতে কোরআনের কোন ফায়সালা নেই। আপনার পক্ষ থেকে কোন ফায়সালা না পাই, তবে আমরা সে ব্যাপারে কি করব আমাদের হুকুম দিন। রাসূলুল্লাহ (সাঃ) জওয়াবে বলেন এর জন্য আমার উম্মতের উলামা ও ইবাদতকারীদের একত্রিত করবে এবং পারস্পরিক পরামর্শের ভিত্তিতে কর্তব্য স্থির করবে, কারো একক মতে ফায়সালা করোনা।"

পাঠক বন্ধু আমার! একটু চিন্তা করুন, জ্ঞানী গুণী ও ইবাদতকারী লোকের পরামর্শের দ্বারা কার্য নির্ধারণ করতে বলেইতো অজ্ঞ, নির্বোধ ও ফাসেক শ্রেণীর লোকের রায়কে বাতিল করা হলো। তাই আমি বলব প্রচলিত গণতন্ত্র বাতিল তথা অগ্রহণযোগ্য।

আর একটু চিন্তা করুন আলে ইমরানের-১৫৯ নাম্বার আয়াতে বলা হচ্ছে যে, শাসকগণ অধীনস্থদের থেকে পরামর্শ নিবে। কিন্তু অধিনস্থদের তো আগে বেড়ে পরামর্শ দেয়ার অধিকার দেওয়া হয়নি। এমন তো বলা হয়নি যে, শাসক পরামর্শ কামনা করুন আর নাই করুন তাকে পরামর্শ শুনতে বাধ্য কর। শরীয়তের কোথাও তো "তোমরা শাসকদের পরামর্শ দাও, এটা তাদের প্রতি তোমাদের অধিকার" বলা হয়নি। যখন ইসলাম অধিনস্থ প্রজা সম্প্রদায়কে নিজ ইচ্ছেমত পরামর্শ দেয়ার অনুমতি দেয়নি, তখন আবার ইসলামে গণতন্ত্রের অবকাশটা কোথায়?

যে রাষ্ট্রে ইসলামী শরীয়তের অনুসারী সরকার অথবা আইন নেই, সেখানে যদি ইসলাম বিরোধী বিধানকে আইন সিদ্ধ করার জন্য নির্বাচন করা হয় যেমন বাংলাদেশ বা তৃতীয় বিশ্বের মুসলিম রাষ্ট্র গুলোতে করা হয়, সে সব রাষ্ট্রে নিম্নোক্ত কয়েকটি

মূলনীতির ভিত্তিতে ভোট দান সম্পূর্ণ হারাম বলে বিবেচিত হয়ঃ-

(১) বর্তমান বাংলাদেশ বা অন্যান্য গণতান্ত্রিক মুসলিম রাষ্ট্রের আইন-কানুন পাশ্চাত্যের ইসলাম বিরোধী নীতিমালা অনুসারে প্রণীত। যেহেতু পাশ্চাত্য গণতন্ত্র অনৈসলামিক ও শরীয়ত বিরোধী বিধান মতে প্রণিত, সেহেতু শরীয়ত পরিপন্থী বিধানকে অনুমোদন দানের জন্য ভোটদান সম্পূর্ণ হারাম এবং কুফরীর নামান্তর।

(২) যুগে যুগে দাওয়াতের দায়িত্ব আদায় করার পর প্রত্যেক নবী তাঁর অনুসারীদের জন্য তিনটি মূলনীতি রেখে গেছেন, যে মূলনীতির ভিত্তিতে আমাদেরকে শরীয়ত, পথ চলার নির্দেশ করে।

প্রথমত:- নবীর দাওয়াত গ্রহণ করা, দ্বিতীয়ঃ নবীর দাওয়াত গ্রহণ করতঃ তাঁর আনুগত্য স্বীকার করে সে আলোকে সমাজ ও জীবন গঠন করা, তৃতীয়তঃ সমাজ গঠনে ব্যর্থ হলে হিজরত করে অন্য দেশে চলে গিয়ে দ্বীন প্রতিষ্ঠায় ব্রতী হওয়া। শরয়ী সমাজ প্রতিষ্ঠায় ব্যর্থ হয়ে শরীয়ত পরীপন্থী অনৈসলামিক সমাজের সাথে মিলে মিশে ইসলাম বিরোধী বিধানের অনুমোদনে ভোটদানের অনুমতি কখনো ইসলাম সমর্থন করেনি। পূর্ববর্তী আম্বিয়া, সাহাবায়ে কিরাম থেকে নিয়ে এ পর্যন্ত প্রকৃত ইসলামের অনুসারী কোন ব্যক্তির জীবন ইতিহাসে এমন নজির নেই। বাহ্যত বর্তমান পাশ্চাত্য গণতন্ত্রের নামে শরীয়ত বিরোধী বৈধ কল্পে, ভোট দান করা সকল আম্বিয়ায়ে কিরাম সহ শেষ নবী হযরত মুহাম্মদ (সাঃ) ও সাহাবায়ে কিরামের কর্মনীতি ও আদর্শের পরিপন্থী। তারপরও এসব গণতান্ত্রিক প্রক্রিয়াকে ইসলামী রাজনীতির লেবাস পরানোর অপচেষ্টা করা সম্পূর্ণ ইসলাম বিরোধী কাজ।

(৩) পাশ্চাত্য গণতন্ত্র পুরুষের মতো নারীদেরও ভোটাধিকার এবং শাসন ক্ষমতায় নারীদের সম অধিকার দিয়েছে। যার ফলে মুসলিম রাষ্ট্র সমূহেও শাসনের সর্বোচ্চ ক্ষমতা থেকে নিয়ে সর্বনিম্ন পদে পর্যন্ত নারীদের অবাদ পদচারণা লক্ষ্য করা যাচ্ছে। কুরআন হাদীসে এমন কোন নজীর নেই বা এমন কোন অবকাশও নেই যে, নারী সর্বোচ্চ ক্ষমতায় অধিষ্ঠিত হতে পারবে। যার ফলে পুরুষদের পাশাপাশি নারীদের ভোটাধিকার দেয়া এবং শাসন ক্ষমতায় অধিষ্ঠিত করা সম্পূর্ণ শরীয়ত বিরোধী এবং কুফরী কাজ।

(৪) সংসদে মহিলা সদস্যগণ পুরুষদের পাশাপাশি অর্ধ উলঙ্গ অবস্থায় শরীয়ত বিরোধী পোশাক পরিচ্ছদ পড়ে হাসি, তামাশা, আলাপ, আলোচনা করে যার ফলে সবসময়ই চোখ, পা, হাত দ্বারা জিনার গুনাহ সংঘটিত হতে থাকে। ইসলামের নামে এসব কাজ করা কুরআন ও হাদীসের সাথে ঠাট্টা বৈ কিছু নয়। যখন স্পষ্টভাবে হাদীসে বলা হয়েছেঃ "শরীয়ত অননুমোদিত দৃষ্টি জিনা করে, হাত, পাও জিনা

করে।" উল্লেখ্য, কুরআন হাদীসের পরিপন্থী কাজকে ইসলাম সম্মত কাজ বলে চালিয়ে দেয়াও কুফরী।

(৫) পাশ্চাত্য গণতন্ত্রের ভিত্তি হল, অধিকাংশ ভোটে নির্বাচিত দল পাঁচ বছর দেশ শাসন করবে, যদিও সে দল ইসলাম বিরোধীই হোক না কেন? বিগত কয়েকটি নির্বাচনে দেখা গেছে, সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্বাচিত দল ইসলামের অনুসারী তথা কুরআন ভিত্তিক শাসক নয় বরং ইসলাম বিরোধী বিধান মতেই দেশ পরিচালনা করেছে। অতএব, নিশ্চিত ইসলামী শরীয়ত বিরোধী আইনে দেশ শাসনে অঙ্গিকারাবদ্ধ সংখ্যাগরিষ্ঠের বাক্সে ভোট দেয়া মানে পাঁচ বছরের জন্য বেদ্বীনি কাজ কর্মের জন্য তাদের সুযোগ দেয়া, ইহা অবশ্যই কুফরী কাজে অংশ গ্রহণ করার অন্তর্ভূক্ত।

(৬) যদি ধরে নেয়া হয় (যদিও অবাস্তব), কোন মুসলিম দেশে পাঁচ বছরের জন্য ইসলামী দল ভোটে জয় লাভ করে ইসলামী অনুশাসন মতো দেশ পরিচালনার চেষ্টা করবে কিন্তু পাঁচ বছর পর যদি আবার ,অনৈসলামিক দল ক্ষমতায় অধিষ্ঠিত হয়, তখন আবার তাদের হাতে ক্ষমতা ছেড়ে দিবে। তখন বিষয়টি ইসলাম থেকে ইরতিদাদ অর্থাৎ মুরতাদ হয়ে যাওয়ার নামান্তর নয়কি?

(৭) যে আইন বা বিধানে সংশয়, সন্দেহ এবং অনিশ্চয়তার অবকাশ আছে, ইসলাম কি এধরনের সংশয়বাদিতাকে কখনো প্রশ্রয় দেয়। সংশয়বাদীরা কি মুসলমান হতে পারে? কুফরের সাথে ইসলামের কি সমঝোতা করার অবকাশ আছে?

(৮) কুরআন হাদীসের ভিত্তিতে মুসলমানদের মধ্যে ঐক্য প্রতিষ্ঠা করার ফরয এবং অনৈক্য সৃষ্টি করা হারাম। যে কাজ কুরআনের নির্দেশ প্রতিপালনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে, যা মুসলমানদের মধ্যে অনৈক্যের জন্ম দেয় তা ত্যাগ করা একান্ত অপরিহার্য। আর এর সহযোগিতা করাও সম্পূর্ণ হারাম। তদ্রুপ পাশ্চাত্য গণতন্ত্রের অধীনে কোন নির্বাচনে অংশ গ্রহণ করা এবং ভোটদান করাও নির্দ্বিধায় হারাম।

এছাড়াও বর্তমান নির্বাচন প্রক্রিয়া এজন্যে শরীয়ত পরিপন্থী যে, কুরআন হাদীসের দৃষ্টিতে পরনিন্দা, অন্যের উপর অপবাদ আরোপ করা এবং নিজের প্রশংসা গেয়ে বেড়ানো হারাম। পাশ্চাত্য নির্বাচন প্রক্রিয়ায় এই তিনটি বিষয় বৈধ। ফলে শরীয়ত অনুগত মুসলমানদের জন্য এরূপ নির্বাচন বয়কট করা এবং ভোট দান থেকে বিরত থাকা ফরজ এবং অংশগ্রহন করা হারাম। উক্ত বিষয়ে আরো বিস্তারিত জানার জন্য শেষ অধ্যায়টি পড়ুন।

মোদ্দাকথা উপরোক্ত সব কারণে মুজাহিদগণ প্রচলিত গণতন্ত্রের অনুসরণ তথা বিশ্বাস করেন না।

**(৪৩) বল- মুজাহিদগণ যাকাত গ্রহণ করতে পারবে কি?**

"যাকাত হল কেবল ফকীর, মিসকীন, যাকাত আদায়কারী ও যাদের চিত্ত আকর্ষণ প্রয়োজন তাদের হক এবং তা দাস মুক্তির জন্যে, ঋণগ্রস্তদের জন্যে, আল্লাহর পথে জিহাদকারীদের জন্যে এবং মুসাফিরদের জন্যে। এই হল আল্লাহর নির্ধারিত বিধান। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।" (তাওবাহ-৬০)।

"বহু প্রতিষ্ঠান যাকাতের সম্পদ উষুল করে বছরের পর বছর জমা রেখে দেয়। আর যাকাত দাতাগণ মনে করে যে, তাদের যাকাত আদায় হয়ে গেছে। অথচ যাকাতের সম্পদ যে পর্যন্ত যোগ্য খাতে ব্যয়িত না হবে, সে পর্যন্ত যাকাত আদায় হবে না। সুতরাং যাকাতের সম্পদ তাৎক্ষণিকভাবে উপযুক্ত হকদারের মালিকানায় হস্তান্তর করা জরুরী।" (মাসায়েলে মাআরিফুল কোরআন-৯১ পৃঃ)

আয়াতে فِىْ হরফের পুনারাবৃত্তি করার উদ্দেশ্যে এই যে, এ খাতটি উল্লেখিত সবখাত অপেক্ষা উত্তম। তার কারণ এই যে, এতে দু'টি ফায়দা রয়েছে- (১) গরীব নিঃস্বের সাহায্য এবং (২) একটি ধর্মীয় কাজে সহায়তা করা। কারণ "ফি-সাবিলিল্লাহ" এর মর্ম সেসব গাজী ও মুজাহিদ, যাদের অস্ত্র ও জিহাদের উপকরণ ক্রয় করার ক্ষমতা নেই অথবা ঐ ব্যক্তি যার উপর হজ্জ ফরজ হয়ে গেছে, কিন্তু এখন আর তার কাছে এমন অর্থ নেই যাতে সে ফরজ হজ্জ আদায় করতে পারে। এ দুটি কাজই নির্ভেজাল ধর্মীয় খেদমত ও এবাদত। কাজেই যাকাতের মাল এতে ব্যয় করায় একজন নিঃস্ব লোকের সাহায্য হয় এবং একটি এবাদত আদায়ে সহযোগিতা হয়। এমনিভাবে ফেকাহবিদগণ ছাত্রদেরকেও এর অন্তর্ভূক্ত করেছেন। কারণ, তারাও একটি এবাদত আদায় করার জন্যই ঐ ব্রত গ্রহণ করে থাকে। সাহাবায়ে কেরাম, যারা কুরআনকে সরাসরি রাসূলে করীম (সাঃ) এর নিকট অধ্যয়ন করেছেন ও বুঝেছেন তাঁদের এবং ইমামগণের যত রকম তাফসীর এ فِىْ سَبِيْلِ اللّٰهِ শব্দটির ব্যাপারে উদ্বৃত রয়েছে তাতে এ শব্দটিকে হজ্বব্রতী ও মুজাহিদ্বীনদের জন্য নির্দিষ্ট বলে সাব্যস্ত করা হয়েছে।

অতএব, এতটুকু আলোচনার মধ্যে আপনার বুঝে নেয়া উচিত যে মুজাহিদগণ যাকাত গ্রহণ করতে পারবে। এটা আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত বণ্ঠন।

**(৪৪) হে কুরআন! যারা "জিহাদ-জিহাদ-জিহাদ চাই, জিহাদ করে বাঁচতে চাই" এ শ্লোগান ধরে রাজপথ উত্তপ্ত করে তাদের সম্পর্কে আপনার মন্তব্য কি?**

"মুমিনগণ! তোমরা যা করনা, তা কেন বল? তোমরা যা করনা, তা বলা আল্লাহর কাছে খুবই অসন্তোষজনক"। (আছ-ছফ-২,৩)

ইমাম তিরমিযী হযরত আব্দুল্লাহ ইবনে সালাম (রাঃ) থেকে বর্ণনা করেনঃ একদল সাহাবায়ে কেরাম পরস্পরে আলোচনা করলেন যে, আল্লাহ তায়ালার কাছে সর্বাধিক প্রিয় আমল কোনটি আমরা যদি তা জানতে পারতাম, তবে তা বাস্তবায়িত করতাম।

বগভী (রহঃ) এ প্রসঙ্গে আরও বর্ণনা করেছেন যে, তাঁরা কেউ কেউ একথা বললেন যে, আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় আমলটি জানতে পারলে আমরা তজ্জন্যে জান ও মাল সব বিসর্জন করতাম।

ইবনে কাসীর মুসনাদে আহমদের বরাত দিয়ে বর্ণনা করেন যে, তাঁরা সব একত্রিত হয়ে পরস্পরে এই আলোচনা করার পর একজনকে রাসূলুল্লাহ (সাঃ) এর কাছে এ সম্পর্কে প্রশ্ন করার জন্যে প্রেরণ করতে চাইলেন, কিন্তু সাহস হল না। ইতিমধ্যে রাসূলুল্লাহ (সাঃ) তাঁদেরকে নামে নামে নিজের কাছে ডেকে পাঠালেন। তাঁরা দরবারে উপস্থিত হলে রাসূলুল্লাহ (সাঃ) তাঁদেরকে সমগ্র সূরাহ আছচ্ছফ পাঠ করে শুনিয়ে দিলেন, যা তখনই নাযিল হয়েছিল।

এ সূরাহ থেকে জানা গেল যে, তাঁরা সর্বাধিক প্রিয় যে আমলটির সন্ধানে ছিলেন সেটি হচ্ছে 'আল্লাহর পথে জিহাদ'। তাঁরা এ সম্পর্কে যে সব বড় বড় বুলি আওড়িয়েছিলেন এবং জীবনপন করার দাবী উচ্চারণ করেছিলেন, সে সম্পর্কেও এ সূরায় সাথে সাথে তাঁদেরকে সতর্ক করা হয়েছে যে, কোন মুমিনের জন্য এ ধরনের বুলি আওড়ানো দুরস্থ নয়। কারণ এটা একটা মিথ্যা দাবী বৈ নয়, যা নাম ও যশ অর্জনের খাতিরে হতে পারে। বলা বাহুল্য, উপরোক্ত ঘটনায় সাহাবায়ে কেরাম যে দাবী করেছিলেন তা না করার ইচ্ছায় ছিল না। কেননা এমন কোন সাহাবী পাওয়া যাবে না যিনি জিহাদ করেন নাই। আজ যারা রাজপথে ঐ ধরনের দাবী তোলে শোরগোল করে, তাদের সে দাবী অবান্তর। কারণ, প্রকৃতই যদি তোমাদের জিহাদের তামান্না হয়, তোমাদের দাবী সত্য হয়, তবে তোমাদের উচিত ছিল না রাজপথে শোরগোল করা, বরং তোমাদের উচিত ছিল- আরাকান, কাশ্মির, ফিলিস্তিন, আফগানিস্তান, আলজেরিয়া, কসোভোর জিহাদের ময়দানে অবতীর্ণ হওয়া। অবান্তর বুলি আওড়ানোর চাইতে মনের তামান্নাকে কাজে রূপ দেয়াই মুমিনের লক্ষণ ও দাসত্বের পরিচয়। তাই আমি বলি মুজাহিদ্বীনগণ এ ধরনের কোন মিথ্যা দাবী করে না বরং আপন আপন ঈমানী জয্‌বাহ নিয় জিহাদের ময়দানে অবতীর্ণ হয়। আপনি প্রত্যেক জিহাদের ময়দানে হরকতের সৈনিকদের দেখতে পাবেন তারা বুকটান করে দুশমনের মুকাবিলা করে যাচ্ছেন।

আমার আর একটি কথা- যারা উপরোক্ত শ্লোগান ধরে রাজপথে শোরগোল

করে, তাদের এ দাবী যে সম্পূর্ণ মিথ্যা, তা আপনি একটু গভীরভাবে চিন্তা করলে বুঝতে পারবেন। বলেন তো পৃথিবী বাঁচার জায়গা না মরার? অবশ্যই মরার জায়গা; বাঁচার জায়গা হল জান্নাত। যারা জিহাদ করে শাহাদাত লাভে ধন্য হবে তারাই জান্নাতে অফুরন্ত হায়াত কাটাবে। কিন্তু যারা রাজপথে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্যে মিছিল করে তারা কখনো শরীয়ত সম্মত শাহাদাত লাভ করতে পারে না, যদিও তারা দাবী করে শহীদ। অতএব, কিভাবে তারা শহীদী মর্যাদাপূর্ণ জান্নাত পাবে? সুতরাং শহীদগণ ব্যতিত আর কারো এ দাবী সত্য নয়। কেননা, আল্লাহ তাআলা জান্নাতে যখন বেহেস্তীদের উদ্দেশ্যে বলবেন-"সেখানে তোমাদের জন্যে আছে যা তোমাদের মন চায় এবং সেখানে তোমাদের জন্যে আছে যা তোমরা দাবী কর।" (হা-মীম সেজদাহ-৩১) অর্থাৎ তোমাদের আর কোন কিছু চাওয়ার আছে কিনা?

তখন সকল জান্নাতী চুপ হয়ে থাকবে। কারণ, জান্নাতে তাদের শেষ চাওয়া আল্লাহর দীদার তো হয়ে গেল। কিন্তু শহীদগণ বলবেন- "আমি আল্লাহর রাস্তার লড়ব আর শহীদ হব, আবার জীবিত করা হবে এবং শহীদ হব, আবার জীবিত করা হবে এবং শহীদ হব। কারণ কাফের মারার মধ্যে এমন স্বাধ ও আস্বাধ সে উপভোগ করল যা জান্নাতে গিয়েও সে ভুলতে পারছে না। অথচ কোন নবীও বলবেনা "হে আল্লাহ আমাকে আবার নবুওত দান করুন আমি আরও একটু নবুওয়তী করে আসি।" তাই বলছিলাম মুজাহিদগণ এখানে অবান্তর কোন শ্লোগান দেয় না শুধু কাজই করে যায়। জান্নাতে গিয়েই তাঁরা শ্লোগান দিবেন- "জিহাদ-জিহাদ-জিহাদ চাই, জিহাদ করেই বাঁচতে চাই"। কেননা বাঁচার জায়গা, জান্নাত তো তাঁরা পেয়ে গেলেন।

**(৪৫) হে কুরআন! ইসলাহী বায়আততো বুঝে আসছে, কিন্তু "জিহাদী বায়আত" সম্পর্কে কিছু বলবেন কি?**

"সুতরাং তোমরা আনন্দিত হও সে লেন-দেনের উপর, যা তোমরা করেছ তাঁর সাথে। (তাওবাহ-১১১)

এখানে বায়আত, লেনদেন ও অঙ্গিকার উভয় অর্থে ব্যবহৃত হয়েছে।

"যারা আপনার কাছে আনুগত্যের শপথ করে, তারা তো আল্লাহর কাছে আনুগত্যের শপথ করে। আল্লাহর হাত তাদের হাতের উপর রয়েছে।" (ফাতাহ-১০)

"আল্লাহ মু'মিনদের প্রতি সন্তুষ্ট হলেন, যখন তারা বৃক্ষের নীচে আপনার কাছে শপথ করল।" (ফাতাহ-১৮)

কোরআন বলছে আমার মধ্যে তিন জায়গায় বায়আত এর কথা উল্লেখ আছে, আর এ বায়আত দ্বারা আল্লাহ তাআলা 'জিহাদের বায়আত ' বুঝিয়েছেন। তাইতো

সাহাবায়েকেরামগণও সর্বক্ষেত্রে বায়আত দ্বারা জিহাদের বায়আত বুঝতেন। সাহাবাগণ বলেন- "আমরা ওরা, যারা মুহাম্মদ (সাঃ) এর হাতে শপথ গ্রহণ করেছি যে, যতদিন বেঁচে থাকি জিহাদ করব, জিহাদ ত্যাগ করব না মরণ না আসা পর্যন্ত।"

ওহে প্রিয় পাঠক বন্ধু! কুরআনের এরূপ আলোচনার দ্বারা আমার আর বুঝতে বাকি নেই- জিহাদের বায়আত কি ও কেন, কিন্তু জানিনা আপনার তা কতটুকু বুঝে আসছে। এখানে আপনার বুঝকে সহজতর করার জন্য আমি আরও দু'টি হাদীস উপস্থাপন করছিঃ ইমাম মুসলিম ও ইমাম বোখারী সহীহ সনদ বর্ণনা করেছেন যে, হযরত মুজাশি ইবনে মাসউদ সালামী (রাঃ) বলেনঃ "আমি আমার ভাইয়ের সাথে হুজুরের (সাঃ) দরবারে হাজির হলাম। আমি তাঁকে বিনয়ের সাথে বললাম, আমাদেরকে হিজরতের উপর বায়আত করুন। প্রিয় নবী (সাঃ) বললেন, যারা হিজরত করেছে তাদের হিজরত করে চলে যাওয়ার সাথে সাথে হিজরতের প্রশ্ন শেষ হয়ে গেছে।" অতঃপর আমি প্রিয় নবী (সাঃ) এর নিকট জানতে চাইলাম, তবে এখন আমরা কিসের উপর বায়আত গ্রহণ করব? তিনি বললেন- ইসলাম ও জিহাদের উপর।

হযরত ইয়ালা ইবনে মাম্বাহ (রাঃ) বলেন- আমি মক্কা বিজয়ের পরের দিন প্রিয় নবী (সাঃ) এর দরবারে গেলাম এবং তাকে বিনয়ের সাথে বললাম, হে আল্লাহর নবী (সাঃ)! আমার আব্বাকে হিজরতের উপর বায়আত করুন। প্রিয় নবী (সাঃ) বললেন, হিজরতের উপর নয় বরং তাকে জিহাদের বায়আত করাব। কেননা মক্কা বিজয়ের পর হিজরতের প্রয়োজনীয়তা শেষ হয়ে গেছে।" (সুনানে কুবরা বায়হাকী ৯ খ: ১৬ পৃ:)

এর দ্বারা বুঝা যায়, প্রিয় নবী (সাঃ) এর নবুয়ত প্রাপ্তির পর শুরুর দিকে ইসলামের উপর বায়আত গ্রহণ করা হত। পরবর্তী সময়ে বায়আত গ্রহণ করা হয় কেবল জিহাদের উপর। তাই আমি আহবান করব আপনাকে, আসুন আমরাও জিহাদের উপর বায়আত গ্রহণ করে সাহাবায়ে কেরামের পূর্ণ অনুসারী হয়ে যাই।"

**(৪৬) বল- এত কষ্ট আর ত্যাগের দ্বারা জিহাদ করব, কিন্তু উপকার বা লাভটা কি হবে?**

কোরআন এখানে ৬টি উপকারের কথা দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করল-

(১) "যুদ্ধ কর ওদের সাথে, আল্লাহ তোমাদের হস্তে তাদের শাস্তি দিবেন।

(২) তাদের লাঞ্চিত করবেন।

(৩) তাদের বিরুদ্ধে তোমাদের জয়ী করবেন।

(৪) এবং মুসলমানদের অন্তর সমূহ শান্ত করবেন।

(৫) এবং তাদের (তোমাদের) মনের ক্ষোভ দূর করবেন।

(৬) আর আল্লাহ তোমাদের সকলকে ক্ষমা করে দিবেন।" (তাওবাহ-১৪,১৫) আজ আমরা জিহাদ পরিত্যাগ করার কারণে অশান্তিতে নিমজ্জিত আছি, লাঞ্চিত হচ্ছি এবং পরাজয়ের গ্লানি উপভোগ করছি। উপরোক্ত আয়াত দ্বারা স্পষ্ট বুঝা যাচ্ছে যে, জিহাদ তথা কিতাল করতে থাকলেই আমরা ঐ সব থেকে মুক্ত থাকতাম। আর আমাদের অন্তর সমূহ আল্লাহ শান্ত করে দিতেন এবং আমাদের রাগ সমূহ কাফেরের উপর উড়াতে পারতাম। কিন্তু কিতাল তরক করার কারণে মনের সে রাগটা এসে পড়ল আপনজনদের উপর। যার ফলে নিজেদের মধ্যে মতবিরোধ ও ফেতনাই লেগে রয়েছে।

হে পাঠক বন্ধু আমার, এখনো কি আপনার বুঝে আসছেনা, কেন আমরা আজ শত দলে বিভক্ত হয়ে গেছি আর ঐদিকে কাফেররাই আমাদের উপর মোড়লিপনা করে চলছে? সাহাবাগণের উপরতো তারা মোড়লিপনা করতে পারেনি। আসুন আমরা কিতালের ময়দানে ঝাপিয়ে পড়ি, কিতালের মাধ্যমে সকল কুফরি মতবাদকে চুরমার করে দিয়ে নিজেদের মধ্যে সীসা ঢালা ঐক্য গড়ে তুলি, তবেই বিশ্বকে শাসন করতে সক্ষম হব আর কাফের গোষ্ঠি আমাদের গোলাম হয়ে থাকবে এবং আমাদের ভয় দেখিয়ে তারা তাদের শিশুদের ঘুম পাড়াবে, যেভাবে হযরত ওমর (রাঃ) এর নাম বলে বলে রোম-পারস্যের মহিলারা তাদের শিশুদের ঘুম পাড়াতো। "আমি সাহায্য করব রাসূলগণকে ও মুমিনগণকে পার্থিব জীবনে ও সাক্ষীদের দন্ডায়মান হওয়ার দিবসে।" (মুমিন-৫১)

চরম কষ্ট আর ত্যাগের দ্বারা আমরা যখন জিহাদ করব, তবেই শাহাদাত আমাদের নসীব হবে, আর শুহাদায়ে কেরামের জন্যেই হুজুর (সাঃ) ৬টি উপকারের কথা এভাবে ঘোষনা দিয়েছেনঃ

হযরত আবু দারদা (রাঃ) রাসুলুল্লাহ (সাঃ) থেকে বর্ণনা করেন, শুহাদায়ে কেরামের জন্য আল্লাহ বাব্বুল আলামীনের নিকট ৬টি অসাধারণ পুরস্কার রয়েছে-
(১) আল্লাহ রাব্বুল আলামিন শহীদের ছোট-বড় সকল গুনাহ ক্ষমা করে দিবেন।
(২) কবরের ভয়াবহ আযাব থেকে শহীদকে পরিপূর্ণ নিরাপত্তা দান করবে এবং জান্নাতে তাকে এত উচ্চ মর্যাদা দান করবেন যা দেখে সবাই বিস্মিত হবে।
(৩) কিয়ামতের ভয়াবহ ধ্বংস লীলা থেকে শহীদকে হিফাযত করবেন।
(৪) কাল-কিয়ামতের দিন হাশরের ময়দানে আল্লাহ বাব্বুল আলামিন শহীদের মাথায় এমন মহা মূল্যবান মুকুট পড়িয়ে দিবেন যাতে প্রতি স্থাপিত এককটি মণি মুক্তা সমগ্র পৃথিবী ও এর যাবতীয় ধন-সম্পদের চেয়েও অনেক অনেক বেশী

মূল্যবান হবে।

(৫) একেক জন শহীদকে আল্লাহ রাব্বুল আলামিন বেহেস্তের অপরুপা সুন্দরী বাহাত্তরটি হুরকে স্ত্রী হিসেবে দান করবে।

(৬) এবং পরিবার পরিজনদের মধ্য হতে, জাহান্নাম অবধারিত এমন সত্তরজনকে আল্লাহ রাব্বুল আলামীন শহীদের বিশেষ সুপারিশে জান্নাত দান করবেন। (তিরমিযী)

ওহে পাঠক বন্ধ আমার, জানিনা লাভের কথা আপনার কতটুকু বুঝে আসছে। লাভ যে কোন প্রকারের হোক না কেন পাবেন যে তা নিশ্চিত, এতটুকু ঈমান রেখে জিহাদের ময়দানে ছুটে আসুন। সারাদিন পরিশ্রম করে যখন তাবুতে ঘুমাতে আসবেন আর নিশ্চিন্তে ঘুমাবেন তখনই আল্লাহ আপনাকে এর বাস্তবতা স্বপ্নের মধ্যে দেখিয়ে দিবেন, ইনশাআল্লাহ। এটা আমার নিকট পুর্ণ বিশ্বাস রয়েছে। ইতিহাসেও এর বহু প্রমাণ রয়েছে। আফগান জিহাদের একটি বাস্তব ঘটনা আপনার সামনে পেশ করছি- "আখতার মাহমুদ নামে পাকিস্তানি মুজাহিদ। বয় আনুমানিক ২০ বছর। যখন সে জিহাদের ময়দানে রওয়ানা হচ্ছে তখন তার অবয়ব এক অপার্থিব জ্যোতির ঝলকে জ্বলতে লাগল, সকলে চারদিকে অবাক তাকিয়ে দেখতো। একবার গরদেজ রনাঙ্গনে যুদ্ধে শরীক হওয়ার জন্য রওয়ানার সময় নূরের জ্যোতিতে ঝলসে উঠছিল তার চেহারা। মনে হচ্ছিল তার শরীর যেন নূরের এক উজ্জল টুকরো। মিষ্টি আমেজে জ্বল জ্বলে আভা আলো বিস্তৃত হচ্ছে সমস্ত উপত্যকায়। এই বেহেশতী মানুষটিকে নয়ন ভরে সকলে দেখছে, দ্বিতীয়বার তার সাথে দেখা হবে কিনা কে জানে! উপস্থিত মুজাহিদ বন্ধুরা তার নিকট বিনীত অনুরোধ করে বলছে, "ভাই আখতার! যদি শহীদ হয়ে যাও তবে কিয়ামতের দিন আমাদের জন্য আল্লাহর দরবারে অবশ্যই সুপারিশ করবে।" প্রচন্ড শীত বইছে, সমস্ত উপত্যকা বরফে ঢেকে গেছে। এমন পরিস্থিতিতে সে গোসল করছে। তাকে জিজ্ঞেস করা হল, প্রচন্ড ঠান্ড বরফ-পানিতে তুমি কেন গোসল করছ? বলল- "মনে হচ্ছে আগামীকাল আমার আনন্দ ঘন বিয়ে অনুষ্ঠিত হবে।" ঐ গরদেজ রনাঙ্গনে তুমুল লড়াইয়ে এক পর্যায়ে সে বুকে গুলিবিদ্ধ হয়ে শাহাদাত লাভে ধন্য হয়। পরম প্রাপ্তি ও আনন্দের হাসি হেসে নশ্বর দুনিয়া ত্যাগ করে অনন্ত জগত জান্নাতের পথে যাত্রা করে। সত্যিই পরদিন তার শুভ বিবাহ অনুষ্ঠিত হয়েছিল। তবে এ জগতের কোন তন্বী-তরুনীর সাথে নয়, জান্নাতের হুরদের সাথে তার মধুমিলন ঘটেছিল। এর চেয়ে সৌভাগ্যের বিষয় আর কি হতে পারে বলুন।

**(৪৭) বল- জিহাদে অবতীর্ণ হলে অন্যান্যদের তুলনায় আমাদের মর্যাদা কি পরিমাণ বৃদ্ধি পাবে?**

"গৃহে উপবিষ্ট মুসলমান যাদের কোন সঙ্গত ওজর নেই এবং ঐ মুসলমান যারা জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে, সমান নয়। যারা জান ও মাল দ্বারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথে আল্লাহ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহিদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন। (নিসা-৯৫)

এই মর্যাদা এ জন্য যে, তারা আপন জীবন আল্লাহর নিকট সোপর্দ করার দৃঢ় অঙ্গিকার গ্রহণ করেছে। একেই বলে মুসলিম জীবনের মেরাজ, এটাই আল্লাহর দাসত্বের শ্রেষ্ঠ স্তর। আমার সবচেয়ে মূল্যবান জিনিস জীবন ও সম্পদ সাহসের সাথে আল্লাহর নিকট সোপর্দ করার চেয়ে উত্তম কাজ আর কি হতে পারে? পবিত্র কোরআনের এই আয়াতে সে কথাই বলা হয়েছে। বিজ্ঞ আলিমগণ লিখেছেন, আয়াতে উল্লিখিত اَلْقَاعِدِيْنَ শব্দটি দ্বারা নির্দিষ্ট কোন শ্রেণীকে বুঝানো হয়নি। বরং প্রত্যেক যুগের তাদের সকলকে বলা হয়েছে, যারা জিহাদে অংশ গ্রহণ না করে ঘরে বসে আছে, জিহাদী জীবন অবলম্বন না করে জিহাদকে উপেক্ষা করছে। জিহাদ ও মুজাহিদদের সাহায্য সহযোগিতায় অবহেলা ও উন্নাসিকতা দেখিয়েছে। এরা সকলে ঐ উপবিষ্টদের অন্তর্ভূক্ত। আয়াতে যে উপবিষ্টদের উপর জিহাদকারীদের বিশেষ সম্মানের কথা বলা হয়েছে এবং যে উপবিষ্টদের কল্যাণের ওয়াদা দেওয়া হয়েছে, তারা ঐ সকল উপবিষ্ট লোকগণ, যাদের জন্য ফরজে কেফায়া। কারণ, ফরজে আইন হওয়ার পরও যদি কেউ জিহাদে অংশ গ্রহণ না করে, তাহলে তার সাথে আল্লাহ্‌র কল্যাণের ওয়াদা করার প্রশ্নই আসেনা। কারণ, সে তো মুনাফেক।

কিছু লোক আছে, যারা রাত-দিন সমানে ইবাদত করতে থাকে, ফযায়েল-ফযিলত পালনে দারুণ আগ্রহ দেখায়, হাবভাবে বুযুর্গী প্রকাশ করে। এদের চেয়ে সেই ব্যক্তি বহুগুণে শ্রেষ্ঠ ও আল্লাহর প্রিয় পাত্র, যিনি ফযায়েল-ফযিলত ফালনের সময় বেশী পাননা বটে, তবে তিনি জিহাদী জিন্দেগী গ্রহণ করেছেন এবং ময়দানে ইসলামের শত্রুর মোকাবেলায় বুক টান করে দাঁড়িয়ে যুদ্ধ করে যাচ্ছেন। একথা পবিত্র কোরআনের স্পষ্ট আয়াত দ্বারা প্রমাণিত।

"তোমরা কি হাজীদের পানি সরবরাহ ও মসজিদুল হারাম আবাদ করণকে সেই লোকের সমান মনে কর, যে ঈমান রাখে আল্লাহ ও শেষদিনের প্রতি এবং যুদ্ধ করেছে আল্লাহর রাহে, এরা আল্লাহর দৃষ্টিতে সমান নয়, আর আল্লাহ জালেম লোকদের হেদায়েত করেন না। যারা ঈমান এনেছে, দেশ ত্যাগ করেছে এবং আল্লাহর রাহে নিজের মাল ও জান দিয়ে জিহাদ করেছে, তাদের বড় মর্যাদা রয়েছে আল্লাহর কাছে, আর তারাই সফলকাম।" (তাওবাহ- ১৯,২০)

এই আয়াতগুলি একটি ঘটনার প্রেক্ষিতে নাযিল হয়েছে যা মুসলিম শরীফে নোমান বিন বশির থেকে এভাবে বর্ণিত হয়েছে- "এক জুমার দিন তিনি কতিপয় সাহাবার সাথে মসজিদের নববীতে (সাঃ) মিম্বরের পাশে বসা ছিলেন। উপস্থিত একজন বললেন, ইসলাম ও ঈমানের পর আমার দৃষ্টিতে হাজিদের পানি সরবরাহের মত মর্যাদা সম্পন্ন আর কোন আমল নেই এবং এর মোকাবেলায় আর কোন আমলের ধার আমি ধারিনা। তাঁর উক্তি খন্ডন করে অপরজন বললেন, আল্লাহর রাহে জিহাদ করার মত উত্তম আমল আর নেই। এভাবে দু'জনের মধ্যে বাদানুবাদ চলতে থাকে। হযরত ওমর ফারুক (রাঃ) তাদের ধমক দিয়ে বললেন, রাসূলুল্লাহর মিম্বরের কাছে শোরগোল বন্ধ কর। জুমার নামাজের পর স্বয়ং হযরতের কাছে বিষয়টি পেশ কর। কথা মত বিষয়টি তাঁর কাছে রাখা হয়। এর প্রেক্ষিতেই উপরোক্ত আয়াত নাযিল হয় এবং এতে মসজিদের রক্ষণাবেক্ষণ ও হাজিদের পানি সরবরাহের উপর জিহাদকে প্রাধান্য দেয়া হয়। (মা'রিফুল কোরআন বাংলা-৫৫৮ পৃঃ)

মোট কথা ইসলাম গ্রহণের পর ঈমান ও জিহাদের মর্যদা মসজিদুল হারামের রক্ষণাবেক্ষনও হাজীদের পানি সরবরাহের তুলনায় অনেক বেশী। তাই যে মুসলমান ঈমান ও জিহাদে অগ্রগামী, সে জিহাদে অনুপস্থিত মুসলমানের চেয়ে অধিক মর্যাদার অধিকারী। এখন, ঈমান যে, সকল আমলের মূল ও সকল এবাদতের চেয়ে আফযল এবং জিহাদ যে মসজিদ আবাদ ও হাজীদের পানি সরবরাহ থেকে উত্তম, তা কোন সূক্ষ্ম তত্ত্ব বা দূর্বোধ্য বিষয় নয়; বরং একান্ত পরিস্কার কথা।

এবার আল্লাহ প্রদত্ত এই সুউচ্চ মর্ষাদার অধিকারী হওয়ার জন্যে আপনি ছুটে আসুন জিহাদের ময়দানে এবং অবলম্বন করুন জিহাদী জিন্দেগী।

**(৪৮) বল- ময়দানে মাহশরে কি আমরা এ জিহাদ সম্পর্কে জিজ্ঞাসিত হব?**

"তোমরা কি মনে কর যে, তোমাদের ছেড়ে দেওয়া হবে এমনি, যতক্ষণ না আল্লাহ জেনে নেবেন তোমাদের কে যুদ্ধ করেছে এবং কে আল্লাহ ও তাঁর রাসুল এবং মুসলমানদের ব্যতিত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করা থেকে বিরত রয়েছে। আর তোমরা যা কর সে বিষয়ে আল্লাহ সবিশেষ অবহিত। (তাওবাহ-১৬) আমি শুরুতেই উল্লেখ করেছি- জিহাদ ফরজ করাতে আল্লাহ তায়ালার উদ্দেশ্য হল মুসলমানদের পরীক্ষা করা। কে নিষ্ঠাবান মুসলমান, কে দুর্বল ঈমান সম্পন্ন ও কে মুনাফিক। উপরোক্ত আয়াতে আল্লাহ তায়ালা বলেন- তোমরা কি মনে কর যে, শুধু কলেমার মৌখিক উচ্চারণ ও ইসলামের দাবী শুনে তোমাদের এমনিতে ছেড়ে দেয়া হবে? অথচ আল্লাহ প্রকাশ্য দেখতে চান কারা আল্লাহর রাহে জিহাদকারী এবং কারা আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদের ব্যতিত আর কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ

